উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ


সেনসেক্স : ৭৪,৬১৬.৫৮ (+৫০৯.৭৩)
নিফটি : ২৩,১২৩.৬৫ (+১৫৫.৪০)



মমতার ফেভারিট প্রার্থী ‘বালু’ ৫

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| শিলিগুড়ি | | জলপাইগুড়ি | | কোচবিহার | | আলিপুরদুয়ার | |
|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন | সর্বোচ্চ | সর্বনিম্ন |
| ৩১° | ১৯° | ৩১° | ২০° | ৩০° | ১৯° | ২৮° | ১৬° |




জ্বালানি সংকটে মহার্ঘ বিমানভাড়া ৭



টলিউডে নিষিদ্ধ লীনার সংস্থা
উঠল কর্মবিরতি ৮

শিলিগুড়ি ২৪ চৈত্র ১৪৩২ বুধবার ৫.০০ টাকা 8 April 2026 Wednesday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 318




# পদ্মের লক্ষ্যপূরণ

## নাম বাদে পশ্চিমবঙ্গকে ছাপিয়ে তামিলনাড়ু

**অরূপ দত্ত**

**কলকাতা, ৭ এপ্রিল :** বিজেপির লক্ষ্যই পূরণ হয়ে গেল ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর)-তে। অনেক আগে শুভেন্দু অধিকারীরা দাবি করেছিলেন, এসআইআর হলে বাংলায় অন্তত এক কোটি অনুপ্রবেশকারী ও রোহিঙ্গার নাম বাদ যাবে। বাস্তবে কোনও অনুপ্রবেশকারী বা রোহিঙ্গার নাম বাদ গিয়েছে- এমন তথ্য নেই। তবে নির্বাচন কমিশন প্রকাশিত চূড়ান্ত তালিকায় প্রায় ৯১ লক্ষ নাম বাদ পড়েছে। যে সংখ্যাটি বিজেপির লক্ষ্যমাত্রার কাছাকাছি।

ভোটার তালিকায় এই ‘সার্জিক্যাল স্ট্রাইকে’ পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি কোপ পড়েছে মুসলিম প্রভাবিত জেলাগুলিতে। ভোটার ছাঁটাইয়ের তালিকায় তাই শীর্ষে উত্তর ২৪ পরগনা। এই জেলায় ১২ লক্ষ ৬০ হাজারের বেশি নাম বাদ পড়েছে। দ্বিতীয় স্থানে মুর্শিদাবাদ। নবাবের জেলায় বাতিলের খাতায় চলে গিয়েছে ৭ লক্ষ ৪৮ হাজারের বেশি ভোটার।

উত্তরবঙ্গে বাতিলের তালিকা সবচেয়ে দীর্ঘ মালদা জেলায়। দ্বিতীয় ও তৃতীয় স্থানে আছে উত্তর দিনাজপুর ও কোচবিহার। মালদায় বাতিল ভোটারের মোট সংখ্যা ৪ লক্ষ ৫৯ হাজারের বেশি। উত্তর দিনাজপুর ও কোচবিহার জেলায় ওই সংখ্যা যথাক্রমে ৩ লক্ষ ৬৩ হাজার ও ২ লক্ষ ৪২ হাজারের বেশি। সোমবার গভীর রাতে নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী বাংলায় মোট ৯০ লক্ষ ৮৩ হাজার ৩৪৫ জনের আর ভোটাধিকার রইল না।

যদিও গোটা দেশের নিরিখে সবচেয়ে বেশি ভোটার কমেছে তামিলনাড়ুতে। ওই রাজ্যে ৯৭.৩৭ লক্ষ নাম আর ভোটার তালিকায় নেই। এসআইআর প্রক্রিয়া শেষ হলে উত্তরপ্রদেশ অবশ্য সব রাজ্যের ওপরে ঠাঁই পাবে ভোটারের নাম বাদ দেওয়ার ক্ষেত্রে।

খসড়া ভোটার তালিকাতেই যোগীরাজ্যে বাদ গিয়েছেন ২.৮৯ কোটি ভোটার। বাংলায় বাদ পড়া ৯০ লক্ষ ৮৩ হাজার নাম শতাংশের বিচারে ভোটার তালিকার প্রায় ১১ শতাংশ।

এর মধ্যে বিচারাধীন অবস্থায় থেকে যাঁরা বাদ পড়লেন পশ্চিমবঙ্গে, তাঁরা ট্রাইবিউনালে আবেদন করার সুযোগ পাবেন। যদিও সেই ট্রাইবিউনাল এখনও কাজ শুরু করেনি। কাজের পদ্ধতিও এখনও ঠিক হয়নি। সবে সুপ্রিম কোর্টের নির্দেশে ওই পদ্ধতি ঠিক করতে হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল তিনজনের একটি কমিটি গড়েছেন। যে কমিটিতে আছেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম, অবসরপ্রাপ্ত দুই বিচারপতি প্রদীপ্ত রায় ও প্রণবকুমার দেব।

এরপর দশের পাতায়




### উদ্বেগের SIR

উত্তরে কোন জেলায় কত* বাদ

| জেলা | সংখ্যা |
|---|---|
| কোচবিহার | ১২০৭২৫ |
| আলিপুরদুয়ার | ৩৬০৭৮ |
| জলপাইগুড়ি | ৩৫৩৫৬ |
| কালিম্পং | ২৪০৭ |
| দার্জিলিং | ৪৪২৩০ |
| উত্তর দিনাজপুর | ১৭৬৯৭২ |
| দক্ষিণ দিনাজপুর | ৭৬৭৬৮ |
| মালদা | ২৩৯৩৭৫ |

*বিচারাধীন তালিকা থেকে বাদ পড়া সংখ্যা




বিচারাধীন তালিকা থেকে সবথেকে বেশি বাদ মুর্শিদাবাদে। ৪,৫৫,১৩৭ ভোটার।

**প্রশ্ন যেখানে**

- বাদ পড়া ভোটারদের ভবিষ্যৎ কী?
- ভোটার তালিকা থেকে তো বাদ, নাগরিকত্বের কী হবে?
- এখনও বহু ভোটার বিবেচনাধীন। তাঁদের ছাড়াই ভোট হবে বঙ্গে। সংবিধান কি সে কথা বলে?



## ভোটাধিকার হারিয়ে ট্রমার শিকার

**রণবীর দেব অধিকারী**

**ইটাহার, ৭ এপ্রিল :** ভোট এবার মোটেও উৎসব নয়, ওঁদের কাছে বর্তমানে রীতিমতো মূর্তিমান এক আতঙ্ক হিসেবে উপস্থিত হয়েছে। এসআইআর-এর কোপে ভোটাধিকার হারানো বহু মানুষের রাতের ঘুম উড়েছে। আতঙ্ক ওঁদের এতটাই গ্রাস করছে যে কেউ কেউ ট্রমার শিকার হয়ে পড়ছেন। প্রয়োজনীয় নথিপত্র নিয়ে ট্রাইবিউনালে আবেদনের জন্য ছোটাছুটির পাশাপাশি অনেকেই ট্রমা সারাতে চিকিৎসকের কাছে ছুটে যাচ্ছেন। ইটাহার সহ বিভিন্ন জায়গার ডিলিটেড ভোটাররা কেউ কেউ ডিটেনশন ক্যাম্পের ফোবিয়ায় আক্রান্ত হচ্ছেন বলেও খবর। ওষুধ দিয়ে চিকিৎসকরা সাময়িকভাবে মানসিক সমস্যা মেটাচ্ছেন বটে, কিন্তু কী করলে তা সমূলে নিকেশ করা সম্ভব হবে সেই হদিস দিতে ব্যর্থ। তবে তাঁদের কেউ কেউ অবশ্য এই মানুষদের পাশে সাধ্যমতো দাঁড়াচ্ছেন।

রায়গঞ্জ মেডিকেল কলেজের জেনারেল মেডিসিন বিভাগের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হাফিজুর রহমানও তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতার ঝুলি থেকে এমন ভূরিভূরি রোগীর উদাহরণ দিচ্ছেন,

এরপর দশের পাতায়




# সভ্যতা ধ্বংসের হুমকি ট্রাম্পের

## ‘মানব ঢালে’ বিদ্যুৎকেন্দ্র বাঁচাতে মরিয়া ইরান

**ওয়াশিংটন ও তেহরান, ৭ এপ্রিল :** ‘আজ রাতের মধ্যেই একটা গোটা সভ্যতা ধুলোয় মিশিয়ে দেব। হয় জলপথ খোলো, নয়তো নরকের জন্য তৈরি হও’- মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের এই চরম হুঁশিয়ারিতে এখন কাঁপছে পশ্চিম এশিয়া। হরমুজ প্রণালী খুলে দেওয়ার জন্য ট্রাম্পের বেঁধে দেওয়া সময়সীমা যত এগোচ্ছে, যুদ্ধের মেঘ তত ভয়াল আকার নিচ্ছে।

মঙ্গলবার রাত ৮টার (ভারতীয় সময় বুধবার ভোর সাড়ে ৫টা) মধ্যে ইরান যদি এই কৌশলগত জলপথ সচল না করে, তবে দেশটির সব বিদ্যুৎকেন্দ্র আর সেতু বোমা মেরে উড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছেন ট্রাম্প। আমেরিকার ধ্বংসাত্মক হুমকির মুখে ইরান দেশের তরুণ প্রজন্ম, শিল্পী, ক্রীড়াবিদ ও ছাত্রদের প্রতি আহ্বান জানিয়েছে, যেন তাঁরা বিদ্যুৎকেন্দ্রগুলির সামনে মানবশৃঙ্খল গড়ে তোলেন।

ইরানের যুব ও ক্রীড়া বিষয়ক উপমন্ত্রী আলিরেজা রহিমি বলেছেন, ‘আমাদের জাতীয় সম্পদ রক্ষায় আমরা হাতে হাত মিলিয়ে দাঁড়াব। জন পরিষেবা পরিকাঠামোয় হামলা চালানো একটি যুদ্ধাপরাধ।’ অতীতেও পারমাণবিক কেন্দ্র রক্ষায় ইরান ‘হিউম্যান চেন’ ব্যবহার করেছে। ইরানের স্বেচ্ছাসেবী বাহিনী ‘বাসিজ’-এ ১২ বছর বয়সি শিশুদের নামও নথিভুক্ত করা হচ্ছে।

তেহরানের তরফে ট্রাম্পের উদ্দেশ্যে বিবৃতিতে বলা হয়েছে, ‘আপনি এবং আপনার সঙ্গীদের ইরানের প্রাচীন সভ্যতা এমন শিক্ষা দেবে যা আপনারা কোনও দিন ভুলবেন না।’ শুধু ইরান নয়, ট্রাম্পের হুমকিকে যুদ্ধাপরাধ হিসেবে দেখছে রাষ্ট্রসংঘ ও বিভিন্ন দেশ। নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লাক্সন ট্রাম্পের বক্তব্যকে ‘অগ্রহণযোগ্য’ বলেছেন।

মার্কিন প্রশাসনের কর্তারাও দেশের প্রেসিডেন্টের এই বক্তব্যে স্তম্ভিত। ওই কর্তাদের একজন মঙ্গলবার বলেন, ‘প্রেসিডেন্ট এখন রক্তপিপাসু কুকুরের মতো আচরণ করছেন।’ যদিও আমেরিকার ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের বক্তব্য, ‘আমাদের ঝুলিতে এমন অস্ত্র আছে, যা আগে কখনও ব্যবহার করিনি।’

অন্যদিকে, তুরস্কের ইরানি দূতাবাস এক্স পোস্টে ইঙ্গিতপূর্ণভাবে লিখেছে, ‘হে ঈশ্বর, আগামীকাল।’ ওই পোস্টে লেখা রয়েছে, ‘আলেকজান্ডার পুড়িয়ে ছিলেন, মোঙ্গলরা ধ্বসং করেছিল। কিন্তু ইতিহাস প্রমাণ করেছে, ইরান আজও দাঁড়িয়ে আছে। এক সাইকোপ্যাথের হুমকিতে এমন কিছু হবে না, যা সময় করতে পারেনি।’

রণংদেহি মেজাজে এখন ইরান।

এরপর দশের পাতায়



*দাঁড়িয়ে দেখছি শেষটা।। তেহরানে অবাক চোখে ইরানি নাগরিক।*




# ভোটে ব্যস্ত কর্তারা, লাটে পরিষেবা

## ফাঁকা পুরসচিবের পদ, ফিরে যাচ্ছেন নাগরিকরা

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** ভোট বলে কথা, মানুষের দরজায় দরজায় ঘুরে ভোট ভিক্ষা চাইছেন প্রার্থীরা। অথচ সেই মানুষই বিভিন্ন প্রয়োজনে পুরনিগমে এসে হতাশ হয়ে ফিরে যাচ্ছেন। কেননা ভোট আবহে পুরনিগমে কার্যত ছুটির আমেজ। অধস্তন কর্মীরা থাকলেও উচ্চপদস্থ আধিকারিক, মেয়র থেকে মেয়র পারিষদ কেউই খুব প্রয়োজন ছাড়া পুরনিগমে আসছেন না। এরই মধ্যে আবার পুরনিগমে সচিব নেই। নির্বাচন কমিশন গত মাসে পুর সচিব অনাবিল দত্তকে বদলি করলেও নতুন করে কাউকে এখানে দায়িত্বে পাঠানো হয়নি। ফলে সমস্যা আরও বেড়েছে।

পুরনিগমের কমিশনার অশ্বিনী রায় বলেছেন, ‘প্রয়োজনে সবাই আসছেন। সমস্যা কিছু হচ্ছে না। সচিবের সমস্ত কাজকর্ম ফিন্যান্স অফিসারকে অস্থায়ীভাবে দেখতে বলা হয়েছে।’ ডেপুটি মেয়র রঞ্জন সরকারও দাবি করেছেন, প্রতিদিন তিনি অন্তত এক ঘণ্টার জন্য পুরনিগমে বসছেন।

প্রতিদিন শহরের প্রচুর মানুষ বিভিন্ন প্রয়োজনে পুরনিগমে আসেন। মেয়র, ডেপুটি মেয়র, মেয়র পারিষদদের প্রচুর কাজকর্ম থাকে, যেগুলি নিয়মিতই দেখভাল করতে হয়। মানুষ প্রয়োজনে এলে তাঁদের সেই সমস্যাগুলির সমাধানের দায়িত্বও পুরকর্তাদের ওপর থাকে। কিন্তু গত ১৫ মার্চ ভোট ঘোষণা হওয়ার পর থেকেই মেয়র, ডেপুটি মেয়র, মেয়র পারিষদরা ধীরে ধীরে পুরনিগমে আসা বন্ধ করে দিয়েছেন। খুব প্রয়োজন হলে মেয়র গৌতম দেব পুরনিগমে কিছুক্ষণের জন্য আসছেন। বেশিরভাগ মেয়র পারিষদও একই কাজ করছেন। বিষয়টিতে রীতিমতো শোরগোল পড়েছে শহরজুড়ে। ভোট ঘোষণার পর প্রথমদিকে বহু লোক এসে ঘুরে গেলেও, এখন পুরনিগমে কাজে আসা লোকজনের সংখ্যা কমতে শুরু করেছে। তাঁরা ধরেই নিয়েছেন ভোটপর্ব না শেষ হওয়া পর্যন্ত পরিস্থিতি বদলাবে না।

সোমবারের পর মঙ্গলবারও দুপুরে পুরনিগমে ঢুঁ মেরে সেই খুব বেশি লোকজন দেখা গেল না। পুরোনো বিল্ডিংয়ে রবীন্দ্র সংগীত বাজছে ঠিকই, কিন্তু সেই গান শোনার লোকজনেরও বড্ড অভাব। মেয়র পারিষদ থেকে কাউন্সিলার, ডেপুটি মেয়রের ঘরে উঁকি মারতেই ভিতর থেকে সহকারী বলে উঠছেন, কেউ আসেননি। ভোট না পেরোলে কাউকেই পাবেন না।

পানীয় জল সংক্রান্ত সমস্যা নিয়ে মেয়র পারিষদের সঙ্গে কথা বলতে এসেছিলেন ১০ নম্বর ওয়ার্ডের বাসিন্দা শংকর রায়। এঘর, ওঘর ঘুরে মেয়র পারিষদ সহ অন্য আধিকারিককে না পেয়ে তিনি নীচে নেমে আসেন। পরে বললেন, ‘আমাদের পাড়ায় তিন-চারদিন ধরে জল আসছে না। মাঝেমধ্যেই জলের সমস্যা হচ্ছে। তাই মেয়র পারিষদের সঙ্গে দেখা করতে এসেছিলাম। অফিস থেকে বলল, ভোটের পরে আসুন।’

এরপর দশের পাতায়




*শিলিগুড়ি পুরনিগমে খাঁ খাঁ করছে করিডর।*

# ল্যাজ গুটিয়ে দৌড় লালু, ভুলুদের

**মোস্তাক মোরশেদ হোসেন**

**বীরপাড়া, ৭ এপ্রিল :** বীরপাড়া চা বাগানের হরক লাইন এলাকায় ঘুরে বেড়াচ্ছে চিতাবাঘ! থাবায় ঘায়েল হয়েছেন এক তরুণ। খাঁচা পেতে চিতাবাঘ ধরতে টোপ হিসেবে একটা ছাগল দরকার। কিন্তু বীরপাড়া চা বাগানের হরক লাইনের বাসিন্দারা ছাগল দিতে নারাজ। ওরা বলছেন, চিতাবাঘ দেখে ছাগল ভয়ে অজ্ঞান হতে পারে। হার্ট অ্যাটাকে মারাও যেতে পারে। মঙ্গলবার ছাগলের পরিবর্তে খাঁচায় টোপ হিসেবে কুকুর ধরতে নামেন তরুণরা। আর এমন 'মতিগতি' দেখে ল্যাজ গুটিয়ে চম্পট মহল্লার লালু, কালু, ভুলুর মতো বেওয়ারিশ নেড়িদের!

বিকেলে হাড় জিরজিরে চেহারার একটা নেড়িকে বিস্কুটের লোভ দেখিয়ে খাঁচার কাছে নিয়ে যান এলাকার তরুণরা। কিন্তু খাঁচা দেখে বিস্কুট ফেলে সেও চম্পট!

এদিকে, চিতাবাঘের আতঙ্কে থরহরিকম্প অবস্থা স্থানীয়দের। সোমবার সন্ধ্যায় গৌতম এক্কা নামে এক তরুণ চিতাবাঘের আক্রমণে আহত হন। বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে চিকিৎসাধীন তিনি। তাঁকে ৪-৫ দিন পর ছাড়া হবে, জানান চিকিৎসকরা। সোমবার সন্ধ্যায় হরক লাইনে খাঁচা নিয়ে যান বনকর্মীরা। কিন্তু মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত খাঁচায় রাখতে ছাগল কিংবা কুকুর মেলেনি।

চিতাবাঘ ধরতে পাতা খাঁচায় দুটি কক্ষ থাকে। একটি কক্ষে ছাগল জাতীয় প্রাণীকে টোপ হিসেবে রাখা হয়। পাশের কক্ষের ঝাঁপ খোলা রাখা হয়। খোলা ঝাঁপ দিয়ে ভেতরে ঢুকতেই বন্ধ হয়ে যায় ঝাঁপ। আটকা পড়ে চিতাবাঘ। অথচ ছাগলের ক্ষতি হয় না। হরক লাইনের কমবেশি প্রত্যেকটি বাড়িতেই ছাগল রয়েছে।



*টোপ নেই। কাজে লাগছে না বীরপাড়া চা বাগানে পাতা খাঁচা।*

কিন্তু খাঁচায় টোপ বানাতে ছাগল দিতে রাজি নন কেউ। বনকর্মীরা বলছেন, 'আপনারা ছাগল না দিলে আমরা পাব কোথায়? সরকার তো আমাদের ছাগল দেয় না!'

দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায় তাঁদের বলছেন, 'আটকে পড়া চিতাবাঘ ছাগলের কোনও ক্ষতি করতে পারবে না। কারণ দুটি প্রাণী থাকে দুটি আলাদা কক্ষে।'

এলাকার দীনেশ এক্কা বলছেন, 'ছাগল অত্যন্ত ভীতু প্রাণী। অত কাছে চিতাবাঘ দেখে অজ্ঞান হয়ে যেতে পারে ছাগল। এমনকি মরেও যেতে পারে। তাই সারাদিন কুকুর ধরার চেষ্টা করেছি!'

টোপ হিসেবে কুকুর ব্যবহার করেও চিতাবাঘ ধরা সম্ভব, সেকথা বলছেন দলগাঁওয়ের রেঞ্জ অফিসার ধনঞ্জয় রায়ও। তবে কুকুর জেগে থাকলে, বিশেষ করে ঘেউ ঘেউ করলে সাধারণত চিতাবাঘ আক্রমণ করতে চায় না। তিনি বলছেন, 'কুকুর ঘুমিয়ে থাকলে চিতাবাঘ ঝাঁপিয়ে পড়ে। দপ্তরের কাছে টোপ হিসেবে ব্যবহার করার মতো কোনও প্রাণীও নেই।' এদিকে, টোপ হিসেবে ছাগল কেন দিতে হবে স্থানীয়দের, প্রশ্ন চা শ্রমিকদের। সেই দায়িত্ব কেন বন দপ্তর নেবে না, সেই প্রশ্ন তুলেছেন তাঁরা। আবার টোপ হিসেবে ছাগল ব্যবহার করতে দিলে বন দপ্তর টাকাকড়ি দেবে কি না তা জানতেও উৎসুক এলাকার অনেকে। তবে রেঞ্জ অফিসার বলছেন 'টোপের জন্য টাকাকড়ি দেওয়ার বিধি নেই।'

# বঞ্চনা বনাম বিভাজনের লড়াই

**প্রতিটি বিধানসভা এলাকা একেকটি জীবন্ত জনপদ। তার নিজস্ব রসায়ন আছে। একেক বিধানসভায় রাজনীতির বোঝাপড়া একেকরকম। আজ নজরে মালদা**

ভোটের অঙ্ক

**জসিমুদ্দিন আহম্মদ**

**মালদা, ৭ এপ্রিল :** নির্মীয়মাণ বহুতলটি বহুদূর থেকে দেখা যায়। মরশুমি ফল বিক্রেতা নব ঘোষের দোকানে বসে গুনে গুনে ভানু সাহা বললেন, ছ'তলা হয়েছে। আরও দুটো তলা উঠবে। স্বপন মণ্ডল ফুট কাটলেন, আটতলার অনুমতি দেওয়ার ক্ষমতা কিন্তু পুরসভার নেই। শুনে গলায় ঝাঁঝ ভানুর। বললেন, 'আরে ভাই, টাকায় সব হয়। জলাজমি ভরাট করে বহুতল হয়। পুরাতন মালদা শহরে কোন কাজটা আইন মেনে হয় শুনি?'

বাস্তবে জমি মাফিয়া আর প্রোমোটাররাজ মালদার অন্যতম বৈশিষ্ট্য। কাদের মদতে এসব চলে, তা সবার জানা। ভানু বলছিলেন, ভাগ চলে যায় সব প্রভাবশালীর পকেটে।' পুরাতন মালদা শহরের হৃৎপিণ্ড মঙ্গলবাড়ি চৌরঙ্গি মোড়ের আড্ডায় সবাই ক্ষোভ উগরে দিচ্ছিলেন পুরসভার প্রতি। জমি মাফিয়া ও প্রোমোটাররাজের যুগলবন্দিতে গত এক দশকে ভোল পালটেছে শহরটার।

সবুজ গাছপালা বলে আর কিছু নেই। পুরো শহরটা এখন কংক্রিটে মোড়া। রোজই নির্বিচারে চলছে সবুজ নিধন। শহরের প্রায় সব জলাশয়ই বুজিয়ে ফেলা হয়েছে। রেহাই দেওয়া হয়নি ছোট পুকুরগুলোকেও। আধুনিক শহর গড়ার অজুহাতের এই বেআইনি কর্মযজ্ঞে আখের গুছিয়ে নিচ্ছেন রাজনৈতিক নেতারাও। বাতাসে ভাসে, এতে নাকি দলের ভেদ নেই। সব দলের কাউন্সিলারদের নাকি চরম বোঝাপড়া।

মালদার বিধায়ক বিজেপির গোপালচন্দ্র সাহা। তাঁকে কেউ কোনওদিন পুর বোর্ডের বিরোধিতা করে আন্দোলন করতে দেখেননি। পুরাতন মালদা শহরের বাইরে মালদা বিধানসভা কেন্দ্রের ৬টি পঞ্চায়েত। তার মধ্যে হবিবপুর ব্লকের ৩টি, ইংরেজবাজারের ১টি। তৃণমূল আমলে ১০০ দিনের কাজ সহ নানা প্রকল্পে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটেছে সন্দেহ নেই।

তবে এখনও বহু রাস্তা বাকি। প্রতিটি গ্রামে বিদ্যুৎও পৌঁছেছে। কিন্তু কর্মসংস্থান বলে কিছু নেই। চাষাবাদের পরিকাঠামো উন্নয়নে ছবি তুলেছেন। কিন্তু আলুচাষিদের স্বার্থরক্ষায় কোনও উদ্যোগের কথা তাঁর মুখে শোনা যায়নি বলে সন্তোষ জানালেন। পুরাতন মালদা ব্লক প্রাকৃতিক প্রাচুর্যেও ভরপুর। কিন্তু পর্যটন বিকাশেও কোনও উদ্যোগ নেই। ২০১১ সালে তৎকালীন কংগ্রেস বিধায়ক রাজ্যের পর্যটন ও বন দপ্তরকে চিঠি লিখেছিলেন ভাটরা বিলকে কেন্দ্র করে পর্যটনের পরিকাঠামো গড়ে তোলার আর্জি জানিয়ে। সরকার কান দেয়নি। টাঙন থেকে মহানন্দা পর্যন্ত বিস্তৃত এই



বিলের বড় অংশজুড়ে রয়েছে হালনা ফরেস্ট। শীতকালে হাজার হাজার পরিযায়ী পাখি আসে এই বিলে। বর্ষাকালে বিলটি বৃহৎ জলাশয়ের চেহারা নেয়। প্রাকৃতিকভাবে সৃষ্ট ঢেউ অন্যতম আকর্ষণ তখন।

কোনও উদ্যোগ নেই। মহিষবাথানির অমল কিসকু কথায় কথায় বললেন, তৃণমূল নেতারা বাড়িতে এসে লক্ষ্মীর ভাণ্ডার, যুবসাথী, স্বাস্থ্যসাথী ইত্যাদি মনে করিয়ে ভোট চাইছেন। বিজেপি নেতারা বলছেন, তাঁরা ক্ষমতায় এলে অনুদান ডাবল হবে। কিন্তু কেউ চাকরি কিংবা কর্মসংস্থানের কথা বলছেন না।

পুরাতন মালদা ব্লক গোটা রাজ্যে পোখরাজ আলু সরবরাহ করে। ফি বছর উৎপাদিত আলুর পরিমাণ গড়ে প্রায় ৫ লক্ষ মেট্রিক টন। পর্যাপ্ত হিমঘর না থাকায় অনেক কম দামে আলু বেচতে হয় চাষিদের। ভাবুক অঞ্চলের আলুচাষি সন্তোষ রাজবংশী আক্ষেপ করলেন, 'ভোট এলে চাষিদের কথা মনে পড়ে। ভোট মিটলে কারও টিকি দেখা যায় না। ৫ বছরেও বিধায়ক গোপালচন্দ্র সাহার দেখা পাইনি।'

কিছুদিন আগে ভোটের প্রচারে বেরিয়ে জমিতে নেমে মাথায় আলুর বস্তা নিয়ে নাকি বিধায়ক

বঞ্চনা না ধর্মীয় ভেদ- কোন অঙ্ক জিতবে, তার ওপর নির্ভর করছে মালদার ভোটের ভবিষ্যৎ। একুশের ভোটে প্রথম পদ্ম ফুল ফোটে এই কেন্দ্রে। বিধায়ক হন বিজেপির গোপালচন্দ্র সাহা। মানুষের সঙ্গে তিনি যোগাযোগ রাখেননি বলে সর্বত্র অভিযোগ। বিজেপির পক্ষে সাধারণ মানুষের সঙ্গে যেটুকু যোগাযোগ সাংসদ খগেন মুর্মুর সুবাদে বলে সবাই মানেন। অন্যদিকে, মালদা বিধানসভা কেন্দ্র কোনওদিন দখল নিতে পারেনি তৃণমূল। এবার তৃণমূলের তাস জেলা পরিষদের এখনকার সভাধিপতি লিপিকা বর্মন ঘোষ। কংগ্রেসের প্রার্থী পুরোনো মুখ ১০ বছরের বিধায়ক ভুপেন্দ্রনাথ হালদার।

# মিরিকগামী গাড়ির ধাক্কায় মৃত এক

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** ১১০ নম্বর জাতীয় সড়কে মিরিকগামী যাত্রীবাহী গাড়ির ধাক্কায় শালবাড়ি এলাকায় মৃত্যু হল এক ব্যক্তির। মৃত প্রদীপ রাই (৪৪) ওই এলাকারই বাসিন্দা। সোমবার সন্ধ্যায় সুকনায় হাতি বেরোনোর খবর শুনে দেখতে গিয়েছিলেন প্রদীপ। সন্ধ্যা সাড়ে আটটা নাগাদ বাড়ি ফেরার সময় এসআইটি মোড়ে দুর্ঘটনার কবলে পড়েন তিনি। গুরুতর আহত অবস্থায় তাঁকে শালবাড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় রাত সাড়ে বারোটা নাগাদ মৃত্যু হয় প্রদীপের।

এদিকে, দুর্ঘটনার পর আরও একবার ওই রাস্তায় পথবাতিগুলি অকেজো থাকায় প্রশ্ন উঠছে। স্থানীয় মণীশ থাপার কথায়, 'এর আগেও একাধিকবার এই রাস্তায় দুর্ঘটনা ঘটেছে। একাধিক মৃত্যুর ঘটনাও ঘটেছে। এলাকায় সন্ধ্যার পর পর্যাপ্ত আলোর অভাব এর মূল কারণ।' পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত প্রধান মহম্মদ সাহিদ বলেন, 'বিষয়টি নিয়ে একাধিকবার উত্তরবঙ্গ উন্নয়ন

**প্রশ্নের মুখে অকেজো পথবাতি**

দপ্তরকে চিঠি করেছি। এখন তো ভোটের সময় তাই আর কিছু করাও সম্ভব নয়। ভোট পরবর্তীতে ফের অকেজো পথবাতিগুলি সংস্কারের দাবিতে প্রয়োজনীয় চেষ্টা করব।'

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন দুর্ঘটনার পর দুর্ঘটনাগ্রস্ত গাড়িটি নিয়ে পালাবার চেষ্টা করেন চালক। যদিও তাঁকে আটকে দেওয়া হয়। পরে প্রধাননগর থানার পুলিশ পৌঁছে চালক দীনেশ রামুডামুকে গ্রেপ্তার করে। মঙ্গলবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ট্রাফিক) কাজি সামসুদ্দিন আহমেদ বললেন, 'গাড়িটির সামনে চলে আসার কারণেই দুর্ঘটনাটি ঘটেছে। তদন্ত চলছে।' মৃতের দিদি অনীতা রাই বললেন, 'সুকনায় হাতি বেরোনোর কথা শুনে ভাই সেখানে গিয়েছিল। ফেরার সময় দুর্ঘটনার কবলে পড়ে।'

মঙ্গলবার রাতে আট মাইলের কাছে আরেকটি দুর্ঘটনা ঘটে। একটি গাড়ি এবং ট্রাকের সংঘর্ষে গাড়িটি পুরো দুমড়ে-মুচড়ে যায়। ক্ষতিগ্রস্ত হয়েছে ট্রাকটিও। গাড়ি এবং ট্রাকে থাকা মানুষরা আহত হয়েছেন।

## মারধর

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** পারিবারিক সম্পত্তি নিয়ে বিবাদের জেরে এক তরুণীকে মারধরের অভিযোগ উঠল তাঁর কাকার বিরুদ্ধে। মঙ্গলবার ঘটনার পরই শিলিগুড়ির ৩১ নম্বর ওয়ার্ডের শীতলাপাড়ার বাসিন্দা অনিন্দিতা চক্রবর্তী গোটা বিষয়টি নিয়ে এনজেপি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পেশায় আইনজীবী অনিন্দিতার কথায়, 'শুধু আমাকে নয়, আমার মা ও বোনকে কাকা সম্পত্তির জন্য মারধর করেছেন। এমনকি বাড়িতে যাতে প্রবেশ করতে না পারি, সেজন্য তালা মেরে চলে যান।' পুলিশ তদন্ত শুরু করেছে।

**নদীর গতিপথ বদল, নিশানায় এক পরিবার**

# প্লট করে চর বিক্রি খড়িবাড়িতে

**কার্তিক দাস**

**খড়িবাড়ি, ৭ এপ্রিল :** ব্যক্তিগত উদ্যোগে নদীর গতিপথ পরিবর্তনের অভিযোগ উঠল খড়িবাড়িতে। ভোটের মুখে প্রশাসন যখন নির্বাচনি প্রক্রিয়া নিয়ে ব্যস্ত, তখন এমন অভিযোগকে কেন্দ্র করে শোরগোল পড়েছে এলাকায়। প্রশাসনিক ব্যস্ততা এবং নজরদারির অভাবের সুযোগকে কাজে লাগিয়ে নদীতে অর্থমুভার নামিয়ে রাস্তার পাশে নদীর গতিপথ পরিবর্তনের অভিযোগ উঠেছে মেহেনুজ খাতুনের পরিবারের বিরুদ্ধে। নদীর চরে খুঁটি পুঁতে প্লট করে জমি বিক্রির অভিযোগও উঠেছে পরিবারটির বিরুদ্ধে। যদিও ওই পরিবারের দাবি, জমিটি খতিয়ানভুক্ত। গতিপথ পরিবর্তনের জন্য অনুমতি নেওয়া হয়েছে। যদিও এমন কোনও অনুমতি দেওয়া হয়নি জানিয়ে প্রশাসনিক পদক্ষেপের আশ্বাস দিয়েছেন বিডিও এবং ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের রেভেনিউ অফিসার। শুরু হয়েছে রাজনৈতিক তর্জাও।

খড়িবাড়ি ব্লকের বাতাসি হাটখোলার পেছনে রয়েছে বাতাসিয়া নদী। বাতাসি-ফুলবাড়ি চা বাগান যাওয়ার রাস্তার পাশে প্রকাশ্যে সকলের সামনে অর্থমুভার নামিয়ে নদীর গতিপথ পরিবর্তন করেছে মেহেনুজ খাতুনের পরিবার। স্থানীয় বাসিন্দা নীলিমা সিংহের অভিযোগ, 'সম্প্রতি মেহেনুজ খাতুনের ছেলে মহম্মদ পাগলা অর্থমুভার দিয়ে নদীর গতিপথ পরিবর্তন করেছে।' পাশেই মাধব মজুমদারের সাউন্ড



*বাতাসি হাটখোলায় বাতাসিয়া নদীর গতিপথ পরিবর্তন।*

সিস্টেমের দোকান। তিনি বলেন, 'ওদের বাড়ির দিকে নদীটি সরে গিয়েছিল। তাই ওরা নাকি সরকারি অনুমতি নিয়ে গতিপথ পরিবর্তনের কাজ শুরু করেছে।' নদীর গতিপথ পরিবর্তনের কথা স্বীকার করে নিয়ে মেহেনুজ খাতুনের দাবি, 'আমাদের সাত বিঘা খতিয়ানভুক্ত জমির উপর দিয়ে নদীটি প্রবাহিত হচ্ছে। ছেলেরা বিডিও অফিস, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের অনুমতি নিয়েছে। তারপরই অর্থমুভার দিয়ে গতিপথ পরিবর্তন করা হয়েছে।'

কিন্তু এভাবে কি নদীর গতিপথ পরিবর্তন করা যায়, তা নিয়ে প্রশ্ন উঠেছে। খড়িবাড়ি বিডিও দিপ্তি সাউ বলেন, 'কখনওই এভাবে নদীর গতিপথ পরিবর্তন করা যায় না। ওই পরিবারকে নদীর গতিপথ পরিবর্তনের কোনও অনুমতিই দেওয়া হয়নি। খড়িবাড়ি ব্লক ভূমি ও ভূমি সংস্কার আধিকারিককে উপযুক্ত পদক্ষেপের জন্য বলা হবে।' খড়িবাড়ি ব্লক ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের রেভিনিউ অফিসার সমীর বিশ্বাস সাফ জানান, 'দপ্তর থেকে অনুমতি দেওয়া হয়নি। নদী যেখান দিয়ে যায়, সেই জমি খতিয়ানভুক্ত হতে পারে না। ওটা সরকারি খাসজমি।'

ভোটের মুখে নদীর গতিপথ পরিবর্তন হয়ে উঠেছে রাজনৈতিক ইস্যু। বিজেপির ভারতীয় কিষান মোর্চার দার্জিলিং জেলা সম্পাদক সঞ্জয় মণ্ডল বলেন, 'শাসকদলের মদতে তাদের অনুগামীরা খড়িবাড়িতে অসম্ভবকে সম্ভব করছে।'

তৃণমূলের খড়িবাড়ি ব্লক সভাপতি তথা শিলিগুড়ি মহকুমা পরিষদের বন ও ভূমি কর্মাধ্যক্ষ কিশোরীমোহন সিংহের বক্তব্য, 'বিজেপি মিথ্যে অভিযোগ করছে। আইনকে তোয়াক্কা না করে যাঁরা একাজ করেছে, প্রশাসন তাঁদের বিরুদ্ধে উপযুক্ত পদক্ষেপ করুক।'

# পেনশন নিয়ে স্মারকলিপি

**বাগডোগরা, ৭ এপ্রিল :** উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পেনশনার্স অ্যাসোসিয়েশনের তরফে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও ভারপ্রাপ্ত বিত্ত আধিকারিককে মঙ্গলবার স্মারকলিপি দেওয়া হয়।

সংগঠনের সভাপতি শংকরলাল দত্ত বলছেন, 'অর্থ দপ্তরের নির্দেশিকা অনুযায়ী গত ৬ এপ্রিল রাজ্যের উচ্চশিক্ষা দপ্তর বিশ্ববিদ্যালয়ের কর্মী ও পেনশনারদের মহার্ঘ ভাতা প্রদানের জন্য বিস্তারিতভাবে হিসেব চেয়ে রাজ্যের সব বিশ্ববিদ্যালয়কে নির্দেশিকা পাঠিয়েছে। শিক্ষা দপ্তরের সেই নির্দেশিকা নিয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপের জন্য উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পেনশনার্স অ্যাসোসিয়েশনের তরফে ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও ভারপ্রাপ্ত বিত্ত আধিকারিককে স্মারকলিপি দেওয়া হয়েছে।'

এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় পেনশনার্স অ্যাসোসিয়েশনের সহ সভাপতি মদন গুপ্ত, সহ সম্পাদক ফজলুর রহমান প্রমুখ।

## ধৃত ৪

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** অপরাধমূলক কাজের উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে সোমবার রাতে কাশ্মীর কলোনি এলাকায় অভিযান চালিয়ে চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত টিঙ্কু ভুঁইয়া এনজেপি সংলগ্ন সাউথ কলোনির বাসিন্দা, মহম্মদ রুস্তম রাজাহোলরি বাসিন্দা, মানিক বিশ্বাস শান্তিপাড়ার বাসিন্দা ও পার্থ রায় আমবাড়ির বাসিন্দা। ধৃতদের থেকে ধারালো অস্ত্র বাজেয়াপ্ত করা হয়েছে। তাঁদের মঙ্গলবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হয়। বিচারক তাঁদের ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

## মাদক বাজেয়াপ্ত

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** দক্ষিণ দিনাজপুর থেকে শিলিগুড়িতে ব্রাউন সুগার পাচার করার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতের নাম সাহাজাহান সরকার। ধৃতের কাছ থেকে ৬০০ গ্রাম ব্রাউন সুগার বাজেয়াপ্ত করা হয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে মঙ্গলবার রাতে তিনবাত্তি মোড় এলাকা থেকে পুলিশ ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে।

# নাম বাদ নিয়ে চাপানউতোর পদ্ম-ঘাসফুলে

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর খসড়া তালিকাতেই দার্জিলিং জেলায় প্রায় দেড় লক্ষ ভোটারের নাম বাদ পড়েছিল। এবার বিচারাধীন তালিকা থেকেও ৪৪ হাজারের বেশি ভোটার বাদ পড়েছেন। এত বিপুল ভোটারের নাম বাদ পড়ায় কোন পক্ষের সুবিধা, অসুবিধাই বা কার তা নিয়ে অঙ্ক কষা শুরু হয়েছে। তৃণমূল কংগ্রেসের দাবি, চক্রান্ত করে বিজেপি নাম বাদ দিয়েছে। মানুষ বিজেপির ওপরে ক্ষুব্ধ হয়ে রয়েছেন। এর ফায়দা তৃণমূল পাবে। বিজেপির পালটা বক্তব্য, তৃণমূল যখন এতটাই নিশ্চিত তাহলে ঘরে গিয়ে তারা ঘুমিয়ে পড়ুক।

দার্জিলিং জেলার পাঁচটি বিধানসভায় প্রায় ১ লক্ষ ৪৪ হাজার ভোটারের নাম আগেই বাদ গিয়েছিল। জেলায় মোট ৮০ হাজার ৬ জনের নাম বিচারাধীন ছিল। সোমবার নির্বাচন কমিশন যে চূড়ান্ত তথ্য পেশ করেছে তাতে এই জেলার পাঁচটি বিধানসভায় বিচারাধীন থাকা ভোটারদের মধ্যে ৩৫ হাজার ৭৭৬ জনের নাম উঠেছে। বাকি ৪৪ হাজার ২৩০ জনের নাম বাদ পড়েছে। শিলিগুড়ি, মাটিগাড়া-নকশালবাড়ি এবং ফাঁসিদেওয়াতেও বিচারাধীন থাকা প্রচুর ভোটারের নাম শেষপর্যন্ত তালিকায় ওঠেনি। এই নিয়েই রাজনৈতিক চাপানউতোর শুরু হয়েছে।

তৃণমূল কংগ্রেস দাবি করেছে, একেকটি পরিবার পুরোপুরি বাদ চলে গিয়েছে এমন ঘটনা খুব কম রয়েছে। হয়তো পরিবারের সাতজন সদস্যের মধ্যে একজন বা দুজনের নাম বিচারাধীন ছিল। তাঁদের নাম ওঠেনি। তৃণমূলের দার্জিলিং জেলা চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল দাবি করেছেন, 'এটা পুরোপুরি বিজেপির চক্রান্ত। মানুষ এই চক্রান্ত ধরে ফেলেছেন। যে পরিবারের পাঁচজন সদস্যের মধ্যে চারজনের নাম তালিকায় রয়েছে, একজনের নাম বাদ গিয়েছে তাঁরা বিজেপিকে ভোট দেবেন না। এই ভোটগুলি তৃণমূল পাবে।'

বিজেপি অবশ্য দাবি করেছে, তৃণমূল এতদিন ভুয়ো ভোটার, মৃত ভোটারের নামে ছাপ্পা দিয়েছে। এবার আর সেটা করতে পারবে না। শিলিগুড়ির পদ্ম প্রার্থী শংকর ঘোষের

**৪৪ হাজার নেই তালিকায়**

বক্তব্য, 'ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর জেরে প্রচুর ভুয়ো ভোটারের নাম তালিকা থেকে বাদ গিয়েছে। এই এসআইআর নিয়ে রাজ্যের একটা বড় অংশের ভোটারই খুশি।' তৃণমূলের সুবিধা দাবি প্রসঙ্গে শংকরের বক্তব্য, 'এটা পশ্চিমবঙ্গকে বাঁচানোর লড়াই। আর যা-ই হোক, এই লড়াইয়ে কেউ তৃণমূলের পাশে থাকবে না।'

বর্ষীয়ান সিপিএম নেতা অশোক ভট্টাচার্য বলেছেন, 'এভাবে হাজার হাজার ভোটারের নাম বাদ যাওয়া গণতন্ত্রের জন্য ক্ষতি। নির্বাচন কমিশনের উচিত প্রত্যেক নাগরিকের ভোটাধিকার নিশ্চিত করা।'

**পূর্ব রেলওয়ে**

**ই-নিলাম আহ্বায়ক বিজ্ঞপ্তি**

সিনিয়র ডিভিসনাল কমার্শিয়াল ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা টাউন, মালদা টাউন অফিস বিল্ডিং, ডাকঘর : ঝলঝলিয়া, জেলা-মালদা, পিন-৭৩২১০২, (পশ্চিমবঙ্গ) (নিলাম পরিচালনকারী আধিকারিক) কর্তৃক মালদা ডিভিসনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে মোবাইল ফুড ভ্যানের চুক্তিস্বত্ব বণ্টনের উদ্দেশ্যে www.ireps.gov.in-এ ই-নিলাম কর্মসূচির তালিকা প্রকাশ করে ই-নিলাম আহ্বান করা হচ্ছে। **অকশন ক্যাটালগ নং এমএফভি-০৪-২০২৬। নিলাম শুরুর তারিখ : ২২.০৪.২০২৬ সকাল ১১টা।**


**মালদা ডিভিসনে মোবাইল ফুড ভ্যানের ই-নিলাম**

এসইকিউ নং, লট নং/বিভাগ এবং স্টেশন নিম্নরূপ : এএ/১, এমএসএস-এমএলডিটি-জিওডিএ-এসটিজিইএন-৭০-২৬-১, গোড্ডা। এএ/২, এমএসএস-এমএলডিটি-এনএনএইচটি-এসটিজিইএন-৭২-২৬-১, নলীহাটি। এএ/৩, এমএসএস-এমএলডিটি-বিএকেএ-এসটিজিইএন-৭১-২৬-১, বাঁকা। সম্ভাব্য দরপ্রস্তাবদাতাগণকে আরও বিশদ জানতে আইআরইপিএস ই-অকশন মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

MLD-08/2026-27

টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway @easternrailwayheadquarter



## কোর্সওয়ার্ক কেলেঙ্কারিতে কেঁচো খুঁড়তে কেউটের দশা

# চাপে এনবিইউ কর্তৃপক্ষ

**শুভঙ্কর চক্রবর্তী**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** পিএইচডি কেলেঙ্কারি নিয়ে কেঁচো খুঁড়তে কেউটে বের হওয়ার দশা। রিসার্চ এলিজিবিলিটি টেস্ট (রেট)-এর মাধ্যমে কোর্সওয়ার্কে ভর্তি নিয়ে ইতিমধ্যেই প্রশ্নের মুখে পড়েছে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এবার বিশেষ কয়েকজন পরীক্ষার্থীর ক্ষেত্রে আলাদা ব্যবস্থাপনায় পরীক্ষা নেওয়া হয়েছে বলে অভিযোগ উঠল। কয়েকজন পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের প্রশানিক ভবনের একটি হলঘরে আলাদা করে পরীক্ষার ব্যবস্থা করে দেওয়া হয়েছিল বলেই অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয়ের অন্দরে। কেলেঙ্কারির খবর ফাঁস হতেই সেই বিষয়ে আলোচনা শুরু হয়েছে ক্যাম্পাসে। কীভাবে পরীক্ষা হয়েছিল, কারা কোথায় পরীক্ষা দিয়েছিলেন, প্রশ্নপত্রের গোপনীয়তা রক্ষা হয়েছিল কি না তা নিয়ে প্রশ্ন তুলেছেন শিলিগুড়ির বিদায়ি বিধায়ক শংকর ঘোষ। স্বচ্ছতার প্রমাণে প্রয়োজনে সমস্ত সিসিটিভি ফুটেজ প্রকাশ্যে আনার দাবিও তুলেছেন তিনি।

ভর্তি বাতিল ও অনিয়মে জড়িতদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ চেয়ে এদিন বিশ্ববিদ্যালয়ের জয়েন্ট রেজিস্ট্রার স্বপন রক্ষিতের কাছে দাবি পেশ করেন শংকর এবং মাটিগাড়ার বিদায়ি বিধায়ক



কেলেঙ্কারি নিয়ে জয়েন্ট রেজিস্ট্রারের ঘরে শংকর ও আনন্দময়।

আনন্দময় বর্মন। দুই বিদায়ি বিধায়ক একসঙ্গে ক্যাম্পাসে যাওয়ায় হইচই শুরু হয়ে যায়। জয়েন্ট রেজিস্ট্রার স্বপনকুমার রক্ষিতের সঙ্গে দীর্ঘক্ষণ কথা বলেন তাঁরা। কেন ইউজিসি'র নির্দেশ অমান্য করে রেট নেওয়া হল, কীভাবে তৃণমূল যুব নেতারা কোর্সওয়ার্কে সুযোগ পেলেন তা জানতে চান শংকর ও আনন্দময়। তাঁদের বিভিন্ন প্রশ্নের ঠিকমতো উত্তর দিতে পারেননি জয়েন্ট রেজিস্ট্রার। একসময় তিনি দুই বিধায়ককে ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের সঙ্গে কথা বলার অনুরোধ করেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রারের নির্দেশেই যে তিনি কোর্সওয়ার্ক সংক্রান্ত বিভিন্ন বিজ্ঞপ্তি প্রকাশ করেছেন সেকথাও জানিয়ে দেন। তবে স্বপনের উত্তরে সন্তুষ্ট নন দুই বিধায়কের কেউই।

শংকরের কথা, 'লিখিতভাবে রাজ্যপালকে বিস্তারিত জানিয়ে দ্রুত পদক্ষেপ করতে অনুরোধ করব। বহু প্রশ্নের উত্তর দিতে পারছে না কর্তৃপক্ষ। প্রয়োজনে আইনি পদক্ষেপ হবে। কোর্সওয়ার্কে যাঁরা সুযোগ পেয়েছেন তাঁদের মধ্যে কারা নেট পাশ আর কারা রেট-এর মাধ্যমে সুযোগ পেয়েছেন তাও জানাতে পারেনি কর্তৃপক্ষ। তৃণমূল নেতাদের সুযোগ পাইয়ে দেওয়ার জন্য যে বড় ষড়যন্ত্র হয়েছে তা স্পষ্ট।'

আনন্দময় বলেন, 'ইউজিসির নির্দেশ কেন অমান্য করা হল তার কোনও সদুত্তর পাইনি। তৃণমূল নেতাদের সঙ্গে মিলে তাদের দলের নেতাদের সুযোগ পাইয়ে দেওয়ার জন্য নিজেদের মতো করে নিয়ম বানিয়েছে কর্তৃপক্ষ। এরফলে যাঁরা এই কোর্সওয়ার্কে সুযোগ পেয়েছেন তাঁদের বৈধতা প্রশ্নের মুখে পড়ল। কর্তৃপক্ষ তৃণমূল নেতাদের সুবিধা করার জন্য সাধারণ ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলছে।'

কোর্সওয়ার্কের ভর্তি বাতিল করে স্বচ্ছ ভর্তির দাবিতে এবং নিময়ভঙ্গের সঙ্গে যাঁরা যুক্ত তাঁদের শাস্তির দাবিতে এদিন ক্যাম্পাসে বিক্ষোভ দেখায় এবিভিপি। পরীক্ষানিয়ামক বিভাগের হাত থেকে সরিয়ে হঠাৎ করে কোর্সওয়ার্কের পরীক্ষা বিভিন্ন বিভাগের হাতে দেওয়া নিয়েও অস্বচ্ছতার প্রশ্ন উঠেছিল। খরচ বাঁচাতেই সেই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল বলেই জানিয়েছেন বিশ্ববিদ্যালয় জয়েন্ট রেজিস্ট্রার এবং ডিন। ডিন বিকাশচন্দ্র পালের কথায়, 'পরীক্ষানিয়ামক বিভাগে বরাতপ্রাপ্ত এজেন্সির মাধ্যমে পরীক্ষা নিতে হলে লক্ষাধিক টাকা খরচ হয়ে যায়। সেক্ষেত্রে সামান্য টাকা খরচ করেই বিভাগগুলি কোর্সওয়ার্কের পরীক্ষা নিয়েছে।' ডিনের যুক্তি মানতে নারাজ পরীক্ষানিয়ামক বিভাগের বরাতপ্রাপ্ত এজেন্সি। এজেন্সির এক আধিকারিক বলেন, 'বছরের পর বছর ধরে সম্পূর্ণ বিনা খরচে আমরা কোর্সওয়ার্কের পরীক্ষার বন্দোবস্ত করছি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সেই পরীক্ষার জন্য আজ পর্যন্ত একটি টাকাও আমরা দাবি করিনি।' ফলে পরীক্ষার দায়িত্ব থেকে সরানো নিয়েও প্রশ্নের মুখে পড়েছে কর্তৃপক্ষ। যদিও বিশেষ ব্যবস্থাপনায় কয়েকজনের পরীক্ষা নেওয়ার বিষয়ে কোনও মন্তব্য করতে চাননি বিশ্ববিদ্যালয়ের কোনও আধিকারিক।



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

আমাকেও একটু দে।। গজলডোবায় ছবিটি তুলেছেন দীপালি চৌধুরী।

## মোদির সভা নিয়ে বৈঠকে পুলিশ

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** কাওয়াখালিতে মোদির জনসভার প্রস্তুতিকে কেন্দ্র করে এদিন শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের একটি উচ্চ পর্যায়ের বৈঠক হয়। কমিশনারেটে আয়োজিত এই বৈঠকে পুলিশের পদস্থ কর্তাদের পাশাপাশি থানার আইসি, ওসি-রা উপস্থিত ছিলেন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, বিশেষ এই বৈঠকে পূর্ত দপ্তরের আধিকারিকরাও উপস্থিত ছিলেন। এছাড়া জনসভায় মোদির যাওয়া-আসার সময় কোন কোন বহুতলে পুলিশকর্মী মোতায়েন করা হবে, তার একটি ম্যাপিং করা হয়। কোথায় কোথায় গার্ডরেল বসানো হবে, সেই সংক্রান্ত বিষয়েও বিস্তর আলোচনা করা হয় বৈঠকে।

নির্বাচনি আবহে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জনসভার ওপর নজর রয়েছে রাজনৈতিক মহলের। রোড শো নাকি জনসভা, তা নিয়ে দলের কর্মী, নেতাদের বিস্তর আলোচনার পর জনসভার দিকেই পাল্লা ভারী হয়েছে। এই পরিস্থিতিতে এখনও পুলিশকে বিজেপির তরফে কিছু জানানো না হলেও নিজেদের মতো করে প্রস্তুতি শুরু করে দিয়েছেন শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের কর্তারা। সম্প্রতি এয়ারভিউ মোড় থেকে বাঘা যতীন পার্ক পর্যন্ত সমস্ত হোটেলের তথ্য নেওয়ার পর এদিন সভাকে কেন্দ্র করে বৈঠকে বসা হয়।

পুলিশ সূত্রে খবর, বাগডোগরা থেকে সড়কপথে প্রধানমন্ত্রী জনসভায় আসবেন বলে প্রাথমিকভাবে ধরে নিচ্ছেন পুলিশকর্মীরা। এই পরিস্থিতিতে পূর্ত দপ্তরকে সড়কপথের ওই অংশের পরিস্থিতি খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি এদিন বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে, বহুতল থেকে নজরদারির ব্যাপারে। পুলিশ সূত্রে আরও জানা গিয়েছে, মাটিগাড়া থানা এলাকায় ২৬টি বহুতল থেকে নজরদারি করার ব্যাপারে প্রাথমিকভাবে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রতিটি বহুতলেই একজন করে কনস্টেবল রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়া সভায় আসা মানুষজনের যাতে কোনও ধরনের অসুবিধা না হয়, সেজন্য গার্ডরেল কোথায় কোথায় দেওয়া যেতে পারে, সেই ব্যাপারেও আলোচনা হয়েছে বৈঠকে। এক্ষেত্রেও একাধিক জায়গা চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে, এদিন বিজেপি নেতৃত্ব ও পুলিশ কাওয়াখালি মাঠ পরিদর্শন করে।

এনিয়ে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা সভাপতি অরুণ মণ্ডল বলছেন, 'প্রধানমন্ত্রীর জনসভার মাঠের প্রস্তুতি খতিয়ে দেখা হয়েছে। নেতা, কর্মীরা আগ্রহে রয়েছেন।'

# প্রশ্নে পরিষদের নিজস্ব তহবিল

**নীতেশ বর্মন**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** বিধানসভা ভোটের আগে দরাজহস্ত শিলিগুড়ি মহকুমা পরিষদ। জনতার মন পেতে জনপ্রতিনিধিদের সিদ্ধান্তে বিপাকে আধিকারিকরা।

সূত্রের খবর, সংস্থার নিজস্ব তহবিল থেকে প্রচুর কাজের টেন্ডার করে রাখা হয়েছে। সেই অর্থের পরিমাণ কয়েক কোটি টাকা। বর্তমানে পরিষদের নিজস্ব তহবিলে ঠিক কত টাকা রয়েছে, তাও নির্দিষ্টভাবে জানাতে পারছেন না পদাধিকারীরা। এদিকে, কয়েক মাস পর ওই ফান্ড থেকে পরিষদের সদস্যদের তেল খরচ কীভাবে জোগানো সম্ভব হবে, সেই ভাবনায় মাথায় হাত পরিষদের আধিকারিকদের।

এই ইস্যুতে সরব বিরোধী দলনেতা অজয় ওরাওঁ। তাঁর অভিযোগ, নকশালবাড়ি এবং মাটিগাড়ার নির্দিষ্ট একটি গ্রাম পঞ্চায়েতে কেন বেশি অর্থ বরাদ্দ করা হল, সেই নিয়ে তদন্ত হওয়া প্রয়োজন। নিজস্ব তহবিল নিয়ে তছরুপ হচ্ছে কি না, তা স্পষ্ট করতে হবে।

প্রসঙ্গত, এবার মাটিগাড়া-নকশলাবাড়িতে তৃণমূল কংগ্রেসের প্রার্থীর সেনাপতি খোদ সভাধিপতি। সমস্ত অভিযোগ মিথ্যে বলে দাবি সভাধিপতি অরুণ ঘোষের। কত টাকা ফান্ডে রয়েছে- সেই প্রশ্নের উত্তর দিতে গিয়ে কখনও দশ কোটি, কখনও তিন কোটি, আবার কখনও ১৫ কোটির বেশি রয়েছে বলে জানিয়েছেন। এমনকি ভুল তথ্য ছড়ালে অভিযোগ দায়ের করারও হুঁশিয়ারি দেন। অরুণের বক্তব্য, 'নিজস্ব তহবিলে অনেক টাকা পড়ে রয়েছে। প্রত্যেকটি ব্লকে সমান টাকার কাজ হয়েছে। বণ্টনও হয়েছে প্রায় সমানভাবে।'

মহকুমা পরিষদ সূত্র কিন্তু অন্য কথা বলছে। নিজস্ব তহবিলের



অধিকাংশই খরচ হয়েছে ইতিমধ্যে। বাকি টাকারও একটি বড় অংশের টেন্ডার করে রাখা হয়েছে। রাজ্যে পালাবাদল হলে পরিষদের বোর্ডে যতই তৃণমূল থাক, অর্থ খরচে লাগাম টানার আশঙ্কা থাকছে। সেজন্যই বর্তমান বোর্ড একের পর এক টেন্ডার ডেকেছে বলেও গুঞ্জন। অন্যদিকে, পরিষদের সদস্যরা মাসে আনুমানিক ২৫ হাজার টাকা করে গাড়ির জ্বালানির খরচ হিসেবে নিয়ে থাকেন। বর্তমানে মোট ৯ জন সদস্য রয়েছেন। সেই হিসেবে মাসে জ্বালানির খরচ বাবদ প্রায় আড়াই লক্ষ টাকা প্রয়োজন। আগামী কয়েক মাসে সেই টাকার অভাব হতে পারে।

মহকুমা পরিষদের প্রাক্তন সভাধিপতি সিপিএমের তাপস সরকার বলছিলেন, 'আমাদের বোর্ডের শেষদিকে প্রায় দু'কোটি টাকা নিজস্ব তহবিলে ছিল। প্রশাসক বোর্ডের সময়ে জেলা বোর্ডের প্রায় দশ কোটি টাকা নিজস্ব তহবিলে নেওয়ার প্রক্রিয়া হয়েছিল। তাই, যে পরিমাণ অর্থ তহবিলে থাকা উচিত, সেটা অপ্রয়োজনীয় কাজে লাগানো হচ্ছে।'

বিরোধীদের অভিযোগ, খেলা আর মেলাতে নিজস্ব তহবিল থেকে প্রচুর টাকা ব্যয় হয়েছে। ধুমধাম করে সভাধিপতি কাপ, নাট্য উৎসব, পরিষদের তৃণমূল বোর্ডের বর্ষপূর্তি অনুষ্ঠান সহ নানা খাতে অর্থ খরচ করেছে পরিষদ। তাপস নিজস্ব তহবিলের অপব্যবহারের অভিযোগ তুলে তদন্ত দাবি করলেন। বললেন, 'নিরপেক্ষ অডিট হলে দুর্নীতি প্রকাশ্যে আসবেই।'

সভাধিপতির দাবি, 'দুই কোটি টাকার টেন্ডার করে রাখা হয়েছে। দুটো বিধানসভায় এক কোটি করে। অনেক ক্ষেত্রে কোনও গ্রাম পঞ্চায়েত অন্য প্রকল্পের বেশি টাকা পেলে নিজস্ব তহবিলের বরাদ্দ কমিয়ে দেওয়া হয়। কেউ অন্য প্রকল্পে কম অর্থ পেলে নিজস্ব তহবিল থেকে দিয়েছি।'

## ফুলবাড়িতে সংখ্যালঘু ভোটে নজর কংগ্রেসের

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** একটা সময় ফুলবাড়ি ১ ও ২ অঞ্চলে কংগ্রেসের একটা বড় ভোটব্যাংক ছিল। সেই সংখ্যালঘু অধ্যুষিত এলাকার ভোট যাতে পুনরুদ্ধার করা যায় সেই জন্য ডাবগ্রাম-ফুলবাড়ির কংগ্রেস প্রার্থী রোহিত সিং প্রচারে জোর দিচ্ছেন। লক্ষ্য একটাই ফুলবাড়িতে সংখ্যালঘু ভোটে ভাগ বসানো। আর যে কারণে কিছুটা হলেও তৃণমূল কংগ্রেসের চিন্তা বেড়েছে। সোমবার ফুলবাড়ি ২ গ্রাম পঞ্চায়েত এলাকায় কর্মীসভা এবং পরে জটিয়াকালীর বানিয়াপাড়া এলাকায় কংগ্রেসের তরফে মিছিল করা হয়। এমনিতে ফুলবাড়ি এলাকায় সংখ্যালঘু ভোট পেতে বিজেপি নেতৃত্ব কসুর রাখছে না। নির্বাচনের আগে ফুলবাড়ি এলাকায় প্রতিটি বুথ কমিটি তৈরির পাশাপাশি সব জায়গাতে নির্বাচনি কার্যালয় খোলা হচ্ছে। তার মাঝে এবার কংগ্রেস সীমিত ক্ষমতা নিয়ে তৃণমূলের ভোটে ভাগ বসাতে চাইছে।

ফুলবাড়ি ২ গ্রাম পঞ্চায়েত এলাকায় ২০২৪ সালের লোকসভা নির্বাচনের নিরিখে তৃণমূল প্রায় ২৭০০ ভোটে এগিয়ে ছিল। সেখানে অন্য পঞ্চায়েত এলাকায় তৃণমূল পিছিয়ে ছিল। ২০২১ সালে বিধানসভা নির্বাচনে ডাবগ্রাম-ফুলবাড়ি আসনটি তৃণমূল হারলেও ফুলবাড়ি ২ অঞ্চল থেকে প্রায় ৬০০ ভোটে এগিয়ে ছিল। যা থেকে স্পষ্ট ওই এলাকাটি তৃণমূলের শক্ত ঘাঁটি। ফুলবাড়ি ১ অঞ্চলে কিছুটা অংশে অবশ্য সংখ্যালঘু ভোট রয়েছে। কংগ্রেস প্রার্থী বলেন, 'গোটা বিধানসভা এলাকাজুড়ে আমরা প্রচার করছি। তবে ফুলবাড়িতে আমাদের বাড়তি নজর রয়েছে। কেন-না এই এলাকায় একটা সময় আমাদের অনেক ভোট ছিল। পরবর্তীতে প্রার্থী না থাকায় সেই ভোট মেলেনি। এবার আমাদের শক্তি পরীক্ষা হবে। ভোটও আমাদের পক্ষে আসবে।'

বিগত ভোটগুলিতে বিধানসভার নিরিখে যেহেতু ফুলবাড়ি ২ গ্রাম পঞ্চায়েত এলাকায় তৃণমূল লিড পেয়েছে, তাই প্রচারে ঘাসফুল শিবির সর্বশক্তি দিয়ে নেমেছে। ডাবগ্রাম-ফুলবাড়ি ব্লক তৃণমূল সভাপতি দিলীপ রায় বলেন, 'কে কী বলছে, তা নিয়ে আমরা ভাবছি না। কংগ্রেস ভালো করে জানে এখানে জিততে পারবে না।'



হঠাৎ বৃষ্টি নামার আগে। মঙ্গলবার কোচবিহার রাজবাড়িতে অপর্ণা গুহ রায়ের তোলা ছবি।

# স্কুলের শৌচালয়ে অচৈতন্য ছাত্রী

**সায়নদীপ ভট্টাচার্য**

**তুফানগঞ্জ, ৭ এপ্রিল :** পরীক্ষা চলাকালীন স্কুলের শৌচালয় থেকে অচৈতন্য অবস্থায় উদ্ধার হয় অষ্টম শ্রেণির এক ছাত্রী। তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। মঙ্গলবার বিকেলে ঘটনাটি ঘটেছে তুফানগঞ্জ-১ ব্লকের দেওচড়াই হাইস্কুলে। স্কুলে আসার পর কী করে ওই ছাত্রীর মৃত্যু হল তা নিয়ে রহস্য দানা বেঁধেছে। খবর পেয়ে ঘটনাস্থলে আসে তুফানগঞ্জ থানার পুলিশ। যদিও কীটনাশক খেয়ে ওই কিশোরী আত্মঘাতী হয়েছে বলে প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান। এই ঘটনায় শোরগোল পড়ে গিয়েছে ওই এলাকায়। ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়েছে ওই কিশোরীর পরিবার। পুলিশ জানিয়েছে, মৃতের নাম মোনালিসা পারভিন (১৪)। তুফানগঞ্জের এসডিপিও মনোজ কুমার বলেন, 'ময়নাতদন্তের রিপোর্ট হাতে এলেই মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। তবে কীটনাশক খেয়ে ওই কিশোরী আত্মঘাতী হয়েছে বলে প্রাথমিক তদন্তে মনে হচ্ছে।'

দেওচড়াই হাইস্কুলে প্রথম পর্যায়ক্রমিক মূল্যায়ন শুরু হয়েছে। এদিন ছিল অষ্টম শ্রেণির ইতিহাস পরীক্ষা। স্কুল সূত্রে খবর, এদিন পরীক্ষা চলাকালীন স্কুলের শৌচাগারে ওই পড়ুয়াকে অচৈতন্য অবস্থায় পড়ে থাকতে দেখে কয়েকজন পড়ুয়া। তড়িঘড়ি তারা খবর দেয়

> ছোট থেকেই নাতনি আমার কাছেই মানুষ। কী কারণে এমন ঘটনা ঘটল, আমরা কিছুই বুঝতে পারছি না। আমরা ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত চাই।
>
> **মমতা বিবি** মৃতার দিদা

শিক্ষকদের। তারপর অচৈতন্য অবস্থায় ওই কিশোরীকে উদ্ধার করে তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে হাসপাতালে এসে কান্নায় ভেঙে পড়েন ওই কিশোরীর পরিবারের লোকজন।

পরিবার জানিয়েছে, স্বামী ও ছোট্ট কন্যাকে ফেলে অন্যত্র বিয়ে করেন ওর মা। তারপর থেকে দিদার বাড়িতেই ছোট থেকে বড় হয়েছে ওই কিশোরী। সংসারে হাল ধরতে দ্বিতীয় বিয়ে করেন ওই কিশোরীর বাবাও। সবকিছু ঠিকঠাকই চলছিল। এদিন বাবার বাড়ি থেকেই পরীক্ষা দিতে স্কুলে এসেছিল ওই কিশোরী।

মৃতার দিদা মমতা বিবি বলেন, 'ছোট থেকেই নাতনি আমার কাছেই মানুষ। কী কারণে এমন ঘটনা ঘটল, আমরা কিছুই বুঝতে পারছি না। আমরা ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত চাই।'

দেওচড়াই হাইস্কুলের সহকারী প্রধান শিক্ষক কুশলধ্বজ রায় বলেন, 'স্কুলে দুই ধাপে পরীক্ষা চলছে। প্রথম ধাপের পরীক্ষা শেষে আমরা স্টাফরুমে বসে পরীক্ষার খাতাগুলি গোছানোর কাজ করছিলাম। পড়ুয়াদের কাছ থেকে জানতে পেরে আমরা তড়িঘড়ি ওই পড়ুয়াকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাই। সেখানেই ছাত্রীটিকে মৃত বলে ঘোষণা করা হয়।'

ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পাশাপাশি, স্কুলে নিরাপত্তা ও নজরদারি নিয়ে উঠছে একাধিক প্রশ্ন।

## আসছেন কঙ্গনা

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** অভিনেত্রী তথা বিজেপি সাংসদ কঙ্গনা রানাওয়াত ইতিমধ্যেই বিজেপির ৪০ জন হেভিওয়েট 'স্টার ক্যাম্পেনার'-এর তালিকায় জায়গা করে নিয়েছেন। দলীয় সূত্রে খবর, তিনি প্রচারে শিলিগুড়িতে আসতে পারেন। শিলিগুড়িতে প্রধানমন্ত্রীর জনসভার পরে প্রচারপর্বের শেষদিকে তাঁর এখানে আসার সম্ভাবনা রয়েছে। শহরে তাঁর রোড শো হওয়ার কথা। সাংগঠনিক শক্তি প্রদর্শনে গেরুয়া শিবির কঙ্গনাকে বড় মুখ হিসেবে ব্যবহার করতে চাইছে। এজন্য দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গে তাঁর একাধিক রোড শো'র পরিকল্পনা করা হয়েছে।

নির্বাচনের দিনক্ষণ যত এগিয়ে আসছে, ততই শিলিগুড়ি তথা উত্তরবঙ্গের রাজনৈতিক পারদ চড়ছে। শিলিগুড়িতে মোদির রোড শো'র কথা ছিল। কিন্তু দলের একাংশ জনসভা চাওয়ায় দল তাতেই সিলমোহর দেয়। কিন্তু সেই রোড শো'র দাবিকেও দল একেবারে উড়িয়ে দেয়নি। এই সূত্রেই কঙ্গনাকে নিয়ে আসার পরিকল্পনা করা হয়। বিজেপির রাজ্য সাধারণ সম্পাদক বাপি গোস্বামী বলেন, 'দলের প্রার্থীদের হয়ে বলিউড অভিনেত্রী এখানে আসবেন বলে শুনেছি।'

## পতাকা লাগাতে 'বাধা'

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** বিজেপির পতাকা লাগাতে নিষেধ করে দলের স্থানীয় নেতাকে ফোনে হুমকি দেওয়ার অভিযোগ উঠল তৃণমূলের এক নেতার বিরুদ্ধে। অভিযোগ, ফুলবাড়ি-২ গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা তথা এলাকার বিজেপির মণ্ডল সহ সভাপতি স্বপনকুমার বিশ্বাসকে ফোনে হুমকি দেওয়া হয়। স্বপন বলেছেন, 'নওসাদ নামে তৃণমূলের এক নেতা আমায় ফোন করে পতাকা লাগাতে নিষেধ করেছেন।'

অভিযোগ পাওয়ার পর এনজেপি থানার পুলিশ তদন্ত শুরু করেছে। এদিন অভিযুক্তের বাড়িতে পুলিশ গিয়েছিল। তবে সে সময়ে অভিযুক্ত বাড়িতে ছিলেন না। হুমকি আসার পরই বুধবার ডাবগ্রাম-ফুলবাড়ির বিজেপি প্রার্থী শিখা চট্টোপাধ্যায় ওই এলাকায় প্রচারে যাবেন বলে খবর। ডাবগ্রাম-ফুলবাড়ির ১ নম্বর মণ্ডল সভাপতি রাহুল বর্মন বলছেন, 'কোনও ধরনের হুমকি বরদাস্ত করা হবে না।'

বিষয়টি খতিয়ে দেখবেন বলে জানিয়েছেন ডাবগ্রাম-ফুলবাড়ি ব্লক তৃণমূল সভাপতি দিলীপ রায়।

## বিক্ষোভ

**ইসলামপুর, ৭ এপ্রিল :** মঙ্গলবার পাকা রাস্তার দাবিতে ইসলামপুর বিধানসভা এলাকার গাইসাল-২ গ্রাম পঞ্চায়েতের রামপুরে বিক্ষোভ দেখালেন বাসিন্দারা। প্রায় এক ঘণ্টা ধরে বিক্ষোভ চলে। স্থানীয় বাসিন্দাদের দাবি, দীর্ঘদিন ধরে তাঁরা কাঁচা রাস্তার ওপর দিয়ে চলাচল করছেন। ফলে বর্ষার সময় ভুগতে হয়। বিক্ষোভকারীরা অভিযোগ করছেন, রাস্তার জন্য অ্যাম্বুল্যান্স পর্যন্ত গ্রামে ঢুকতে পারে না। পঞ্চায়েত কর্তৃপক্ষ জানিয়েছে, সমস্যা সমাধানে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।

## সভার প্রস্তুতি

**ইসলামপুর, ৭ এপ্রিল :** ১৫ এপ্রিল ইসলামপুরে জনসভা করতে আসছেন মমতা বন্দ্যোপাধ্যায়। মমতার জনসভা সফল করতে তৃণমূল নেতা-কর্মীরা জোর প্রস্তুতি শুরু করে দিয়েছেন। মঙ্গলবার তৃণমূলের ইসলামপুর টাউন কমিটির সভাপতি বাপি পাল চৌধুরী বলেছেন, 'দিদি কোর্ট ময়দানে সভা করবেন। তাঁর হেলিকপ্টার ইসলামপুর হাইস্কুল মাঠে অবতরণ করবে।'

# একুশে শিখার এজেন্টই ছাব্বিশে রঞ্জনের

উত্তরের ভোট-আয়না

**নিতাই সাহা**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** যে কোনও যুদ্ধে জয় আসে সেনাপতির দক্ষতায় ভর করে। কিন্তু রণকৌশল নির্ধারণকারী সেই সেনাপতি শিবির পালটে নিলে যুদ্ধের ময়দানে লড়াইয়ের সমীকরণটা যেন এক লহমায় বদলে যায়। আলোচনা হচ্ছে ছাব্বিশের বিধানসভা নির্বাচনে ডাবগ্রাম-ফুলবাড়ি আসন নিয়ে। আর এই যুদ্ধে সেনাপতির ভূমিকায় রয়েছেন জয়দীপ নন্দী। একুশের বিধানসভা নির্বাচনে তিনি বিজেপি প্রার্থী শিখা চট্টোপাধ্যায়ের ইলেকশন এজেন্ট ছিলেন। রাজনীতির ঘূর্ণিপাকে দল পরিবর্তন করে ছাব্বিশের নির্বাচনে জয়দীপ এবার শিখার প্রতিপক্ষ তৃণমূল কংগ্রেস প্রার্থী রঞ্জন শীলশর্মার ইলেকশন এজেন্ট হয়ে ভোটযুদ্ধে নেমেছেন।

২০২০ সালের মাঝামাঝিতে তৃণমূল ছেড়ে পদ্ম শিবিরে যোগ দিয়েছিলেন জয়দীপ। দল বদলে বিজেপি নেতাদের আস্থা অর্জনে তিনি সেসময় কোনও কসুর রাখেননি। ফলস্বরূপ একুশের বিধানসভা নির্বাচনে তৃণমূল প্রার্থী গৌতম দেবকে পরাস্ত করতে পদ্ম শিবির তাঁকে শিখার ইলেকশন এজেন্ট করেছিল। হাতেনাতে ফলও মিলেছিল। কিন্তু শিখার সেই সেনাপতি ২০২১ সালের শেষদিকে ফের তৃণমূলে ফিরে যান। সূত্রের খবর, একটা সময় পদ্ম শিবিরের হাঁড়ির খবরকে হাতিয়ার করেই শিখাকে পরাস্ত করার ছক কষতে ব্যস্ত রয়েছেন জয়দীপ।

প্রতিপক্ষ শিখার শক্তি আর দুর্বলতা সবই জয়দীপের নখদর্পণে। এছাড়াও একুশের ভোটে শিখার ইলেকশন এজেন্ট হওয়ার সুবাদে একাধিক বিজেপি নেতা-কর্মীর সঙ্গে জয়দীপের ঘনিষ্ঠতা গড়ে উঠেছিল। দলবদল করলেও সেই সম্পর্কে অবশ্য কোনও আঁচ পড়েনি। সূত্রের খবর, ভোট আবহে রঞ্জনের ইলেকশন এজেন্ট জয়দীপ ওই সকল বিজেপি নেতা-কর্মীদের সঙ্গে সুসম্পর্ক রেখে চলছেন। রাজনৈতিক মহলের দাবি, এই সম্পর্ক বিজেপি প্রার্থীর জয়কে প্রশ্নের মুখে ঠেলে দিয়েছে। এ প্রসঙ্গে অনেকেই মজা করে বলছেন, 'এভরিথিং ইজ ফেয়ার ইন লাভ অ্যান্ড ওয়ার'। এ প্রশ্নও উঠছে তাহলে শিখার লড়াই কি এবার কঠিন হবে?

> শিখা চট্টোপাধ্যায়ের ইলেকশন এজেন্ট ছিলাম এটা ঠিক। তবে সেটা এখন ভুলে যেতে চাই।
>
> **জয়দীপ নন্দী**
> ইলেকশন এজেন্ট (তৃণমূল)

যদিও বিজেপি প্রার্থী এসবে খুব একটা গুরুত্ব দিতে নারাজ। শিখা বলছেন, 'বিজেপির লুকোনোর কিছু নেই। আমরা যা করি প্রকাশ্যেই করি। সুতরাং হাঁড়ির খবর জানার কোনও বিষয় নেই। স্বাভাবিকভাবেই ওসব বিষয় নিয়ে আমাদের মাথাব্যথাও নেই।' অন্যদিকে, বর্তমানে রঞ্জনের ইলেকশন এজেন্ট জয়দীপের বক্তব্য, 'শিখা চট্টোপাধ্যায়ের ইলেকশন এজেন্ট ছিলাম এটা ঠিক। তবে সেটা এখন ভুলে যেতে চাই। আমি তৃণমূলে ছিলাম, আছি। শুধু মাঝের ওই দুঃস্বপ্নের সময়টুকু বাদ দিয়ে।' তাঁর আরও সংযোজন, 'দলীয় প্রার্থীকে জেতাতে তৃণমূল কর্মী হিসেবে যা যা করণীয়, সবকিছুই করব।'

# কাদা ছোড়াছুড়িতে অবিশ্বাসী 'মা-ছেলে'

ভোট উৎসব

**নীতেশ বর্মন**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** রাজনীতি মানেই যেন কাদা ছোড়াছুড়ি, ব্যক্তিগত আক্রমণ। অন্তত শিলিগুড়িতে গৌতম-শংকরের মধ্যে লড়াইয়ের দিকে তাকালে তেমন মনে হওয়া স্বাভাবিক। তৃণমূল কংগ্রেস প্রার্থী গৌতম দেব এবং বিজেপি প্রার্থী শংকর ঘোষ কেউ কাউকে এক ইঞ্চি জমি ছাড়তে চাইছেন না। কিন্তু এই লড়াইয়ে ব্যক্তিগত আক্রমণ মাত্রা ছাড়াচ্ছে।

শিলিগুড়ির রাজনৈতিক সৌজন্য নিয়ে সুনাম রয়েছে। কিন্তু এবার সেই সুনাম যেন হারিয়ে যেতে বসেছে। অথচ, অন্য চারটে গ্রাম পঞ্চায়েতের পাশাপাশি শহর শিলিগুড়িরই ১৪ টি ওয়ার্ড নিয়ে গঠিত ডাবগ্রাম-ফুলবাড়ি বিধানসভা কেন্দ্রে ছবিটা অন্যরকম। সেখানে দুই ফুলের প্রার্থীরা এখনও সৌজন্য বজায় রাখছেন। তৃণমূলের রঞ্জন শীলশর্মা এবং বিজেপির শিখা চট্টোপাধ্যায়কে ব্যক্তিগত স্তরে একে অপরকে রক্তচক্ষু দেখিয়ে লড়াই করতে হচ্ছে না। দু'-চারটে প্রশ্নের প্রতিক্রিয়া বাদে দুজনেই সেই জায়গা থেকে দূরত্ব বজায় রাখছেন।

এর নেপথ্যে অবশ্য রয়েছে ডাবগ্রাম-ফুলবাড়ির দুই প্রার্থীর সম্পর্ক। 'মা-ছেলে'র রসায়ন। সেকারণেই প্রকাশ্যে সেভাবে কেউ কারও বিরুদ্ধে ব্যক্তিগত অভিযোগের পাহাড় খাড়া করছেন না। বরং, প্রাধান্য পাচ্ছে দলীয় দৃষ্টিভঙ্গি, আদর্শগত





প্রচারে রঞ্জন শীলশর্মা ও শিখা চট্টোপাধ্যায়। মঙ্গলবার।

লড়াই। পাশাপাশি দুটি বিধানসভার এমন বিপরীত ছবি নিয়ে রাজনৈতিক মহলে আলোচনা চলছে।

কাদা ছোড়াছুড়িতে বিশ্বাসী নন শিখা। বরং স্থানীয় সমস্যা নিয়ে রাজ্যের শাসকদলের বিরুদ্ধে সরব হচ্ছেন তিনি। প্রতিপক্ষের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক ভালো হলেও শিখা বলছেন, 'রাজনীতির ময়দানে লড়াই থেকে দূরে সরার কোনও কারণ নেই। আমরা তৃণমূলের বিরুদ্ধে এক ইঞ্চি জমিও ছাড়ব না।' তিনি তৃণমূলের বিরুদ্ধে সরকারি জমি দখলের অভিযোগ তুলে সরব হয়েছেন। এলাকার বেহাল নিকাশি ব্যবস্থা, রাস্তাঘাট থেকে পানীয় জলের দুর্ভোগের অভিযোগ তুলেছেন। ভয় দেখানো, কেজিএফ গ্যাংয়ের বিরুদ্ধেও এলাকার মানুষকে ঐক্যবদ্ধ হয়ে লড়াইয়ের ডাক দিয়েছেন শিখা।

আর রঞ্জনের বক্তব্য, 'রাজনীতির লড়াই রাজনীতিতে থাকাটাই ভালো। ব্যক্তিগত লড়াইয়ের কী দরকার আছে? মানুষ বলছেন, বিজেপি বিধায়ককে এলাকায় দেখা যায়নি।' তাঁর অভিযোগ, বিধায়ক বিজেপির হলেও কিছু কাজ করতে পারেনি তাদের কেন্দ্রীয় সরকার।

শিলিগুড়িতে অনেক সময় রাজনৈতিক পারদ এতটাই চড়ে যাচ্ছে যে, নেতারা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলছেন বলে অভিযোগ। অনেকের মতে, ডাবগ্রাম-ফুলবাড়িতে নীরব ভোটের ট্রেন্ড রয়েছে। সেটা শিলিগুড়ির মতো 'হটসিট' নয়। সেখানে সুর চড়িয়ে, একে-অপরকে নীচু দেখিয়ে, রাজনৈতিক স্টান্টবাজি করে জনপ্রিয়তার লড়াইয়ে টিকে থাকার প্রাধান্য নেই। প্রতিটি দলের ভেতরে চরম কোন্দল থাকলেও তাই হয়তো এখনও পর্যন্ত সস্তা জনপ্রিয়তার লড়াইয়ে নামতে হয়নি তাঁদের।



## ভোটে ড্রাই ডে

ভোটগ্রহণ ও গণনার দিন ড্রাই ডে'র দিনক্ষণ ঘোষণা করল রাজ্য আবগারি দপ্তর। যেদিন ভোট হবে তার ৪৮ ঘণ্টা আগে থেকে মদের দোকান বন্ধ করতে হবে। রাজ্যজুড়ে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে এই সিদ্ধান্ত।



## দুর্ঘটনায় মৃত্যু

ব্যস্ত সময়ে সল্টলেক সেক্টর ফাইভে বাস ও বাইকের সংঘর্ষে মৃত্যু হল এক মহিলা আইটি কর্মীর। তিনি বর্ধমানের বাসিন্দা। কর্মসূত্রে কেষ্টপুরে থাকতেন। মঙ্গলবার আরএস সফটওয়্যার মোড়ে এই ঘটনা ঘটে।



## মিনাখাঁয় বোমা

মিনাখাঁয় আইএসএফ নেতার বাড়ি থেকে বোমা উদ্ধার করল পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে তল্লাশি চালানো হয়। বোমা উদ্ধার করে নিষ্ক্রিয় করা হয়েছে। ভোটের সঙ্গে এর কোনও যোগ আছে কি না খতিয়ে দেখছে পুলিশ।



## বিপাকে বামপ্রার্থী

পুরুলিয়ার মানবাজারের সিপিএম প্রার্থী সোনামণি টুডুর মনোনয়নপত্র বাতিল করল নির্বাচন কমিশন। জাতিগত শংসাপত্র নিয়ে জটিলতা তৈরি হয়। ফলে ওই আসন থেকে এখন লড়বেন শান্তিমণি মুর্মু।

# বুথে অসন্তুষ্ট কমিশন, ঢেলে সাজানো হচ্ছে পরিকাঠামো

অরূপ দত্ত

**কলকাতা, ৭ এপ্রিল :** রাজ্যের ২৯৪টি বিধানসভা কেন্দ্রে ভোটের জন্যে প্রায় ৮৫ হাজারের বেশি বুথ ও অতিরিক্ত বুথ রয়েছে। কিন্তু অধিকাংশ বুথের পরিকাঠামো নিয়েই অসন্তুষ্ট নির্বাচন কমিশন। নির্বাচনের আগে বুথের পরিকাঠামো ঢেলে সাজাতে বুধবার রাজ্যের সব পর্যবেক্ষকদের সঙ্গে বৈঠক করবেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। এবার বুথের পরিকাঠামোয় বুথ নিরাপত্তার বিষয়টি সর্বাধিক গুরুত্ব দিতে চলেছে কমিশন। হিংসা মুক্ত সুষ্ঠু অবাধ নির্বাচনের জন্যে বুথের নিরপত্তা ১০০ শতাংশ সঠিক হওয়া প্রয়োজন বলে মনে করছে কমিশন।

ভোট ঘোষণার আগে রাজ্যে এসেছিল জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের ফুল বেঞ্চ। দু'দিনের সেই সফরে রাজ্য প্রশাসনের সঙ্গে দফায় দফায় বৈঠক করেছিলেন জ্ঞানেশ। সেখানেই বুথের পরিকাঠামো পর্যাপ্ত করার নির্দেশ দেওয়া হয়েছিল। ভোট লুঠ বুথের ভিতর অবৈধ কাজকর্ম ঠেকাতে বুথের নজরদারি ব্যবস্থাকে সুদৃঢ় করার নির্দেশ দিয়েছিল কমিশন। কিন্তু সম্প্রতি রাজ্যের ২৯৪টি বিধানসভার জন্যে একজন করে সাধারণ পর্যবেক্ষক এবং প্রতিটি পুলিশ জেলা ও পুলিশ কমিশনারেট পিছু একজন করে পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে কমিশন। ইতিমধ্যেই তা নিজ নিজ বিধানসভায় পরিস্থিতি পর্যালোচনা করে কমিশনকে রিপোর্ট পাঠিয়েছে। সেই রিপোর্টে বুথের নিরাপত্তা ও পরিকাঠামো নিয়ে সন্তুষ্ট হতে পারেনি কমিশন। সেই কারণে বুধবার দিল্লি থেকে সরাসরি ভার্চুয়াল বৈঠকে পর্যবেক্ষক, জেলাশাসক ও জেলা পুলিশ সুপারদের সঙ্গে বৈঠক করার সিদ্ধান্ত নিয়েছে জ্ঞানেশ। এদিন সিইও দপ্তরের এক আধিকারিক বলেন, 'প্রতিটি বুথের পরিকাঠামো কী হবে সে সম্পর্কে নির্দিষ্ট গাইডলাইন রয়েছে কমিশনের। তা মেনেই বুথ তৈরি করতে হবে।' এ ব্যাপারে প্রশাসনকে বারবার বলেও কাজ না হওয়ায় ক্ষুব্ধ কমিশন। ইতিমধ্যেই কমিশনের নির্দেশে বুথের পরিকাঠামো যাচাই করার জন্যে সচিব পদমর্যাদার একজন আধিকারিককে নিয়োগ করতে নবান্নকে নির্দেশ দিয়েছে কমিশন। ওই আধিকারিকরা বুথের পরিকাঠামো ক্ষতিয়ে দেখবেন।

এদিকে বুথের নিরাপত্তায় প্রতিটি বুথ ও সহায়ক বুথে ভিতরে ও বাইরে বসানো হচ্ছে উচ্চ প্রযুক্তি সম্পন্ন সিসি ক্যামেরা। রোল অবজার্ভার প্রধান সুব্রত গুপ্ত বলেন, 'বুথের বাইরের ক্যামেরা থেকে ভোটের লাইন পরিচয়পত্র পরীক্ষা সংক্রান্ত বিষয়গুলির দিকে নজর রাখা হবে। বুথের ভিতরে যে ক্যামেরা থাকবে সেই ক্যামেরায় কোনও ভোটার বুথের মধ্যে ঢোকার পর ভোট দেওয়ার আগে ইভিএম পর্যন্ত তার প্রতিটি গতিবিধির দিকে নজর রাখবে। কোনও অস্বাভাবিক ঘটনা ঘটলে এআইএ'র মাধ্যমে ওই ক্যামেরা কন্ট্রোল রুমে বিশেষ সিগন্যাল পাঠাবে। কন্ট্রোল রুমে মাইক্রো অবজার্ভাররা সেই সংকেত পেলেই সঙ্গে সঙ্গে তা সেক্টর অফিসার, পুলিশ পর্যবেক্ষক, সাধারণ পর্যবেক্ষক এবং কুইক রেসপন্স টিমকে জানিয়ে দেবে।' ভোটের দিনে নজরদারির জন্যে সিইও দপ্তরের কন্ট্রোল রুমে বসানো হয়েছে ৭২টি টিভি স্ক্রিন। তবে বিরোধীদের আশঙ্কা উড়িয়ে সুব্রত বলেন, 'কোনওভাবেই ইভিএমে ভোট দেওয়া ছবিতে নজরদারি নয়। অধিকাংশ ক্ষেত্রেই বুথের গণ্ডগোল বা ইভিএম খারাপের মতো ঘটনার খবর কমিশনের কাছে পৌঁছোতে দেরি হয়। এই ক্যামেরায় তা সঙ্গে সঙ্গেই জানা যাবে। ফলে দ্রুত ব্যবস্থা নেওয়া সম্ভব হবে।'

# বালুর কাজ সবচেয়ে সেরা

## প্রাক্তন খাদ্যমন্ত্রীর প্রশংসায় পঞ্চমুখ মুখ্যমন্ত্রী

**হাবড়া ও বনগাঁ, ৭ এপ্রিল :** র‌্যাশন দুর্নীতিতে যুক্ত থাকার অভিযোগে কারাবাস করা সত্ত্বেও ভোট প্রচারে এসে হাবড়ার দলীয় প্রার্থী জ্যোতিপ্রিয় মল্লিককে দরাজ সার্টিফিকেট দিলেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রীর ওপর আস্থা রেখে তিনি বলেন, 'আমার সরকারে বালু যত ভালো কাজ করেছে তা আর কেউ করতে পারেনি।' ডিজিটাল র‌্যাশন কার্ড থেকে চালু থেকে শুরু করে ভুয়ো কার্ড রোখার কাজ তাঁর জন্যই সম্ভব হয়েছে বলে জানান মমতা। তাঁর অভিযোগ, বাম আমলের প্রায় লক্ষ লক্ষ ভুয়ো র‌্যাশন কার্ডের কারচুপি জ্যোতিপ্রিয় ধরে ফেলেছিলেন বলেই তাঁকে ফাঁসানো হয়। বালু রাম-বাম আঁতাতের রাজনৈতিক প্রতিহিংসার শিকার বলে জানান তিনি। মমতা বলেন, 'বালুর নামে বদনাম দিয়ে বেড়াচ্ছে আমি শুনেছি। জেনে রাখুন, বালু যত ভালো কাজ করেছে তা কেউ করতে পারেনি। ওকে হিংসা করে গ্রেপ্তার করেছিল। সিপিএমের চুরি, ডাকাতিটা ধরেছিল বালু। তাই বিজেপিকে দিয়ে বালুর বিরুদ্ধে এটা করিয়েছে।'



হাবড়ার সভায় জ্যোতিপ্রিয় মল্লিকের সঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায়। -সংবাদ চিত্র

এদিন বনগাঁ এবং চাকদাতেও দুটি জনসভা করেন মমতা। বনগাঁর সভা থেকে মতুয়াদের পাশে দাঁড়ানোর বার্তা দেন তিনি। নেত্রী বলেন, 'এসআইআরে মতুয়াদের প্রচুর নাম বাদ গিয়েছে। ঠাকুরনগরের ঠাকুরবাড়িতেও বিভেদের রাজনীতি করছে গেরুয়া শিবির। যারা আজ ঠাকুর পরিবারে বিভেদ করে ভাবছে ভোটের রাজনীতি করবে, আমি বলছি, বেশি কথা বোলো না। অনিল আম্বানির কেসে কার কার নাম আছে জানি। শুধু বিজেপি করে বলে তোমাদের ঘরে ইডি, সিবিআই আসে না। তৃণমূল করলে কিছু না করলেও ইডি, সিবিআই আসে। মতুয়াদের নিয়ে রাজনীতি করলে মুখোশ খুলে দেব।'

এসআইআরের নামে বৈধ ভোটারদের নাম কাটার অভিযোগ তুলে মমতার তির, 'কত ভোট কেটেছিলে বনগাঁ, বাগদা থেকে? ভোটের আগে বলবে হিন্দু-মুসলমান। বিজেপিকে বিশ্বাস করা আর গোখরো সাপকে বিশ্বাস করা একই ব্যাপার। বিজেপির মাথায় শুধু বিষ। বিষবৃক্ষ থেকে আম জন্মায় না।' চাকদার সভাতেও বিজেপির বিরুদ্ধে চক্রান্ত করার অভিযোগ তোলেন মমতা। তিনি বলেন, 'লক্ষ লক্ষ সেন্ট্রাল ফোর্স পাঠানো হচ্ছে। আমাদের থাকতে দিতে হবে। খেতে দিতে হবে। তারপরও তাঁরাই বিজেপির হয়ে কাজ করবে। কেন্দ্রীয় বাহিনীকে আমি সম্মান করি। কিন্তু রাস্তা আটকালে ঝাড়ু দিয়ে রাস্তা পরিষ্কার করবেন।' কেন্দ্র-নির্বাচন কমিশন আঁতাত নিয়ে তাঁর তোপ, 'বহিরাগতদের বাংলায় নিয়ে এসে চক্রান্ত করছে বিজেপি। তাদের কথাতেই কমিশন কাজ করছে। নাম কাটছে, ভোট লুটছে। নাম বাদ গেলে ট্রাইবিউনালে আবেদন করতে হবে। একটা লোককেও বাংলা থেকে তাড়াতে দেব না। উকুন বেছে বেছে নাম বাদ দিয়েছে।'

# মনোনয়নপত্র পেশে এগিয়ে উত্তরবঙ্গ

**কলকাতা, ৭ এপ্রিল :** দক্ষিণবঙ্গের তুলনায় রাজ্যের প্রথম দফার ভোটে উত্তরবঙ্গের বেশ কিছু বিধানসভা আসনে বেশি প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে। মঙ্গলবার কমিশন সূত্রে খবর, সবচেয়ে বেশি ২৩ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন করণদিঘী আসনে। তারপর মেখলিগঞ্জের ১৮ জনের, কোচবিহার দক্ষিণে ১৬ জনের, মাথাভাঙা, ধূপগুড়ি, ময়নগুড়ি, হেমতাবাদ, কালীয়াগঞ্জ, ইটাহার, গাজল, ডোমকল ও সিউড়ি বিধানসভা কেন্দ্রে মনোনয়ন জমা পড়েছে ১৫ জন প্রার্থীর।

সবচেয়ে কম প্রার্থীর মনোনয়ন জমা পড়েছে শালতোড়া, চন্দ্রকোণা ও এগরায়। তিনটি বিধানসভা আসনে ৬ জন করে প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। পশ্চিম মেদিনীপুরের দাতন, মুর্শিদাবাদের নবগ্রাম, ও দার্জিলিং বিধানসভা আসনে ৭ জন করে প্রার্থী মনোনয়ন পেশ করেছেন।



কালীঘাটে পুজো দিতে যাচ্ছেন অভিনেত্রী কঙ্গনা রানাওয়াত। -পিটিআই।

# সাংবিধানিক সংকটের জল্পনা পশ্চিমবঙ্গে

স্বরূপ বিশ্বাস

**কলকাতা, ৭ এপ্রিল :** 'ট্রাইবিউনালে'র কোপে পড়ে রাজ্যে ভোট তো দূরঅস্ত, শেষপর্যন্ত বাংলায় সাংবিধানিক সংকটের আশঙ্কা দানা বাঁধছে বিভিন্ন মহলে। অবস্থা যেদিকে গড়াচ্ছে, তাতে নির্দিষ্ট সময়ে ভোট হওয়া নিয়ে সন্দেহ হচ্ছে। যার চূড়ান্ত পরিণতি রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারির মতো পরিস্থিতি হতে পারে। সুপ্রিম কোর্টের সাম্প্রতিক পর্যবেক্ষণ থেকে এই ইঙ্গিত মেলায় রাজনৈতিক মহলে তোলপাড় শুরু হয়েছে। কী হবে তা নিয়ে এখনও খোলসা করে সুপ্রিম কোর্টও জানাতে পারেনি। আগামী ১৩ এপ্রিল এই মামলার চূড়ান্ত রায় দিতে পারে শীর্ষ আদালত। ইতিমধ্যেই বাংলার ভোটার তালিকা থেকে প্রায় ২৯ লক্ষ নাম বাদ পড়েছে। এই বাদ পড়াদের জন্য 'ট্রাইবিউনাল'-এ আবেদনের সুযোগ মিলতেই সেখানে পাহাড় প্রমাণ দরখাস্ত জমা পড়ছে। তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সক্রিয়তায় তৃণমূল কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে এই আবেদন করানোর কাজ করছেন। পিছিয়ে নেই বাম, কংগ্রেস বা বিজেপিও।

কিন্তু আসল প্যাঁচটা অন্য জায়গায়। এই লক্ষ লক্ষ আবেদনের শুনানি ভোটের আগে শেষ হওয়া সম্ভব কিনা, সন্দেহ দেখা দিচ্ছে। ট্রাইবিউনাল যদি কাউকে 'যোগ্য' বলে রায় দেয়, আর নির্বাচন কমিশন যদি তা চ্যালেঞ্জ করে উচ্চ আদালতে যায়, তবে আইনি লড়াই চলতেই থাকবে। এদিকে ভোট নেওয়ার নির্দিষ্ট সময়ও পেরিয়ে যেতে পারে। বৈধ ভোটারদের অধিকার কেড়ে নেওয়া যেমন আদালতের পক্ষে অসম্ভব, তেমনই লক্ষ লক্ষ মানুষের নাম বাদ দিয়ে ভোট করা নিয়ে উঠছে নৈতিক প্রশ্ন।

যদি নির্দিষ্ট সময়ের মধ্যে এই আইনি জট না কাটে এবং ভোট নেওয়া সম্ভব না হয়, তবে রাজ্যে নতুন সরকার গড়া যাবে না। সেক্ষেত্রে একমাত্র পথ রাষ্ট্রপতি শাসন জারি করা। প্রধান বিচারপতির পর্যবেক্ষণও এই আশঙ্কার দিকেই ইঙ্গিত দিচ্ছে। দেশের সর্বোচ্চ আদালত এবং নির্বাচন কমিশন এখন কোন পথে হাঁটে, সেটাই দেখার। ভোট পিছোবে নাকি ২৯ লক্ষ মানুষকে ব্রাত্য রেখেই হবে নির্বাচন, ১৩ এপ্রিলের দিকেই এখন তাকিয়ে গোটা বাংলা।

# সঙ্গী বিজেপি নেতা, প্রশ্নের মুখে সিইও

**কলকাতা, ৭ এপ্রিল :** ভোটমুখী বাংলায় নির্বাচন কমিশনের সঙ্গে বিজেপির আঁতাতের অভিযোগে সুর সপ্তমেই রাখছে তৃণমূল। সম্প্রতি নন্দীগ্রামের ভোটপ্রস্তুতি খতিয়ে দেখতে গিয়েছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল। সেই সময় এক স্থানীয় বিজেপি নেতাকে তাঁর সঙ্গে ঘুরতে দেখা গিয়েছে বলে মঙ্গলবার অভিযোগ তুলল তৃণমূল। তৃণমূল ভবনে এক সাংবাদিক বৈঠক করে চন্দ্রিমা ভট্টাচার্য ও কুণাল ঘোষ একটি ছবি দেখান। তাঁদের দাবি, রবিবার নন্দীগ্রামের বিভিন্ন স্পর্শকাতর এলাকায় ঘোরার সময় মনোজ আগরওয়ালের ঠিক পাশেই ছিলেন তপনকুমার মহাপাত্র নামে ওই বিজেপি নেতা। শাসকদলের প্রশ্ন, নিরপেক্ষতার বুলি আউড়ে কমিশনের শীর্ষকর্তা কেন বিরোধী দলনেতার ঘনিষ্ঠ নেতার 'ছায়াসঙ্গী' হয়ে ঘুরছেন? কুণালের কটাক্ষ, 'নির্বাচন কমিশন বিজেপির দলদাসে পরিণত হয়েছে। এবার কমিশন তাদের হয়ে তারকা প্রচারকের তালিকা প্রকাশ করে দিক। মুখোশটা খুলে ফেলুক।' অপরদিকে চন্দ্রিমা ভট্টাচার্যের প্রশ্ন, 'সিইও নন্দীগ্রামে যেতেই পারেন, কিন্তু কেন তাঁকে বিজেপি ক্যাডার নিয়ে ঘুরতে হবে? এটাই কি কমিশনের নিরপেক্ষতা?'

তৃণমূলের দাবি, এই তপনবাবু নন্দীগ্রামের কালীচরণপুর অঞ্চলের বিজেপির আহ্বায়ক এবং শুভেন্দু অধিকারীর অত্যন্ত ঘনিষ্ঠ। তাদের অভিযোগ, রাজ্যে লক্ষ লক্ষ বৈধ ভোটারের নাম তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে, অথচ অন্য রাজ্যের ভোটারদের নাম ঢোকানোর চেষ্টা চলছে। এদিকে, তৃণমূলের এই 'ছবি-বোমা'র পালটা সাফাই দিয়েছে বিজেপি। নন্দীগ্রামের বিজেপি নেতা প্রলয় পাল বিষয়টিকে কার্যত আধ্যাত্মিক পর্যায়ে নিয়ে গিয়েছেন। তাঁর দাবি, মনোজ আগরওয়াল একজন নিরপেক্ষ আধিকারিক হিসেবে সাধারণ মানুষের কাছে 'ভগবান' হয়ে উঠেছেন। তাই ব্যক্তিগত পরিচয় থেকে কেউ যদি সেই 'ভগবান'কে দেখতে যান, তাতে দোষের কিছু নেই। অর্থাৎ, তপন মহাপাত্রের উপস্থিতি অস্বীকার না করলেও, বিজেপি একে নেহাতই 'ভক্তের ভগবান দর্শন' বলে লঘু করার চেষ্টা করেছে। তিনি বলেন, 'এই প্রথম একজন সিইও নিরপেক্ষতার সঙ্গে কাজ করছেন। সাধারণ মানুষের কাছে তিনি ভগবান হয়ে উঠেছেন। রাজনৈতিক পরিচয়ের বাইরেও ব্যক্তির পছন্দ-অপছন্দ থাকে। সেই ব্যক্তি পরিচয় থেকেই কেউ যদি ভগবানকে দেখতে যান তাতে কার কী বলার আছে?'



ব্যারাকপুরে বিজেপি প্রার্থীদের সঙ্গে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও শমীক ভট্টাচার্য। মঙ্গলবার। -সংবাদ চিত্র

## '৫৫ বছর আগে টুকরো করেছিলাম'

# পাকিস্তানকে কড়া বার্তা রাজনাথের

**কলকাতা, ৭ এপ্রিল :** বাংলার ভোটযুদ্ধে আচমকা পাকিস্তান প্রসঙ্গ তেতে উঠছে। সেদেশের প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফের কলকাতায় হামলার হুমকি নিয়ে সোমবারই বিজেপিকে নিশানা করেছিলেন তৃণমূলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়রা। কেন্দ্র কেন চুপ তা নিয়ে প্রশ্ন তুলেছিলেন তাঁরা। মঙ্গলবার সেই প্রশ্নের জবাব দেওয়ার পাশাপাশি পাকিস্তানকেও বার্তা দিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

ব্যারাকপুরে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, '৫৫ বছর আগের কথা মনে রাখা উচিত পাকিস্তানের। কীভাবে দু-টুকরো হয়েছিল। আবার কিছু করার চেষ্টা করলে পরিণতি কী হবে সেটা ওঁরাই বুঝতে পারবেন।' এদিন ব্যারাকপুরে একটি জনসভাও করেন রাজনাথ। কিন্তু সেখানে পাকিস্তান প্রসঙ্গে প্রথমে কিছু বলেননি। তার বদলে মমতাকেই নিশানা করেন প্রতিরক্ষামন্ত্রী।

সম্প্রতি কেরলে রাজনাথ বলেছিলেন, 'অপারেশন সিঁদুর এখনও শেষ হয়নি।' কিন্তু তারপর পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রীর আস্ফালন নিয়ে মমতা-অভিষেক সুর চড়াতেই সরব হতে বাধ্য হয়েছেন রাজনাথ। এদিন জনসভায় অবশ্য রাজনাথের আক্রমণের বেশিরভাগটাই ছিল তৃণমূলের বিরুদ্ধে। তিনি বলেন, 'গতবার বাংলা নিজের মেয়েকে চেয়েছিল। তাই আপনারা ভোট দিয়েছিলেন। কিন্তু উনি বাংলার মানুষের জন্য কিছু করেননি। উলটে বাংলার মানুষের পিঠে ছুরি মেরেছেন।' বেকারত্ব প্রসঙ্গে রাজনাথের তোপ, 'এখানকার ছেলেমেয়েরা কাজের জন্য বাইরের রাজ্যে চলে যাচ্ছেন। এই রাজ্যে কাজ নেই। শিল্প নেই। কারখানা নেই। তার বদলে সর্বস্তরে দুর্নীতি হচ্ছে।'

তৃণমূলনেত্রী অনুপ্রবেশকারীদের বাঁচানোর চেষ্টা করছেন বলেও অভিযোগ তোলেন প্রতিরক্ষামন্ত্রী। এদিন বাংলা দখলে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়কেও স্মরণ করেন তিনি। পশ্চিমবঙ্গে পদ্মকে আনার বার্তা দিয়ে রাজনাথ বলেন, 'অনেক হয়েছে জোড়া ঘাসফুল। বাংলা মাঙ্গে কমল ফুল।' এদিন মনোনয়ন জমা দেওয়ার আগে দলীয় প্রার্থীদের নিয়ে ব্যারাকপুর স্টেশন থেকে চিড়িয়ামোড় পর্যন্ত মিছিল করেন তিনি।

> গতবার বাংলা নিজের মেয়েকে চেয়েছিল। তাই আপনারা ভোট দিয়েছিলেন। কিন্তু উনি বাংলার মানুষের জন্য কিছু করেননি। উলটে বাংলার মানুষের পিঠে ছুরি মেরেছেন।
>
> -রাজনাথ সিং

# অধ্যাপকদের ডিএ মেটাতে পদক্ষেপ নবান্নের

স্বরূপ বিশ্বাস

**কলকাতা, ৭ এপ্রিল :** বকেয়া ডিএ দেওয়া নিয়ে ১৫ এপ্রিলের মধ্যে সব ধরনের অনিশ্চয়তার ছবি প্রায় নির্মূল করতে জরুরি ভিত্তিতে পরের পর পদক্ষেপ করেই চলেছে নবান্ন। সরকারি কর্মীরা ছাড়াও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষাকর্মী, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অশিক্ষক কর্মচারীদের বকেয়া ডিএ পাওয়া নিয়ে একটা ধোঁয়াশা তৈরি হয়েছিল। ধোঁয়াশা কাটাতে শেষপর্যন্ত এঁদেরও ২০১৬ থেকে ২০১৯ পর্যন্ত বকেয়া ডিএ মেটানোর বহু প্রতীক্ষিত প্রক্রিয়াও শুরু করল নবান্ন। মঙ্গলবার নবান্ন সূত্রে খবর, রাজ্যের শিক্ষা দপ্তরের সদর দপ্তর বিকাশ ভবন থেকে সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষাকর্মী ও পেনশনভোগীদের তথ্য সংগ্রহের কাজ শুরু করল অর্থ দপ্তর।

শিক্ষা দপ্তর সূত্রে খবর, স্কুলের শিক্ষক ও শিক্ষাকর্মী ও পেনশনভোগীদের প্রয়োজনীয় তথ্য ইতিমধ্যেই দপ্তর থেকে নবান্নের অর্থ দপ্তরে পাঠানো শুরু হয়েছে। কার কত বকেয়া মহার্ঘভাতা প্রাপ্য তার হিসেব-নিকেশও চলছে জোর কদমে। শুধু স্কুল স্তরেই নয়, এবার বিকাশ ভবনের উচ্চশিক্ষা দপ্তর থেকে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও শিক্ষাকর্মীদের তথ্য নবান্নের অর্থ দপ্তরে পাঠানোর কাজও শুরু হল। সেইসঙ্গে পেনশনভোগীদের প্রাপ্য বকেয়ার হিসেবও শুরু হয়েছে। বকেয়ার সময়পর্ব ভাগ করে তথ্য সংগ্রহ করা হচ্ছে। তথ্য সংগ্রহ ও বকেয়ার গণনার পর যাতে 'ম্যাচিং অর্ডার' জারি করা যায় তার জন্যই নবান্নের অর্থ দপ্তরের এই পদক্ষেপ। এর আগে সম্প্রতি নবান্নে সরকারের গ্রুপ ডি কর্মী, শিক্ষক ও অশিক্ষক কর্মচারী ও সরকার অধিগৃহীত সংস্থা, পুরসভা ও পঞ্চায়েত কর্মী ও পেনশনভোগীদের বকেয়া ডিএ জরুরি ভিত্তিতে দিতে অর্থ দপ্তর উচ্চপর্যায়ের বৈঠক করে।

# বিধান রায়ের বাংলা গড়ার ডাক কংগ্রেসের

রিমি শীল

**কলকাতা, ৭ এপ্রিল :** 'লক্ষ্মীর ভাণ্ডার' কিংবা 'কিষাণ নিধি' নয়, এবার সরাসরি 'দুর্গা সম্মান' আর 'কৃষক সম্মান'-এর গ্যারান্টি নিয়ে ভোটের ময়দানে নামল কংগ্রেস। সোমবার বিধানসভা নির্বাচনের ইস্তাহার প্রকাশ করেন এআইসিসি সভাপতি মল্লিকার্জুন খাড়গে ও জয়রাম রমেশের। বাংলায় তৃণমূল ও বিজেপির সঙ্গে আপস করতে রাজি নয় হাত শিবির। বিধানচন্দ্র রায়ের আদর্শকে হাতিয়ার করে দলের এবারের স্লোগান, 'বিধান রায়ের বাংলা আবার গড়ব আমরা'।

জাতীয় স্তরে 'ইন্ডিয়া' জোটের সমীকরণ যাই হোক, বাংলায় এসে তৃণমূল ও বিজেপিকে একই বন্ধনীতে রাখলেন খাড়গে। বলেন, 'তৃণমূল ১৫ বছরে শিল্প বা কর্মসংস্থান করতে পারেনি, আর বিজেপি শুধু মেরুকরণের রাজনীতি বোঝে। আমরা নেহরুর সংকল্প আর বিধান রায়ের উন্নয়নের মিশেলে তৃতীয় বিকল্প নিয়ে এসেছি।' মন্ত্রীর ঘর থেকে টাকা উদ্ধার নিয়ে রাজ্যের দুর্নীতিকে বিঁধতে ছাড়েননি তিনি। একইভাবে জয়রাম রমেশও মনে করিয়ে দিয়েছেন, জাতীয় স্তরে জোট থাকলেও রাজ্যে লড়াই হবে রাজ্যের ইস্যুতেই।

ভোটের লড়াইতে ভাতার প্রভাব মেনে নিয়ে মহিলাদের মাসিক ২ হাজার টাকা 'দুর্গা সম্মান' ভাতা এবং কৃষকদের বছরে ১৫ হাজার টাকা সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে কংগ্রেস। এর পাশাপাশি বিধান রায়ের নামে স্বাস্থ্য কার্ড, জেলা হাসপাতালে বিনামূল্যে ক্যানসার ও ডায়ালিসিস পরিষেবা এবং ২০০ ইউনিট পর্যন্ত বিনামূল্যে বিদ্যুতের ঘোষণা করা হয়েছে। আধুনিক শিক্ষায় জোর দিতে প্রতিটি স্কুলে ইংরেজি ও কৃত্রিম বুদ্ধিমত্তা শিক্ষার ব্যবস্থা এবং জেলায় জেলায় এআই প্রতিষ্ঠান তৈরির প্রতিশ্রুতিও রয়েছে ইস্তাহারে। নারী সুরক্ষায় 'অভয়া নারী সুরক্ষা আইন' এবং উত্তর ও দক্ষিণবঙ্গে ক্রীড়া বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রতিশ্রুতি দিয়েছে। এবারের নির্বাচনে কেবল ভোট নয়, বাংলার শাসনব্যবস্থার বদলাতে দিতে মরিয়া হাত শিবির।

**মহিলাদের মাসে ২ হাজার, কৃষকদের বছরে ১৫ হাজার**



কংগ্রেসের ইস্তেহার হাতে খাড়গে, শুভংকর, জয়রাম রমেশ। মঙ্গলবার।

# শান্তিপুরি তাঁতের শাড়িতে পদ্ম-জোড়াফুল

ভোট উৎসব

**শান্তিপুর, ৭ এপ্রিল :** ভোটের বাংলা আর শাড়ি—বাঙালির এই দুই চিরন্তন আবেগকে এক সুতোয় বেঁধে এবারের নির্বাচনী ময়দানে আক্ষরিক অর্থেই ঝড় তুলেছেন নদিয়ার শান্তিপুরের এক উদ্যোগী ডিজাইনার। দেওয়াল লিখন বা ফ্লেক্সের চেনা ছক ভেঙে এবার শান্তিপুরের বিখ্যাত তাঁতের শাড়ির আঁচলই হয়ে উঠেছে শাসক-বিরোধীর প্রচারের অন্যতম ক্যানভাস। মাত্র ২৪০ টাকা দামের এই 'পলিটিক্যাল শাড়ি' এখন বাংলার নারী ভোটারদের মন জয় করতে তৃণমূল এবং বিজেপিদের শিবিরেই তুরুপের তাস। শান্তিপুরের কারিগর রাজু দাসের ওয়ার্কশপে এখন কার্যত দম ফেলার ফুরসত নেই। ইতিমধ্যেই ১৫ হাজারেরও বেশি শাড়ির বরাত চলে গিয়েছে রাজ্যের প্রতিটি প্রান্তে।

দুই রাজনৈতিক দলের প্রচারের কৌশলের ফারাকটা এই শাড়ির নকশাতেই বেশ স্পষ্ট। তৃণমূলের শাড়িগুলি যেন সরকারের উন্নয়নমূলক প্রকল্পের এক জীবন্ত প্রচারপত্র। বিভিন্ন সামাজিক প্রকল্পের মোটিফের সঙ্গে সেখানে জ্বলজ্বল করছে ঘাসফুল প্রতীক এবং স্লোগান—'যতই করো হামলা, আবার জিতবে বাংলা'। অন্যদিকে, ২০২০ সালের নির্বাচনের আগে ডিজাইনার অগ্নিমিত্রা পালের তৈরি পদ্ম-শাড়ির 'বাণিজ্যিকীকরণ' নিয়ে যে তীব্র বিতর্ক তৈরি হয়েছিল, তা থেকে স্পষ্টতই শিক্ষা নিয়েছে গেরুয়া শিবির।



তাঁতের শাড়িতে ফুটে উঠেছে যুযুধান দুই প্রতিপক্ষের প্রতীক।

এবার আর কোনও ডিজাইনার চমক নয়, বরং একেবারে সাধারণ 'বাঙালিয়ানা'-কে ছুঁতে খাঁটি সুতির তাঁতের ওপর বিভিন্ন মাপের পদ্মফুল ছাপিয়েই মানুষের ঘরে পৌঁছতে চাইছে তারা। বিজেপির স্থানীয় নেতৃত্বের দাবি, দলের মহিলা কর্মীরা শুধু মিছিল বা মনোনয়ন জমা দেওয়ার সময়ই নয়, দৈনন্দিন কাজের ফাঁকেও এই শাড়ি পরে সাধারণ ভোটারদের মনে এক নীরব প্রভাব ফেলার চেষ্টা করছেন।

অনেকের মতে, এই অভিনব উদ্যোগ শুধু নির্বাচনের ময়দানকেই রঙিন করছে না, পাশাপাশি ধুঁকতে থাকা শান্তিপুরের তাঁতশিল্পকেও ভোটের মরশুমে এক অপ্রত্যাশিত অর্থনৈতিক অক্সিজেন জোগাচ্ছে। স্থানীয় তাঁতিদের কাছ থেকে পাইকারি হারে শাড়ি কিনে তার ওপর নিখুঁতভাবে রাজনৈতিক বার্তা ছেপে দিচ্ছেন রাজু। গণতন্ত্রের সবচেয়ে বড় উৎসবে যখন কাদাছোঁড়াছুড়ি আর রাজনৈতিক তরজা তুঙ্গে, তখন শান্তিপুরের এই সুতির তাঁত যেন নিঃশব্দেই প্রমাণ করে দিচ্ছে, বাংলার ভোটযুদ্ধে আভিজাত্য আর আবেগের মিশেলে বোনা শাড়ির কোনও বিকল্প আজও তৈরি হয়নি।

■ ৪৬ বর্ষ ■ ৩১৮ সংখ্যা, বুধবার, ২৪ চৈত্র ১৪৩২

# ‘নরক’ই কি ভবিষ্যৎ?

ব্যতিক্রমী নির্বাচন তো বটেই। বহু মানুষকে ভোটাধিকার থেকে বঞ্চিত রেখে নির্বাচন হতে চলেছে। যাঁদের নাগরিকত্ব আছে না নেই, তা যাচাই না করেই। যেখানে বলা হয়ে থাকে, একজন নাগরিককেও বঞ্চিত রেখে নির্বাচন করানো অনুচিত। এই মৌলিক প্রশ্নটি না নির্বাচন কমিশন গুরুত্ব দিয়েছে, না সুপ্রিম কোর্ট উল্লেখ করেছে। এসআইআর-এর বিরোধিতায় সোচ্চার দলগুলিও আশ্চর্যরকমভাবে বিষয়টি নিয়ে নীরব।

সবচেয়ে উদ্বেগের কথা, একেবারে ব্লক স্তরে বিচারকদের বিচারে যাঁদের বাতিল ঘোষণা হয়েছে, তাঁদের ভবিষ্যৎ নিয়ে চরম ধোঁয়াশা এখন। এটা নিশ্চিত করে দেওয়া হয়েছে যে, যতই ট্রাইবিউনাল গঠন করা হোক, এই বাতিলদের অন্তত ছাব্বিশের নির্বাচনে ভোটাধিকার থাকছে না। রাজ্যের মুখ্য নির্বাচনি আধিকারিক মনোজ আগরওয়াল সেই সত্য পরিষ্কার ভাষায় বলে দিয়েছেন।

এবার বঞ্চিত হলেও ভবিষ্যতে ভোটাধিকার ফিরে পেতে পারেন বলে সুপ্রিম কোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী আশ্বাসবাণী শুনিয়েছেন বটে। কিন্তু কীভাবে সেই অধিকার ফিরে পাওয়া যাবে, তার ব্যাখ্যা স্পষ্ট নয়। বাতিলদের আপিল করার জন্য সুপ্রিম কোর্টের গড়ে দেওয়া ট্রাইবিউনাল এখনও ঠিকঠাক কাজ শুরু করেনি। এমনকি, কোন পদ্ধতিতে ট্রাইবিউনাল কাজ করবে, তাও ঠিক হয়নি। সেই পদ্ধতি ঠিক করতে সুপ্রিম কোর্ট আবার একটি কমিটি তৈরি করে দিয়েছে।

ট্রাইবিউনালের পরিকাঠামো এখনও প্রস্তুত নয়। ট্রাইবিউনাল শুধু কলকাতায় বসলে প্রত্যন্ত জেলার আবেদনকারীদের আবার ভোগান্তির চরম হবে। মানুষ তা সহ্য করলেও ছাব্বিশের নির্বাচনের আগে তাঁদের ভোটাধিকার ফিরে পাওয়ার সম্ভাবনা নেই। সোজা কথায় তাঁদের বাদ দিয়ে ভোট হতে চলেছে। এটাই আশ্চর্যের। সংবিধান এমন অর্ধসমাপ্ত প্রক্রিয়ায় কীভাবে নির্বাচন অনুমোদন করবে- এই প্রশ্নের উত্তর কোনও মহল থেকে মিলছে না।

একটি রাজ্যের প্রায় ৯০ লক্ষ মানুষের আচমকা ভোটার তালিকা থেকে উধাও হয়ে যাওয়া সোজা কথা নয়। উধাওয়ের তালিকায় নিশ্চয়ই অনেক মৃতের নাম আছে বা অন্য রাজ্যে চলে যাওয়া কেউ কেউ আছেন। কিন্তু বিচারাধীন বলে প্রায় ৬০ লক্ষ মানুষকে দাগিয়ে দেওয়ার কারণ সম্পর্কে সংশয় থেকেই গিয়েছে। এই ৬০ লক্ষের মধ্যে ২৭ লক্ষের নামের পাশে পাকাপাকিভাবে ডিলিটেড স্ট্যাম্প পড়ে যাওয়ার ক্ষেত্রেও যথেষ্ট যুক্তির অভাব আছে।

ভোট হয়ে গেলে ট্রাইবিউনালে হত্যে দিয়ে পড়ে থাকার আগ্রহ আর কতটা থাকবে, প্রশ্ন সেটাও। কারণ ততদিনে সমস্যাটির প্রাসঙ্গিকতা অনেকটাই ফিকে হয়ে আসবে। আইনি জটিলতাও কম নয়। নির্বাচন কমিশনের কাজ এবার যেভাবে বিচারকরা করে দিলেন এবং ট্রাইবিউনালের গঠন নজিরবিহীন। এর যৌক্তিকতা নিয়ে যে কোনও নাগরিক প্রশ্ন তুলতেই পারেন। গণতান্ত্রিক রাষ্ট্রে সেই অধিকার সব নাগরিকের আছে। রাষ্ট্রও এমন একটি মৌলিক অধিকারের প্রশ্নে জবাব দিতে বাধ্য।

ট্রাইবিউনাল আপিলগুলির যথাযথ নিষ্পত্তি করতে না পারলে বা আংশিক নিষ্পত্তি করলে ভোটাধিকারহীন একদল মানুষের অস্তিত্ব তৈরি হবে বাংলায়। ভোটাধিকার না থাকলে তাঁদের নাগরিকত্ব বৈধ কি না- সেই প্রশ্ন সামনে আসবে। সেক্ষেত্রে নাগরিকত্বহীন বসবাসকারীদের সংকট ও ভোগান্তি চরম সীমায় পৌঁছাবে। নিজভূমে পরবাসী শব্দবন্ধনী ব্যবহার করেও তাঁদের সর্বনাশ তখন পুরোপুরি ব্যাখ্যা করা যাবে না। যেমন ছিল একসময় ছিটমহলবাসীর জীবন। যাঁদের যাপন ছিল মিথ্যার ওপর।

সরকার যদি তাঁদের অস্তিত্ব শেষপর্যন্ত অস্বীকার করতে চায়, তাহলে পরিণতি হবে আরও মারাত্মক। তেমন পরিস্থিতি তৈরি হওয়ার আগে সময় থাকতে রাষ্ট্রের ও রাজনৈতিক দলগুলির উচিত বিষয়টির প্রতি যথাযথ নজর দেওয়া। দুর্ভাগ্যের হল, সেই নজর দেওয়ার চেষ্টার নজির এখনও পর্যন্ত দেখা যাচ্ছে না। রাষ্ট্রেরও না। রাজনৈতিক দলেরও না। মুখে যা-ই বলুক, দলগুলি বেশি ব্যস্ত তালিকায় ঠাঁই পাওয়া ভোটারদের সমর্থনে জিতে ক্ষমতায় আসতে। তাতে বাতিলদের জীবন নরক হয়ে গেলে যাক!

## অমৃতধারা

ভগবৎ দর্শন নিজ নিজ সংস্কারানুযায়ী হয়। যে যে স্তরে উঠেছে, সে সেই স্তরের সত্য দর্শন পায় মাত্র। তার বেশি সে দেখতে পায় না কারণ দেখলেও কিছু বুঝতে কি ধারণা করতে পারে না। হিন্দুর বেদান্ত প্রত্যক্ষ এবং জাগ্রত, এর মতো মধুর আর কিছুই নাই। বেদান্ত জ্ঞান হইলেই প্রকৃত প্রেমিক হওয়া যায়, ভাবের সম্যক বিকাশ তখনই হয়, কেননা ভাব তখন বিশ্বময় ছড়িয়ে পড়ে। ব্রহ্মাণ্ডের প্রতি অণু-পরমাণুতে তার অনুভূতি হয়। বৈদান্তিক কৃষ্ণকে যেমন বোঝেন, ভক্তিপন্থীও তেমন বুঝতে পারেন না। যার বিষয় কিছু জানলাম না, বুঝলাম না, শুধু শুধু কি তার উপর তেমন টান হয়? তা হয়না। জ্ঞানেই শ্রীকৃষ্ণতত্ত্ব ঠিক ঠিক বোঝা যায়।

**-স্বামী নিগমানন্দ সরস্বতীদেব**

# কলকাতার তাঁবেদারিতেই আটকে উত্তরের ভাগ্য

তারকা প্রচারকের তালিকা থেকে রাজ্যসভার সাংসদ— সর্বত্রই দক্ষিণবঙ্গের একচ্ছত্র দাপট; কলকাতার নেতাদের করুণা আর দাসত্বেই কি আটকে থাকবে উত্তরবঙ্গের রাজনৈতিক ভাগ্য এবং আত্মসম্মান?

**পল্লব বসু**



তৃণমূল কংগ্রেসের তারকা প্রচারকের তালিকার দিকে একবার চোখ বোলালেই যে রূঢ় সত্যটা দিনের আলোর মতো স্পষ্ট হয়ে ওঠে, তা উত্তরবঙ্গের মানুষের কাছে নতুন কিছু না হলেও, যথেষ্টই অপমানজনক। মনে হতেই পারে, দক্ষিণবঙ্গের দাদা-দিদিদের দাক্ষিণ্য আর কালীঘাট-ক্যামাক স্ট্রিটের দয়ার ওপরই যেন সুতোর মতো ঝুলে রয়েছে উত্তরের রাজনৈতিক অস্তিত্ব। শাসকদলের চল্লিশজনের হাই প্রোফাইল তারকা প্রচারকের তালিকায় উত্তরবঙ্গের প্রতিনিধিত্ব রীতিমতো মাইক্রোস্কোপ দিয়ে খুঁজতে হয়। প্রথম দুই ডজন নামে উত্তরের কোনও নেতার টিকিও নেই! গোটা তালিকাজুড়ে হয় দক্ষিণবঙ্গের নেতা-মন্ত্রীদের একচ্ছত্র দাপট, নয়তো ইউসুফ পাঠান বা কীর্তি আজাদের মতো ভিনরাজ্য থেকে উড়ে আসা ‘অতিথি’ সাংসদদের ভিড়। ৪০ জনের সেই দীর্ঘ তালিকায় উত্তরবঙ্গ থেকে জায়গা পেয়েছেন মাত্র দুজন— জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া এবং প্রকাশ চিকবড়াইক। অর্থাৎ, রাজ্যের একটি বিস্তীর্ণ এবং সামাজিকভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভৌগোলিক অঞ্চলের প্রতিনিধিত্ব মাত্র পাঁচ শতাংশ! শুধু তাই নয়, তাঁদের নামের আগে সগর্বে জ্বলজ্বল করছে রাজনীতিতে ঢের জুনিয়ার অদিতি মুন্সি বা বীরবাহা হাঁসদাদের নাম। অথচ এই তালিকায় অদ্ভুতভাবে ব্রাত্য উদয়ন গুহ, গৌতম দেব, কানাইয়ালাল আগরওয়াল, কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী বা সৌরভ চক্রবর্তীর মতো উত্তরের পোড়খাওয়া নেতারা।

এমন নয় যে, যাঁরা নির্বাচনে প্রার্থী হয়েছেন, তাঁদের তারকা প্রচারকের তালিকায় রাখা যায় না। অনেকেই আছেন। কিন্তু আসল সমস্যাটা লুকিয়ে রয়েছে দলের শীর্ষ নেতৃত্বের মানসিকতায়। এই যে জগদীশ বা প্রকাশ তালিকায় নাম পেলেন, এঁদের কি দক্ষিণবঙ্গের কোনও জেলায় বা খোদ কলকাতায় নিয়ে গিয়ে প্রচারে কাজে লাগাবে তৃণমূল? উত্তরটা সকলেরই জানা— না। এঁদের দৌড় ওই উত্তরবঙ্গের গণ্ডি পেরোবে না। এঁদের নাম রাখা হয়েছে নিছকই ‘উত্তরবঙ্গের কোটা’ পূরণ করার এক দায়সারা অঙ্ক মেলাতে। উত্তরের নেতারা যেন কলকাতার দাদাদের হুকুম তামিল করার জন্যই রাজনীতিতে এসেছেন।

### উন্নয়নের দম্ভ এবং সামগ্রিক বঞ্চনা

কলকাতার ক্ষমতার অলিন্দে কান পাতলে একটা তীব্র অহংকার এবং উন্নাসিকতার সুর শোনা যায়। এমন নয় যে, গত দেড় দশকের তৃণমূল শাসনে উত্তরবঙ্গে কোনও কাজই হয়নি। শিলিগুড়িতে ‘উত্তরকন্যা’ গড়ে তোলা বা জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ স্থাপন নিঃসন্দেহে এই সরকারের অন্যতম বড় সাফল্য। কিন্তু গণ্ডগোলটা বেধেছে সেই দানছত্র খোলার মানসিকতায়। রাজ্যের শাসকদলের নেতা-নেত্রীদের শরীরী ভাষা এবং কথাবার্তায় একটা প্রচ্ছন্ন দম্ভ সবসময় ফুটে ওঠে। তাঁদের আচরণ দেখলে মনে হয়—উত্তরবঙ্গের মানুষের কোনও ন্যায্য পাওনা বা অধিকার নেই, যা দেওয়া হচ্ছে তা যেন শাসকদলের একান্ত দয়া বা করুণা।



*প্রচারের টানে।। ইসলামপুরে দেব।*

নির্বাচনের ফলাফল একটু এদিক-ওদিক হলেই শীর্ষ নেতৃত্বের মুখে বারবার আক্ষেপ শোনা যায়—‘উত্তরের জন্য এই করে দিলাম, ওই করে দিলাম, তবুও ওঁরা আমাদের ভোট দেন না!’ এই কথার অন্তর্নিহিত অর্থটি অত্যন্ত ভয়ংকর। যেন মনে মনে বলা হচ্ছে, উত্তরবঙ্গবাসী অকৃতজ্ঞ। কিন্তু একটা কথা তৃণমূল নেতারা ভুলে যান যে, মানুষ শুধু ইট-কাঠ-পাথরের উন্নয়ন দেখে ভোট দেয় না; মানুষ সম্মান চায়, আত্মমর্যাদা চায়। যখন একটি অঞ্চলের মানুষকে বারবার বুঝিয়ে দেওয়া হয় যে তাঁরা দয়ার পাত্র, তখন সেই বঞ্চনা আর অপমানের ক্ষোভ ব্যালট বক্সে আছড়ে পড়তে বাধ্য। আর এই বঞ্চনা শুধু প্রচারের তালিকাতেই সীমাবদ্ধ নেই। সংসদের উচ্চকক্ষ অর্থাৎ রাজ্যসভায় প্রতিনিধি পাঠানোর ক্ষেত্রেও উত্তরবঙ্গের প্রতি তৃণমূলের এই একই চরম অনীহা বারবার প্রকট হয়েছে। দক্ষিণবঙ্গের তাবড় নেতা, অভিনেতা, সাংবাদিক বা বুদ্ধিজীবীদের রাজ্যসভায় পাঠানোর হিড়িকের মধ্যে উত্তরের মুখ প্রায় দেখাই যায় না। সম্প্রতি প্রকাশ চিকবড়াইককে রাজ্যসভায় পাঠানো হয়েছে ঠিকই, কিন্তু রাজনৈতিক মহলের মতে সেটাও সেই ‘উত্তরবঙ্গের আদিবাসী কোটা’ পূরণের এক হিসেবি চাল মাত্র। সার্বিকভাবে নীতি নির্ধারণের ক্ষেত্রে বা রাজ্যের ক্ষমতা কাঠামোর ভরকেন্দ্রে উত্তরবঙ্গের কোনও নেতারই কোনও বাস্তব অস্তিত্ব বা জোরালো কণ্ঠস্বর নেই।

### আত্মমর্যাদা বিকিয়ে কলকাতার দাসত্ব

এর জন্য অবশ্য শুধু কলকাতার নেতাদের দোষ দিয়ে লাভ নেই। উত্তরের তৃণমূল নেতাদের মেরুদণ্ডহীনতা এবং কলকাতামুখী তাঁবেদারিও এই করুণ অবস্থার জন্য সমানভাবে দায়ী। মমতা বন্দ্যোপাধ্যায় বা অভিষেক বন্দ্যোপাধ্যায় তো দূরের কথা, সুব্রত বক্সী, অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম বা হালের সায়নী ঘোষের মতো নেতারাও কথায় কথায় উত্তরের প্রবীণ নেতা-নেত্রীদের হুকুম দিতে অভ্যস্ত। আর উত্তরের নেতারাও হাত কচলাতে কচলাতে সেই হুকুম মাথা পেতে নিতেই সবচেয়ে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন। সম্মান আদায়ের কোনও তাগিদ তাঁদের মধ্যে দেখা যায় না। ২১ জুলাইয়ের শহিদ দিবসের মতো দলের সবচেয়ে বড় আবেগের মঞ্চটির কথাই ধরা যাক। কলকাতার সেই সুবিশাল মঞ্চে উত্তরবঙ্গের ক’জন নেতা সসম্মানে বসার সুযোগ পান? সে তো অনেক বড় ব্যাপার। খোদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের যে কোনও কর্মসূচির মঞ্চে কে জায়গা পাবে আর কে পাবে না, তা নিয়ে খোদ জেলা সভাপতিদেরও কোনও বক্তব্য রাখার অধিকার থাকে না। পুরো বিষয়টা নিয়ন্ত্রণ করে ‘টিম এবি’ বা আইপ্যাকের মতো কর্পোরেট সংস্থা। আর যাঁরা মঞ্চে একটু বসার সুযোগ পান, তাঁরা ভাবেন লটারির টিকিট জিতে গিয়েছেন! বয়সে অনেক ছোট, কিন্তু কলকাতার কাছাকাছি থাকা নেতাদের সামনে উত্তরের প্রবীণ নেতারাও পারলে কার্যত নতজানু হয়ে যান।

এই চরম রাজনৈতিক অবমাননার সবচেয়ে জ্বলন্ত উদাহরণ হল কিছুদিন আগের বাগডোগরা বিমানবন্দরের একটি ঘটনা। যুবরাজ অভিষেক বন্দ্যোপাধ্যায় উত্তরবঙ্গে ঝটিকা সফরে এসেছেন। দার্জিলিং সমতলের তৎকালীন জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ ছুটে গিয়েছেন তাঁর দলের ‘সেকেন্ড ইন কমান্ড’-কে স্বাগত জানাতে। কিন্তু নেতার দর্শন পাওয়া তো দূরের কথা, গোধূলিবেলার আলো-আঁধারিতে নেতার কনভয়ের পাইলট কারের ধাক্কায় প্রায় ছিটকে পড়ার জোগাড় হয়েছিল পাপিয়ার! মুহূর্তের মধ্যে সেই চরম অপমানজনক ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়ে যায়। গোটা উত্তরবঙ্গের মানুষ দেখেন, তাঁদের জেলার শাসকদলের শীর্ষ নেত্রীর কী করুণ অবস্থা! কিন্তু তাতেও কি কোনও হেলদোল আছে? একেবারেই নেই। পাপিয়া ঘোষের মতো নেতা-নেত্রীদের এর বিরুদ্ধে প্রকাশ্যে একটা শব্দ উচ্চারণ করারও সাহস নেই। পরেরবারও সেই একইভাবে হাতজোড় করে, হাসিমুখে কনভয়ের পাশে দাঁড়িয়ে থাকার রুটিন তাঁরা অক্ষরে অক্ষরে পালন করে চলেছেন। আর এই চূড়ান্ত আনুগত্য দেখানোর পরও কখন যে দলের রদবদলে তাঁরা পদহীন হয়ে যাবেন, সেটাও তাঁরা জানেন না। উত্তরের নেতাদের জন্য শাসকদলের অন্দরে এইটুকুই বরাদ্দ।

### জনবিচ্ছিন্ন ‘রিমোট কন্ট্রোল’ পুতুল-নেতা

রাজনীতিতে একটা কথা খুব প্রচলিত আছে— যে নেতা নিজের সম্মান আদায় করতে পারে না, সাধারণ মানুষ তাকে সম্মান করে না। উত্তরবঙ্গের তৃণমূল নেতাদের অবস্থা আজ ঠিক তেমনই। তাঁরা কলকাতার নেতাদের কাছে শুধু ‘ইয়েস স্যর’ বলার যন্ত্রে পরিণত হয়েছেন। দলের অন্দরে উত্তরবঙ্গের কোনও জ্বলন্ত ইস্যু বা অধিকার নিয়ে গলা ফাটানোর মতো বুকের পাটা তাঁদের নেই। কারণ তাঁরা জানেন, একটু বেচাল দেখলেই কলকাতার দাদারা তাঁদের ডানা ছেঁটে দেবেন। আর ঠিক এই জায়গাতেই উত্তরবঙ্গের সাধারণ মানুষের সঙ্গে শাসকদলের সবচেয়ে বড় মানসিক দূরত্বটা তৈরি হয়েছে। মানুষ দেখছে, যাঁদের তাঁরা ভোট দিয়ে নেতা বানাচ্ছেন, তাঁদের নিজেদেরই দলের ভেতর কোনও সম্মান বা সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা নেই। তাঁরা নিছকই হাইকমান্ডের রিমোট কন্ট্রোলে চলা পুতুল মাত্র।

*(লেখক রাজনৈতিক বিশ্লেষক)*

## আজ

**১৯৭৬**



আজকের দিনে প্রয়াত হন কিংবদন্তি ফুটবলার গোষ্ঠ পাল।



**১৮৯৪**

সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জীবনাবসান হয় আজকের দিনে।

## আলোচিত



বালুর (জ্যোতিপ্রিয় মল্লিক) নামে বদনাম দিয়ে বেড়াচ্ছে। জেনে রাখুন, আমার গভর্নমেন্টে বালুর মতো ভালো কাজ কেউ করতে পারেনি। ওকে হিংসা করে গ্রেপ্তার করেছিল। কোনও প্রমাণ পায়নি। সিপিএম পার্টির লোকদের দেড় লক্ষ নাম র‍্যাশন কার্ডে ঢুকিয়েছিল। র‍্যাশনের মাল পাচার হত আগে। ওই চুরি ধরেছিল বালু। তাই ওকে ভুয়ো কেসে ফাঁসিয়েছে।

-মমতা বন্দ্যোপাধ্যায়

## ভাইরাল/১



শিল পড়ছে, সঙ্গে ঝোড়ো হাওয়া। প্রকৃতির এমন ভয়াল তাণ্ডবে সবাই যখন নিরাপদ আশ্রয়ের খোঁজে ব্যস্ত, তখন নিজের প্রাণ বাজি রেখে ছুটে গিয়ে একটি বাঁধা বাছুরকে উদ্ধার করলেন এক তরুণ। রাজস্থানের বিকানেরের ভিডিও।

## ভাইরাল/২



এক মুম্বইকর আহমেদাবাদ থেকে ফেরার পথে বন্দে ভারত এক্সপ্রেসে খাবারের অর্ডার দিয়েছিলেন। প্যাকেট খুলতেই চমক। খাবারের মধ্যে মরা আরশোলা। আরও দুই যাত্রীর খাবারেও আরশোলা। সরবরাহকারী সংস্থাকে ১০ লক্ষ টাকা জরিমানা করেছে রেল।

জনমন
জনমত

# এসআইআর-ই এখন ‘সব’

বর্তমান সময়ে আমাদের সমাজের এক গভীর বাস্তবতা- সাধারণ মানুষের প্রকৃত সমস্যাগুলো যেন ধীরে ধীরে আড়ালে চলে যাচ্ছে। তার অন্যতম বড় কারণ হয়ে দাঁড়িয়েছে তথাকথিত এসআইআর প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় এমন এক জটিল ও চাপ সৃষ্টি করা কাঠামো তৈরি হয়েছে, যেখানে সাধারণ মানুষ কার্যত অদৃশ্য চক্রে আবদ্ধ হয়ে পড়েছেন।

আজ গ্রামের কৃষক, দিনমজুর, ছোট ব্যবসায়ী- সবাই যেন একটাই দৌড়ে ব্যস্ত- ‘কীভাবে নিজের ভোটাধিকার ফিরিয়ে আনা যায়।’ এর ফলে তাদের জীবনের প্রকৃত সমস্যা, যেমন কৃষিপণ্যের ন্যায্যমূল্য না পাওয়া, কাজের অনিশ্চয়তা, বাজারদরের ঊর্ধ্বগতি, স্বাস্থ্য পরিষেবার অভাবের মতো গুরুত্বপূর্ণ বিষয় একপ্রকার চাপা পড়ে যাচ্ছে।

সকালে কাজের মাঠে না গিয়ে, অনেককেই দেখা যাচ্ছে বিডিও অফিসের সামনে লম্বা লাইনে দাঁড়িয়ে থাকতে। কেউ দৌড়াচ্ছেন ফোটোকপির দোকানে, কেউ বা প্রধানের একটি স্বাক্ষরের জন্য ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করছেন। এই অমানবিক পরিস্থিতি শুধু সময়ের অপচয় নয়, বরং তাঁদের রোজগারের পথও বন্ধ করে দিচ্ছে। একটি দিনের কাজ হারানো মানে অনেক পরিবারের জন্য একবেলার খাবার হারানো- এই বাস্তবতাকে উপেক্ষা করা হচ্ছে।

এই প্রক্রিয়ার মাধ্যমে সাধারণ মানুষকে এমনভাবে ব্যস্ত রাখা হচ্ছে, যাতে তাঁরা আর নিজেদের ন্যায্য দাবি নিয়ে সরব হতে না পারেন। কৃষক তাঁর ফসলের দাম নিয়ে প্রশ্ন তুলতে পারছেন না, শ্রমিক তাঁর মজুরি নিয়ে কথা বলতে পারছেন না, তরুণ তাঁর কর্মসংস্থানের অভাব নিয়ে প্রতিবাদ করতে পারছেন না, যেন মানুষের মৌলিক অধিকারগুলো ধীরে ধীরে কেড়ে নেওয়া হচ্ছে একপ্রকার প্রশাসনিক জটিলতার আড়ালে।

সবচেয়ে উদ্বেগজনক বিষয়, এই পরিস্থিতি একটি গণতান্ত্রিক রাষ্ট্রের মূল চেতনাকেই প্রশ্নের মুখে দাঁড় করাচ্ছে। যে রাষ্ট্র ব্যবস্থার স্বপ্ন দেখেছিলেন নেতাজি সুভাষচন্দ্র বসু, ভগৎ সিং, চিত্তরঞ্জন দাশ- সেই রাষ্ট্র কি এমন হওয়ার কথা ছিল, যেখানে সাধারণ মানুষ নিজের অধিকার নিয়েই অনিশ্চিত থাকবেন?

প্রশ্ন উঠছে, এই প্রক্রিয়া কি সত্যিই মানুষের কল্যাণের জন্য, নাকি এটি এমন এক ব্যবস্থা যা মানুষের কণ্ঠস্বরকে স্তব্ধ করে দিচ্ছে? সুস্থ গণতন্ত্রে যেখানে মানুষের মতামত ও দাবি গুরুত্ব পাওয়ার কথা, সেখানে মানুষ যদি নিজের মৌলিক অধিকার ফিরে পাওয়ার জন্যই লড়াই করেন, তাহলে সেটি নিঃসন্দেহে উদ্বেগজনক।

এই পরিস্থিতির পরিবর্তন অত্যন্ত জরুরি। প্রশাসনের উচিত এমন ব্যবস্থা নেওয়া যাতে মানুষকে হয়রান হতে না হয়। তাঁরা যেন আবার নিজেদের প্রকৃত সমস্যাগুলো নিয়ে সরব হতে পারেন। কারণ, একটি দেশের প্রকৃত উন্নয়ন তখনই সম্ভব, যখন সেই দেশের মানুষ স্বাধীনভাবে নিজের কথা বলতে পারবেন, নিজের অধিকার ভোগ করতে পারবেন। নচেৎ, এসআইআরের মতো প্রক্রিয়া যদি মানুষের জীবনের কেন্দ্রবিন্দু হয়ে ওঠে, তাহলে তা শুধু প্রশাসনিক ব্যর্থতাই নয়, বরং গণতন্ত্রের ভিত্তিকেও দুর্বল করে দেবে।

**আরিফ সরকার**
**দ্বাদশ শ্রেণির পড়ুয়া, হলদিবাড়ি।**

# পতাকা বদল নাকি স্রেফ অভাব বদল?

নির্বাচিত প্রতিনিধিদের দলবদল বনাম সাধারণের পতাকা বদল নিয়ে এক বিশেষ তাত্ত্বিক ও রাজনৈতিক বিশ্লেষণ।

**ক্ষীরোদা রায়**



গরিব মানুষের জীবনটা আসলে নিছক ‘দলবদল’ নয়, বরং তা ‘অভাব বদল’-এর এক করুণ আখ্যান। ঘর, রাস্তা, পানীয় জল কিংবা সুচিকিৎসার মতো মৌলিক সমস্যাগুলোর আবর্তেই আবর্তিত হয় সাধারণ নাগরিকের রাজনীতি। নির্বাচনের বাদ্যি বাজলেই রাজনৈতিক দলগুলো প্রতিশ্রুতির পসরা নিয়ে হাজির হয়— রাস্তা হবে, কর্মসংস্থান হবে। কিন্তু সময় এগোলে দেখা যায় প্রতিশ্রুতির সেই রাস্তা বা চাকরি নেই, দেওয়ালে কেবল পড়ে আছে ফিকে হয়ে যাওয়া রাজনৈতিক পোস্টার। এই অভাবের সুযোগ নিয়ে অন্য দল এসে হাতে পতাকা ধরিয়ে দিলেই ঘোষণা হয় ‘বিরাট দলবদল’। প্রকৃতপক্ষে এটি দলবদল নয়, বরং স্রেফ ‘প্রতিশ্রুতি বদল’। সাধারণ মানুষ কেবল সুন্দর ভবিষ্যতের আশা বদলায়, রাজনৈতিক আদর্শ নয়।

ভোটের মরশুম এলেই রাজনৈতিক ময়দানে দলবদলের এক কৃত্রিম ঢেউ লক্ষ করা যায়। সোশ্যাল মিডিয়ায় প্রতিদিন সমর্থকদের হাতে নতুন পতাকা তুলে দেওয়ার ছবি ভেসে ওঠে। কিন্তু এই তথাকথিত যোগদানের বাস্তব চিত্র বিশ্লেষণ করলে প্রশ্ন জাগে, এটি কি প্রকৃতই মতাদর্শের পরিবর্তন, নাকি কেবল বেঁচে থাকার নতুন আশ্বাস খোঁজা? গ্রাম বা শহরের প্রান্তিক মানুষের হাতে পতাকা তুলে দিয়ে যখন ‘বড়সড়ো ধস’ বলে প্রচার করা হয়, তখন মূল সংকটটি আড়ালেই থেকে যায়। পতাকা বদলালেও মানুষের জীবনযন্ত্রণার কোনও গুণগত পরিবর্তন ঘটে না। আজ এক নেতার হাত ধরে এক দলে তো কাল অন্য নেতার হাত ধরে অন্য দলে— এই চলমান চক্রে সাধারণ সমর্থকের অবস্থার উন্নতি অধরাই থেকে যায়।



– এআই

রাজনৈতিক দলগুলো নির্বাচনের আগে নিজেদের শক্তি প্রদর্শনের হাতিয়ার হিসেবে সমর্থকদের ব্যবহার করে। অনেক সময় দেখা যায়, জনসভায় সাধারণ মানুষের তুলনায় নেতাদের ভিড়ই বেশি। এই দৃশ্যমান শক্তির আস্ফালনের অন্তরালে সাধারণ মানুষের প্রকৃত চাহিদাগুলো ব্রাত্যই থেকে যায়। কর্মসংস্থান, স্বাস্থ্য, শিক্ষা বা সামাজিক নিরাপত্তার মতো বিষয়গুলো উপেক্ষিত রেখে কেবল সংখ্যার লড়াইয়ে মেতে ওঠে রাজনৈতিক পক্ষগুলি। এই প্রক্রিয়ায় সাধারণ সমর্থকদের কেবল প্রতীকী হিসেবে ব্যবহার করা হয়, যেখানে তাদের প্রকৃত অধিকার বা জীবনযাত্রার মানোন্নয়নের প্রশ্নটি গৌণ হয়ে দাঁড়ায়। দলবদল নয়, বরং প্রতিশ্রুতির পুনরাবৃত্তি ও পরিবর্তনের ভ্রান্ত ধারণাই এখানে প্রবল হয়ে ওঠে।

এখানে একটি গুরুত্বপূর্ণ সাংবিধানিক প্রশ্ন প্রাসঙ্গিক। সাধারণ সমর্থকের পতাকা পরিবর্তনকে কি আদৌ আইনি ভাষায় ‘দলবদল’ বলা যায়? ভারতীয় গণতান্ত্রিক ব্যবস্থায় দলবদল মূলত নির্বাচিত জনপ্রতিনিধিদের ক্ষেত্রে প্রযোজ্য। সরকারের স্থিতিশীলতা রক্ষায় সংবিধানে দলবদল রোধে বিশেষ বিধান যুক্ত করা হয়েছে। ৫১তম এবং ৯১তম সংবিধান সংশোধন অনুযায়ী কোনও নির্বাচিত বিধায়ক বা সাংসদ দলত্যাগ করলে বা হুইপ অমান্য করলে তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া যায়। ১৯৫১ সালের জনপ্রতিনিধিত্ব আইনও মূলত নির্বাচিত প্রতিনিধিদের আচরণ ও অযোগ্যতা নিয়ে আলোচনা করে। ফলে সাধারণ সমর্থকের রাজনৈতিক অবস্থান পরিবর্তনকে ‘দলবদল’ হিসেবে প্রচার করা তাত্ত্বিকভাবে বিভ্রান্তিকর এবং এটি জনমত প্রভাবিত করার এক সুকৌশলী রাজনৈতিক চাল মাত্র।

রাজনৈতিক দলগুলোর সদস্যপদ গ্রহণ সবার জন্য বাধ্যতামূলক নয়। সাধারণ সমর্থকরা মূলত নির্দিষ্ট চাহিদা ও চাওয়াপাওয়ার ভিত্তিতে কোনও দলের প্রতি সাময়িক সমর্থন জ্ঞাপন করেন। এই সমর্থন চিরস্থায়ী নয়, বরং পরিস্থিতি সাপেক্ষ ও ক্ষণস্থায়ী। গণতন্ত্রে রাজনৈতিক মত পরিবর্তন একটি স্বাভাবিক প্রক্রিয়া; কিন্তু সেই পরিবর্তনের ঢেউ যদি মানুষের বাস্তব জীবনে কোনও ইতিবাচক প্রভাব ফেলতে ব্যর্থ হয়, তবে তা কেবলই প্রতীকী আড়ম্বর। তাই দিনের শেষে প্রশ্ন থেকেই যায়— পতাকা বদল কি সত্যিই কোনও প্রকৃত রাজনৈতিক পরিবর্তন বয়ে আনে, নাকি তা কেবল প্রতিশ্রুতির নতুন মোড়ক মাত্র? সাধারণ মানুষের স্বার্থেই এই প্রশ্নের উত্তর খোঁজা আজ অত্যন্ত জরুরি।

*(লেখক শিক্ষক। আলিপুরদুয়ারের বাসিন্দা।)*

## শব্দরঙ্গ ■ ৪৪১৪

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ★ | ২ | | ৩ | | ★ | ৪ |
| ৫ | | | ★ | | ★ | ★ | |
| | ★ | ★ | ৬ | | ৭ | | |
| | ★ | ৮ | | ★ | | ★ | ★ |
| ★ | ★ | | ★ | ৯ | | ★ | ১০ |
| ১১ | | | ১২ | | ★ | ★ | |
| | ★ | ★ | | ★ | ১৩ | | |
| | ★ | ১৪ | | | | ★ | |

**পাশাপাশি :** ২। সরকার পরিচালনা ৫। যা সেবন করলে নেশা হয় ৬। উচ্চপদের জন্য কদর ৮। অহংকার হলে এটা ভারী হয় ৯। থাকার জায়গা ১১। আনন্দে বা খুশির মুহূর্তে বাধা পড়া ১৩। কখনও বা কোনওকালে ১৪। চড়াইপাখির অন্য নাম।

**উপর-নীচ :** ১। আকবরের বাবা ২। বড়শি ৩। পুরুষ মানুষ ৪। ধনসম্পত্তি বা ঐশ্বর্য ৬। শুভ লক্ষণযুক্ত ৭। রামায়ণের অহল্যা যে মুনির স্ত্রী ৮। বৃক্ষ, তরু বা গাছ ৯। ভারতের অন্যতম প্রধান কৃষিপণ্য ১০। ভিড়ে পায়ের চাপে আহত ১১। নড়বড়ে ঘোড়ার গাড়ি ১২। কাঁড়া বা চাল ১৩। অজ্ঞাতবাসে যুধিষ্ঠিরের ছদ্মনাম।

### সমাধান ■ ৪৪১৩

**পাশাপাশি :** ১। আঁকুপাঁকু ৩। আস্তিক ৫। কাণ্ডজ্ঞানহীন ৬। ইশারা ৭। মুড়কি ৯। খামচাখামচি ১২। তিজেল ১৩। দায়ভার।

**উপর-নীচ :** ১। আঁজনাই ২। কুষ্মাণ্ড ৩। আলান ৪। কফিন ৫। কারা ৭। মুচি ৮। কিমাকার ৯। খামতি ১০। চাতাল ১১। মর্যাদা।

## বিন্দুবিসর্গ




সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012 and Postal Regn. No. WB/DE/010/2024-26. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in



আপন মনে... মঙ্গলবার আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জে।

# জ্বালানিসংকটে মহার্ঘ বিমানভাড়া

## এয়ার ইন্ডিয়ার সিইও পদে ইস্তফা উইলসনের

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** ইরান যুদ্ধের জেরে বিশ্বজুড়ে তেলের বাজারে চরম অস্থিরতা। তার সরাসরি কোপ পড়ল সাধারণ যাত্রীদের পকেটে। আকাশছোঁয়া জ্বালানি তেলের (এটিএফ) দামের সঙ্গে পাল্লা দিতে একধাক্কায় অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক সব রুটেই বিমান ভাড়া বাড়ানোর কথা ঘোষণা করল এয়ার ইন্ডিয়া।

আগের এককালীন সারচার্জের বদলে এখন থেকে দূরত্বের ভিত্তিতে নতুন 'ফুয়েল সারচার্জ' মডেল চালু করছে টাটাগোষ্ঠীর সংস্থাটি। ৮ এপ্রিল সকাল ৯টা থেকে অভ্যন্তরীণ রুটে ৫০০ কিমি পর্যন্ত সফরের জন্য অতিরিক্ত ২৯৯ টাকা এবং ২,০০০ কিমি-র বেশি দূরত্বের জন্য সর্বোচ্চ ৮৯৯ টাকা বাড়তি গুনতে হবে যাত্রীদের। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, আইএটিএ-র তথ্য অনুযায়ী গত এক মাসে বিশ্ববাজারে জেট ফুয়েলের দাম ব্যারেল প্রতি ৯৯ ডলার থেকে বেড়ে ১৯৫.১৯ ডলারে দাঁড়িয়েছে।

তবে সবথেকে বড় ধাক্কা আসবে আন্তর্জাতিক উড়ানে। ১০ এপ্রিল



থেকে ইউরোপের টিকিটে কমপক্ষে ১৯,০৬৫ টাকা এবং উত্তর আমেরিকা বা অস্ট্রেলিয়ার ক্ষেত্রে সেক্টর প্রতি অন্তত ২৬,০৪০ টাকা অতিরিক্ত সারচার্জ দিতে হবে।

এয়ার ইন্ডিয়ার চেয়ারম্যান এন চন্দ্রশেখরণ বলেন, 'কোভিড পরবর্তী সাপ্লাই চেইন সমস্যা এবং ভূ-রাজনৈতিক চাপের মধ্যেও আমাদের টিম ধৈর্য ও সংকল্পের সঙ্গে কাজ করে চলেছে।'

ভাড়া বৃদ্ধির আবহে পদত্যাগ করেছেন এয়ার ইন্ডিয়ার সিইও ক্যাম্পবেল উইলসন। যদিও উত্তরসূরি না আসা পর্যন্ত তিনি দায়িত্বে থাকছেন। সংস্থার বার্ষিক লোকসান ২০,০০০ কোটি টাকায় পৌঁছানোর আশঙ্কার মাঝেই আহমেদাবাদ বিমান দুর্ঘটনা এবং পশ্চিম এশিয়ার আকাশপথ বন্ধ হওয়ার মতো চ্যালেঞ্জগুলি বিমান সংস্থাকে এই কঠিন সিদ্ধান্তের দিকে ঠেলে দিয়েছে। যাত্রীমহলের মতে, ইন্ডিগোর পর এয়ার ইন্ডিয়ার এই পদক্ষেপের ফলে সাধারণ মানুষের আকাশপথে যাতায়াতের খরচ আরও বাড়ল।

# মণিপুরে রকেট হামলায় নিহত ২ শিশু

**ইম্ফল, ৭ এপ্রিল :** মণিপুরে শান্তি যেন ফিরতেই চাইছে না। সোমবার মধ্যরাতের পর মৈরাংয়ের ত্রংলাওবি আওয়াং লিকাই গ্রামে রকেট হামলা চালায় উগ্রপন্থীরা। ওই হামলায় দুই শিশুর মৃত্যু হয়েছে। আহত হয়েছে তাদের মায়েরা। এই ঘটনার জেরে তিনদিনের জন্য ইম্ফল পূর্ব, ইম্ফল পশ্চিম, থৌবাল, কাকচিং এবং বিষ্ণুপুর জেলায় মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ করে দিয়েছে মণিপুর সরকার। বিষ্ণুপুরে কার্ফিউ-ও জারি করা হয়েছে। ঘুমের মধ্যেই প্রাণ হারায় একটি ৫ বছর এবং একটি ৬ মাসের শিশু। এই হামলার জেরে স্থানীয়রা দুটি তেলের ট্যাংকার এবং একটি ট্রাকে আগুন লাগিয়ে দেয়। থানার বাইরে টায়ার জ্বালিয়ে প্রতিবাদ দেখায়। একটি পুলিশ ফাঁড়িতে ভাঙচুরও চালায় উন্মত্ত জনতা। বিষ্ণুপুর-চূড়াচাঁদপুর সীমানায় সিআরপিএফের ছাউনিতেও হামলা চালায় তারা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ইন্টারনেট পরিষেবায় কোপ বসিয়েছে রাজ্য সরকার। মোতায়েন করা হয়েছে বিশাল নিরাপত্তা বাহিনী। তাদের গুলিতে অন্তত ১৯ জন নাগরিক আহত হয়েছে। মুখ্যমন্ত্রী ওয়াই খেমচাঁদ সিং রকেট হামলার নিন্দা করেছেন। তিনি বলেছেন, 'এই বর্বরোচিত হামলা আসলে মানবতার ওপর আঘাত। দোষীদের খুঁজে বের করা হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।' স্থানীয় এনপিপি বিধায়ক শান্তি সিংয়ের অভিযোগ, ওই রকেট হামলা আদতে কুকি নার্কো সন্ত্রাসবাদীদের কাজ। লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধি মণিপুরে রকেট হামলায় দুই শিশুর মৃত্যুর ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

# জয়শংকর-খলিলুরের বৈঠক ঘিরে আশা

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** দীর্ঘ দেড় বছরের টানাপোড়েন কাটিয়ে ভারত ও বাংলাদেশের সম্পর্কে এবার বসন্ত ফিরতে চলেছে। মঙ্গলবার বাংলাদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমানের দিল্লি সফর ঘিরে সেই জল্পনাই তুঙ্গে। বাংলাদেশের প্রধানমন্ত্রী তারিক রহমানের নেতৃত্বাধীন নতুন সরকারের কোনও মন্ত্রীর এটাই প্রথম ভারত সফর, যা কূটনৈতিক দিক থেকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

দিল্লিতে পা দিয়েই বাংলাদেশের বিদেশমন্ত্রী রুদ্ধদ্বার বৈঠক সেরেছেন ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের সঙ্গে। সূত্রের খবর, ওই বৈঠকে পশ্চিমবঙ্গের ভোট পরিস্থিতি নিয়ে দু-জনের মধ্যে কথা হয়েছে। আলোচনা হয়েছে দু-দেশের মধ্যে দীর্ঘ সীমান্তে কাঁটাতার বসানো সংক্রান্ত সমস্যা নিয়েও।

বুধবার ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে তাঁর হাই-প্রোফাইল মধ্যাহ্নভোজ ও বৈঠক হওয়ার কথা। যদিও দুই দেশের পক্ষ থেকে সরকারিভাবে এখনও মুখ খোলা হয়নি, তবে সূত্র মারফত জানা গিয়েছে, আস্থার পরিবেশ ফিরিয়ে আনাই এই সফরের মূল লক্ষ্য। বাংলাদেশের বিদেশ মন্ত্রকের জন-কূটনীতি বিভাগের ডিরেক্টর জেনারেল মাহবুবুল আলম জানিয়েছেন, '১০ থেকে ১২ এপ্রিল মরিশাসে অনুষ্ঠিত ইন্ডিয়ান ওশান কনফারেন্সে যোগ দিতেই তাঁর এই সফর। সেই পথেই তিনি দিল্লিতে



- মঙ্গলবার ভারতে এলেন বাংলাদেশের বিদেশমন্ত্রী খলিলুর রহমান
- জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠকে বসেন তিনি
- বুধবার কেন্দ্রীয় বিদেশমন্ত্রী এস জয়শংকরের সঙ্গে হাই-প্রোফাইল বৈঠক হবে তাঁর।

স্বল্প সময়ের জন্য বিরতি নেবেন।'

বৈঠকের টেবিলে একগুচ্ছ ইস্যু। চলতি বছরেই ১৯৯৬ সালের গঙ্গা জলবণ্টন চুক্তির মেয়াদ শেষ হচ্ছে, তাই তার নবীকরণ নিয়ে আলোচনার সম্ভাবনা প্রবল। তবে বড় প্রশ্ন রয়েই গিয়েছে তিস্তার জল এবং ভারতে অবস্থানরত প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রত্যর্পণের দাবি নিয়ে। এর পাশাপাশি বাণিজ্য বাড়ানো এবং পশ্চিম এশিয়ার অস্থিরতার জেরে তৈরি হওয়া জ্বালানি সংকট মোকাবিলায় ভারতের সহযোগিতা চাইতে পারেন খলিলুর রহমান।

শুধু জয়শংকর নন, বাংলাদেশের বিদেশমন্ত্রী বৈঠক করতে পারেন পীযূষ গোয়াল এবং হরদীপ সিং পুরীর সঙ্গেও। ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মার বদলির নির্দেশ এলেও, এই টালমাটাল পরিস্থিতিতে তাঁকে আরও কিছুদিন থেকে যাওয়ার নির্দেশ দিয়েছে দিল্লি। সব মিলিয়ে, মরিশাস যাওয়ার পথে দিল্লিতে খলিলুর রহমানের এই 'স্টপওভার' আসলে দুই প্রতিবেশী দেশের সম্পর্কের বরফ গলানোর এক বড় প্রচেষ্টা বলেই মনে করছে ওয়াকিবহাল মহল। তারেক রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী পদে শপথ নেওয়ার পর থেকেই ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নতি ঘিরে আশার আলো তৈরি হয় কূটনৈতিক মহলে। দেখার বিষয় খলিলুরের ভারত সফরে সেই দ্বিপাক্ষিক সম্পর্ক কতদূর অগ্রসর হয়।



তাজমহল দেখতে ভিড় পর্যটকদের। মঙ্গলবার আগ্রায়।

# গ্যাস সংকটের জেরে বাড়িমুখী পরিযায়ীরা

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** নিউ দিল্লি রেলস্টেশনে আজকাল এক অদ্ভুত দৃশ্য চোখে পড়ছে। খানিকটা কোভিড কালের মতো দৃশ্য, তবে তফাৎ শুধু, এখানে মানুষের মুখে নেই মাস্ক, আর মাথায় নেই দূরত্ব বজায় রাখার চিন্তা।

নিউ দিল্লি স্টেশন থেকে ছাড়া দূরপাল্লার ট্রেনের কামরায় ঠাসা মানুষ, হাতে ব্যাগ, চোখে অনিশ্চয়তার ছাপ। তারা কেউ নির্মাণ শ্রমিক, কেউ দর্জি, কেউ ছোট ব্যবসায়ী। সবাই যেন এক অদৃশ্য চাপে শহর ছেড়ে ফিরে যাচ্ছেন নিজের গ্রামে। কারণ একটাই, রান্নার গ্যাসের অপ্রতুলতা, বাড়তি দাম, আর দিন দিন কঠিন হয়ে ওঠা রোজগার জীবনযাত্রা। এদিকে পেট্রোলিয়াম মন্ত্রকের বারবার আশ্বাস, গ্যাস সরবরাহ স্বাভাবিক রয়েছে।

গত কয়েক সপ্তাহ ধরে রাজধানী দিল্লি ও তার পার্শ্ববর্তী এলাকায় এলপিজি সিলিন্ডার পাওয়া নিয়ে যে অনিশ্চয়তা তৈরি হয়েছে, তার সরাসরি প্রভাব পড়েছে নিম্ন আয়ের মানুষের জীবনে। সরকারি স্তরে যদিও বারবার বলা হচ্ছে যে গ্যাসের সরবরাহে কোনও ঘাটতি নেই, তবুও বাস্তব চিত্রটা যেন অন্য কথা বলছে। বহু শ্রমিকের অভিযোগ, নিয়মিত সিলিন্ডার মিলছে না, আর যেখানে মিলছে, সেখানে দাম এতটাই বেশি যে তা বহন করা প্রায় অসম্ভব।

উত্তর ২৪ পরগনার বাসিন্দা সবিতা দত্ত থাকতেন দিল্লির গোবিন্দপুরী এলাকায়, জানালেন, গত ১৫ দিন ধরে যাহোক করে রান্না করছেন। স্বামীর ছোট ফাস্টফুডের দোকান বন্ধ হয়ে যাওয়ায় পরিস্থিতি আরও কঠিন হয়েছে। বললেন, 'যদি কাজই না থাকে, তাহলে শহরে থেকে লাভ কী?' তাই দুই নাবালক পুত্রকে নিয়ে তিনিও ফিরে যাচ্ছেন নিজের গ্রামে পশ্চিমবঙ্গে।

তবে শুধু সবিতা নন, একই অভিজ্ঞতার কথা শোনা যাচ্ছে অসংখ্য মানুষের মুখে। কেউ বলছেন, ছোট ছোট পরিমাণে গ্যাস কিনতে হচ্ছে কেজি প্রতি ৪০০-৪৫০ টাকা দরে, কেউ আবার দিনে একবেলা খেয়ে কাটাচ্ছেন। ট্রেনের সাধারণ কামরায় বসে থাকা মহম্মদ জিয়া-উল-হক, যিনি দিল্লিতে দর্জির কাজ করতেন, জানালেন, 'এইভাবে আর টিকে থাকা সম্ভব নয়। তাই ফিরে যাচ্ছি বিহারে নিজের গ্রামে।'

এই সংকটের প্রভাব পড়েছে ছোট ব্যবসাতেও। তুঘলকাবাদ বস্তির বিরিয়ানি বিক্রেতা তাজদার আহমেদের কথায়, 'বিক্রি প্রায় অর্ধেক হয়ে গিয়েছে। গ্যাসের খরচই সব লাভ খেয়ে নিচ্ছে।' অনেকেই দোকান চালানোর সময় কমিয়ে দিয়েছেন, কেউ বা কর্মী ছাঁটাই করতে বাধ্য হয়েছেন। একই চিত্র দেখা যাচ্ছে চায়ের দোকান, খাবারের স্টল,সব জায়গাতেই। দিল্লির সংসদ ভবনের সামনে সঞ্জয়ের চায়ের দোকানে যেখানে আগে দশ টাকা কাপ চা বিক্রি হতো। বর্তমানে সেই চা ই বিক্রি হচ্ছে ২৫ টাকা কাপ।

এই পরিস্থিতিতে অনেকের মনে পড়ছে কোভিড সময়ের সেই ভয়াবহ দিনগুলোর কথা, যখন পরিযায়ী শ্রমিকদের শহর ছেড়ে পায়ে হেঁটে গ্রামে ফিরতে দেখা গিয়েছিল।

# কংগ্রেস নেতার বাড়িতে তল্লাশি

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** অসমের বিধানসভা ভোটের কাউন্টডাউন শুরু। তার ঠিক ৪৮ ঘণ্টা আগে মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার স্ত্রী রিনিকি ভুঁইয়ার মানহানির মামলায় উত্তপ্ত হয়ে উঠল রাজধানীর রাজনীতি। মঙ্গলবার সকালে দিল্লির বাসিন্দা কংগ্রেস নেতা পবন খেরার বাসভবনে অতর্কিতে হানা দিল অসম পুলিশের একটি বিশেষ দল। সঙ্গে ছিল দিল্লি পুলিশও। যদিও তল্লাশির সময় খেরা নিজে বাড়িতে ছিলেন না। অসম পুলিশের ডিসিপি দেবজিৎ নাথ জানিয়েছেন, দীর্ঘক্ষণ তল্লাশি চালিয়ে বেশ কিছু ইলেকট্রনিক ডিভাইস এবং 'সন্দেহজনক' তথ্যপ্রমাণ বাজেয়াপ্ত করা হয়েছে। তবে তদন্তের স্বার্থে এখনই বিশদ তথ্য প্রকাশ করেনি পুলিশ।

ভোটের মুখে এই তল্লাশি কি নিছক আইনি প্রক্রিয়া নাকি রাজনৈতিক প্রতিহিংসা? তাই নিয়ে শুরু হয়েছে জোর তরজা। কংগ্রেস নেতা জয়রাম রমেশের তোপ, 'অসমে হারার ভয়েই মধ্যযুগীয় কায়দায় এই 'ডাইনি শিকার' চালানো হচ্ছে।' পাল্টা হুংকার দিয়েছেন হিমন্ত। তাঁর দাবি, আইন নিজের পথেই চলবে, পালিয়ে কেউ বাঁচতে পারবে না। গত রবিবার এক সাংবাদিক বৈঠকে হিমন্ত-পত্নী রিনিকি ভুঁইয়ার বিরুদ্ধে বিস্ফোরক সব অভিযোগ আনেন পবন খেরা। তাঁর দাবি ছিল, রিনিকির একাধিক দেশের পাসপোর্ট রয়েছে এবং দুবাই-আমেরিকায় তাঁর বিপুল সম্পত্তি আছে। খেরার দাবি অনুযায়ী, আমেরিকার ওয়াইমিং-এ রিনিকির নামে নিবন্ধিত একটি সংস্থার আর্থিক মূল্য প্রায় ৩.২২ লক্ষ কোটি টাকা!

# শেষ প্রচারেও শা'র মুখে শুধুই অনুপ্রবেশ

**শিলচর ও তিরুবনন্তপুরম, ৭ এপ্রিল :** ভোট হচ্ছে অসমে। আর সেখান থেকে পশ্চিমবঙ্গে সরকার গঠনের ডাক দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। মঙ্গলবার বাঙালি অধ্যুষিত অসমের বরাক উপত্যকায় শেষবেলার প্রচারে তিনি বলেন, 'অসমে তৃতীয় বারের জন্য বিজেপি সরকার তৈরি হতে চলেছে। প্রথমবার আমাদের সরকার গঠনের পর আমরা এই রাজ্যে অনুপ্রবেশ রুখেছিলাম। ত্রিপুরা আর পশ্চিমবঙ্গ দিয়ে অনুপ্রবেশ হচ্ছিল। ত্রিপুরায় আমাদের সরকার গঠনের পর সেখানেও অনুপ্রবেশ

**প্রচার শেষ অসম-কেরলে**

বন্ধ হয়ে গিয়েছে। এবার ৫ তারিখ অসমের পাশাপাশি পশ্চিমবঙ্গেও যখন বিজেপির সরকার তৈরি হবে তখন সেখানেও অনুপ্রবেশ বন্ধ হয়ে যাবে।' শা বলেন, 'আমরা অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকা থেকে বাদ দিচ্ছি বলে মমতা দিদি আর রাহুল বাবার পেটে কষ্ট হচ্ছে। মমতা বন্দ্যোপাধ্যায় কাঁদুন আর রাহুল গান্ধি বুক চাপড়ান, কিছু এসে যায় না। কিন্তু বিজেপি এক একজন করে অনুপ্রবেশকারীকে দেশ থেকে বের করে দেবে।'

এদিন অসম, কেরল এবং পুদুচেরিতে প্রায় একমাস ধরে চলা নির্বাচনি প্রচারে ইতি পড়েছে। বৃহস্পতিবার অসমের ১২৬ আসনের, কেরলের ১৪০ আসনের এবং পুদুচেরির ৩০টি আসনের বিধানসভাগুলির ভাগ্য নির্ধারিত হবে। তার আগে মঙ্গলবার শ্রীভূমি, হাইলাকান্দি এবং কাছাড়ে জনসভা করেন শা। ওই সভা থেকে শা জানান, তাঁদের সরকার ক্ষমতায় এলে মন্ত্রীসভার প্রথম বৈঠকে অভিন্ন দেওয়ানি বিধি বা ইউসিসি তৈরির সিদ্ধান্ত নেওয়া হবে। অন্যদিকে প্রিয়াংকা এদিন কেরলে শেষবেলার প্রচারে গিয়ে সেখানকার এলডিএফ সরকার এবং বিজেপিকে

> **আমরা অনুপ্রবেশকারীদের নাম ভোটার তালিকা থেকে বাদ দিচ্ছি বলে মমতা দিদি আর রাহুল বাবার পেটে কষ্ট হচ্ছে।**
>
> **-অমিত শা**

এক পংক্তিতে বসিয়ে নিশানা করেন। প্রিয়াংকা বলেন, 'এলডিএফ দুর্নীতিগ্রস্ত সরকার। শাসক শিবিরে বাম মতাদর্শের আর বিন্দুমাত্র কিছু বাকি নেই। তারা বিজেপির সঙ্গে বোঝাপড়া করে ফেলেছে।' কেরলে ইউডিএফ সরকার ক্ষমতায় আসবে বলে দাবি করেন ওয়েনাড়ের কংগ্রেস সাংসদ।

# অন্ধ্রপ্রদেশের নতুন রাজধানী অমরাবতী

**অমরাবতী, ৭ এপ্রিল :** অন্ধ্রপ্রদেশের রাজধানী নিয়ে দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটল। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু 'অন্ধ্রপ্রদেশ পুনর্গঠন (সংশোধনী) আইন ২০৬'-এ সম্মতি দেওয়ার পর এবার সরকারিভাবে রাজ্যের একমাত্র ও স্থায়ী রাজধানীর শিরোপা জুটল অমরাবতীর। মঙ্গলবার কেন্দ্রের গেজেট বিজ্ঞপ্তিতে এই ঐতিহাসিক সিদ্ধান্তের কথা জানানো হয়েছে।

অমরাবতীর স্বীকৃতিকে মুখ্যমন্ত্রী এন চন্দ্রবাবু নাইডু রাজ্যের সাধারণ মানুষ এবং বিশেষ করে অমরাবতীর কৃষকদের তরফে বড় জয় হিসাবে চিহ্নিত করেন। ২০১৪ সালের মূল আইনটি সংশোধন করে এখন স্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, অমরাবতীই হবে অন্ধ্রপ্রদেশের নতুন রাজধানী। ইতিপূর্বে এপ্রিলের শুরুতে লোকসভা ও রাজ্যসভায় এই বিলটি পাশ হয়। মুখ্যমন্ত্রী এই ঐতিহাসিক পদক্ষেপের জন্য রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# শেষমুহূর্তেও বদলানো যাবে বোর্ডিং

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** রেলযাত্রীদের জন্য সুখবর। শেষ মুহূর্তে কোথাও যাওয়ার পরিকল্পনা বদলে গেলে আর সিট হারানোর ভয় নেই। এখন থেকে ট্রেন ছাড়ার মাত্র ৩০ মিনিট আগেও যাত্রীরা তাঁদের বোর্ডিং স্টেশন (যেখান থেকে ট্রেনে উঠবেন) পরিবর্তন করতে পারবেন। গত ১ এপ্রিল থেকেই দক্ষিণ রেল এই নতুন নিয়ম কার্যকর করেছে, যা ধাপে ধাপে সারা দেশে ছড়িয়ে দেওয়া হচ্ছে।

রেল মন্ত্রক জানিয়েছে, ট্রেনের দ্বিতীয় তথা চূড়ান্ত আসন সংরক্ষণের তালিকা বা চার্ট তৈরির আগে পর্যন্ত এই সুযোগ পাওয়া যাবে। সাধারণত ট্রেন ছাড়ার আধঘণ্টা আগেই ওই চার্ট তৈরি হয়। তবে, এই সুবিধা শুধুমাত্র কনফার্মড এবং আরএসি টিকিটধারী যাত্রীদের জন্যই। ওয়েটিং লিস্টের যাত্রীরা এই সুবিধা পাবেন না।

নতুন নিয়ম অনুযায়ী, একজন যাত্রী তাঁর যাত্রাপথে মাত্র একবারই বোর্ডিং পয়েন্ট বদলাতে পারবেন। আইআরসিটিসি-র ওয়েবসাইট বা অ্যাপের পাশাপাশি রেলের পিআরএস কাউন্টারে গিয়েও এই আবেদন জানানো যাবে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, বহু সময় যাত্রীরা শেষ মুহূর্তে ট্রেন ধরার স্টেশন বদলাতে চান, কিন্তু নিয়মের গেরোয় তাঁদের টিকিট বাতিল হয়ে যেত। নতুন এই ব্যবস্থা যাত্রীদের সেই ভোগান্তি থেকে মুক্তি দেবে।

# শবরীমালায় 'কুপ্রথা' রুখতে কড়া কোর্ট

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** ধর্মীয় আচারের দোহাই দিয়ে যদি কোনও সামাজিক কুপ্রথাকে প্রশ্রয় দেওয়া হয়, তবে আদালত সেখানে অবশ্যই হস্তক্ষেপ করতে পারে। শবরীমালা মন্দিরে ঋতুমতী মহিলাদের প্রবেশাধিকার সংক্রান্ত মামলায় মঙ্গলবার এমনই তাৎপর্যপূর্ণ মন্তব্য করলেন সুপ্রিম কোর্টের বিচারপতি বিভি নাগরত্ন। প্রধান বিচারপতি সূর্য কান্তের নেতৃত্বাধীন নয় সদস্যের সাংবিধানিক বেঞ্চে এই হাইপ্রোফাইল মামলার শুনানি চলছে।

কেরলে বিধানসভা ভোটের আবহে এদিন সুপ্রিম কোর্টে লিখিত হলফনামা জমা দিয়েছে কেন্দ্র। মোদি সরকারের সাফ দাবি, ১০ থেকে ৫০ বছর বয়সি মহিলাদের প্রবেশে এই নিষেধাজ্ঞা কোনও বৈষম্য নয়। বরং ভগবান আইয়াপ্পার

> **একজন নারী হিসেবে আমি বলতে পারি, মাসে তিন দিন কেউ অস্পৃশ্য আর চতুর্থ দিনে অস্পৃশ্য নয়, এমনটা হতে পারে না।**
>
> **-বিচারপতি বিভি নাগরত্ন**

'নৈষ্ঠিক ব্রহ্মচারী' রূপ এবং মন্দিরের প্রাচীন ঐতিহ্য রক্ষা করতেই এই নিয়ম। কেন্দ্রের আশঙ্কা, মহিলাদের প্রবেশের অনুমতি দিলে মন্দিরের মূল উপাসনা পদ্ধতি বদলে যেতে পারে, যা সংবিধানস্বীকৃত ধর্মীয় বহুত্ববাদের ওপর আঘাত হানবে।

শুনানির শুরুতে বিচারপতি নাগরত্ন ঋতুস্রাবজনিত অস্পৃশ্যতার ধারণা নিয়ে কড়া প্রশ্ন তোলেন। সংবিধানের ১৭ নম্বর অনুচ্ছেদের ব্যাখ্যা চেয়ে তিনি বলেন, 'একজন নারী হিসেবে আমি বলতে পারি, মাসে তিন দিন কেউ অস্পৃশ্য আর চতুর্থ দিনে অস্পৃশ্য নয়, এমনটা হতে পারে না।' উলটোদিকে সলিসিটর জেনারেল তুষার মেহতা দাবি করেন, ভারতীয় সমাজকে পাশ্চাত্য চশমায় দেখা ভুল। তাঁর মতে, ধর্মীয় আচার পালনের স্বাধিকার স্বতন্ত্র এবং আদালত শাস্ত্রীয় বিষয়ের বিশেষজ্ঞ নয়। তাই এই স্পর্শকাতর বিষয়ে আইনি হস্তক্ষেপ কাম্য নয়। বুধবারও এই মামলার শুনানি চলবে।

# টেটে বাড়তি ৬ নম্বর

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** বাংলায় বিধানসভা ভোটের মুখে আরও একবার সুপ্রিম কোর্টে আইনি ধাক্কা খেল রাজ্য সরকার । ২০১৪ সালের টেট পরীক্ষায় ভুল প্রশ্ন মামলায় শীর্ষ আদালত জানিয়েছে, সব পরীক্ষার্থীকেই বাড়তি ৬ নম্বর দিতে হবে। এর ফলে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের আগের রায়ই বহাল রইল।

এর আগে হাইকোর্ট জানিয়েছিল, পরীক্ষায় থাকা ৬টি ভুল প্রশ্নের জন্য প্রত্যেক পরীক্ষার্থীকে ১ নম্বর করে মোট ৬ নম্বর দিতে হবে। এই নির্দেশের বিরোধিতা করে ২০২৩ সালে সুপ্রিম কোর্টে গিয়েছিল রাজ্য সরকার। তাঁদের যুক্তি, যাঁরা ওই প্রশ্নগুলির উত্তর দেওয়ার চেষ্টা করেননি, তাঁদেরও সমান নম্বর দেওয়া যুক্তিযুক্ত নয়। মঙ্গলবার শুনানি শেষে বিচারপতি পিএস নরসীমা এবং বিচারপতি অলোক আরাধের বেঞ্চ সেই যুক্তি খারিজ করে দেয় এবং হাইকোর্টের সিদ্ধান্তকে মান্যতা দেয়।

এদিন শীর্ষ আদালত স্পষ্ট করে দিয়েছে, প্রশ্ন ভুল থাকলে তার দায় পরীক্ষার্থীদের নয়, বরং পরীক্ষা আয়োজক সংস্থার, এক্ষেত্রে তা প্রাথমিক শিক্ষা পর্ষদের। সেই কারণে সব পরীক্ষার্থীকে সমানভাবে নম্বর দেওয়া ন্যায্য বলে মনে করেছে আদালত। একইসঙ্গে আদালত হাইকোর্টের আরেকটি গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণকেও সমর্থন করেছে, টেট পরীক্ষায় উত্তীর্ণ হওয়া মানেই সরাসরি সরকারি শিক্ষক পদে নিয়োগ নয়, বরং এটি ভবিষ্যতে নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের যোগ্যতা প্রদান করে। এই রায়ের ফলে প্রায় ১৫ লক্ষ টেট পরীক্ষার্থী

**রাজ্যের আর্জি খারিজ, স্বস্তি সব পরীক্ষার্থীদের**

উপকৃত হবেন। সুপ্রিম কোর্ট রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে, এই রায় অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ করে চার মাসের মধ্যে ফলাফল প্রকাশ করতে হবে।

শুনানির সময় প্রাথমিক শিক্ষা পর্ষদের পক্ষে সওয়াল করতে গিয়ে আইনজীবী জয়দীপ গুপ্ত হাইকোর্টের রায়ের বিরোধিতা করলেও আদালত তা খারিজ করে দিয়েছে। বিচারপতি নরসীমা তাঁর পর্যবেক্ষণে জানিয়েছেন, প্রশ্নপত্রে ত্রুটির দায় পরীক্ষার্থীদের ওপর চাপানো যায় না।

# সংঘের দপ্তরের কাছে উদ্ধার বিস্ফোরক

**ভোপাল, ৭ এপ্রিল :** নাগপুরে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের সদরদপ্তরের কাছে একটি বাড়ির বাগানে পড়ে থাকা ব্যাগ থেকে উদ্ধার হল বিপুল পরিমাণ বিস্ফোরক। তবে কেন এই বাড়িতে বিস্ফোরক মজুত রাখা ছিল, তা এখনও স্পষ্ট নয়। জানা গিয়েছে, ৫৮টি ডিটোনেটর ও তাজা কার্তুজ উদ্ধার করেছে নাগপুর পুলিশ। বিস্ফোরক উদ্ধার হওয়ার পরই এলাকায় জারি হয়েছে হাই অ্যালার্ট। তল্লাশি অভিযানের সঙ্গে চলে নাকা চেকিং।

সংঘের সদর দপ্তর থেকে প্রায় ৫ কিলোমিটার দূরত্বে ওই বাড়ি। বাড়ির মালিক মালিক উজ্জ্বল লানজেওয়ার পেশায় চিকিৎসক। তিনি এই ব্যাপারে নিজেই অবাক। তিনি জানিয়েছেন, তাঁর চোখেই প্রথম পড়ে ব্যাগগুলি।

ব্যাগ খুলে বিস্ফোরক দেখার সঙ্গে সঙ্গে পুলিশে খবর দেন। আরও কোথাও বিস্ফোরক লুকিয়ে আছে কিনা, পুলিশ ইতিমধ্যেই তল্লাশি চালাচ্ছে। তবে এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

# ইরানে ভারতীয়দের সতর্কবার্তা

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** মঙ্গলবার রাতের মধ্যেই 'ইরানি সভ্যতাকে ধ্বংসস্তূপে পরিণত করা'র হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আর তারপরই সে দেশে বসবাসকারী ভারতীয়দের নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ ভ্রমণ ও অবস্থান সংক্রান্ত নির্দেশিকা জারি করল তেহরানের ভারতীয় দূতাবাস।

তেহরানের ভারতীয় দূতাবাসের মাধ্যমে কেন্দ্রীয় সরকার ভারতীয়দের আগামী ৪৮ ঘণ্টা নিজ নিজ অবস্থানে থাকার এবং অপ্রয়োজনীয় চলাচল বন্ধ রাখার পরামর্শ দিয়েছে। বিশেষ করে সামরিক এলাকা এবং বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলির মতো সংবেদনশীল স্থানগুলি এড়িয়ে চলার কথা বলা হয়েছে। এছাড়া সম্ভাব্য হামলা থেকে সুরক্ষিত থাকতে ভারতীয়দের বহুতল ভবনের ওপরের তলাগুলিতে না থাকার জন্য বিশেষভাবে সতর্ক করা হয়েছে।

যাঁরা দূতাবাসের নির্ধারিত হোটেলে রয়েছেন, তাঁদের ভবনের ভিতরে থাকতে এবং অন-সাইট আধিকারিকদের সঙ্গে নিবিড় যোগাযোগ রাখতে বলা হয়েছে। মহাসড়কে ভ্রমণের ক্ষেত্রে পরামর্শ দেওয়া হয়েছে কেবলমাত্র দূতাবাসের আনুষ্ঠানিক নির্দেশ ও ছাড়পত্র অনুযায়ী পথ চলার। যেকোনও জরুরি পরিস্থিতির জন্য দূতাবাসের পক্ষ থেকে হেল্পলাইন চালু রাখা হয়েছে।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বেঁধে দেওয়া সময়সীমা এবং হরমুজ প্রণালী নিয়ে ক্রমবর্ধমান উত্তেজনার মাঝেই এই সতর্কবার্তা এসেছে। সামরিক সংঘাতের আশঙ্কায় ভারতীয়দের সর্বক্ষণ সতর্ক থাকার এবং দূতাবাসের দেওয়া নিয়মিত আপডেটগুলিতে নজর রাখতে বলা হয়েছে।

# সুরের স্রোতে ইরানি শিল্পী



**তেহরান, ৭ এপ্রিল :** সেতারের সুর বড় সূক্ষ্ম। বন্দুকের গুলি বা কামানের গোলার চেয়ে তার শক্তির গভীরতা অনেক বেশি। সেই সুর জীবনের কথা বলে। ইরানের শিল্পী আলি ঘামসারি ট্রাম্পের হুঁশিয়ারির তোয়াক্কা না করে দামাওয়ান্দ বিদ্যুৎকেন্দ্রের সামনে পাহাড়ায় বসে সুর তুলছেন তাঁর বাদ্যযন্ত্রে। সুরের মূর্ছনা যেন সুগন্ধের মতো ঝরে পড়ছে চারপাশে। ইরানি শিল্পীর ব্যতিক্রমী প্রতিবাদী রূপে মুগ্ধ বিশ্ববাসী। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে ছড়িয়ে পড়া ভিডিওয় মুগ্ধ নেটিজেনরা।

ইরানের আকাশ এখন যুদ্ধের কালো মেঘে ঢাকা। গুলি, গোলা বর্ষণ চলছেই। আগুন ঝরে পড়ছে ক্ষেপণাস্ত্রের মুখ থেকে। ট্রাম্পের নির্দেশে মার্কিন সেনা ইরানের বিদ্যুৎকেন্দ্রগুলি নিশানা করেছে। দামাবান্দ বিদ্যুৎকেন্দ্র তাদের নজরে। যে কোনও সময় আছড়ে পড়তে পারে মিসাইল। তা সত্ত্বেও ঘামাসারি তাঁর শান্ত প্রতিবাদে অটল। সুরের শক্তিকে মানবিক ঢাল করেছেন তিনি। তাই অনায়াসে বললেন, 'আমি আশা করি আমার তারের সুর শান্তির পথে প্রভাব ফেলবে। সাহায্য করবে যাতে ঘরের আলো না নেভে।' বিদ্যুৎকেন্দ্রটির সুরক্ষা ও সাধারণ মানুষের দুর্দশা লাঘব করতে ঘামাসারি এই অভিনব প্রতিবাদ। মানবিক সংযোগে সুরের শক্তি অসাধারণ। রাজনীতিকরা যখন কৌশলের প্যাঁচপয়জার নিয়ে ব্যস্ত, তখন শিল্পীর সুর ভাসে মানুষের হৃদয়ে। আলি ঘামাসারির তারের সুর জীবনেরই কথা বলে। সেই সুর বিশ্বজুড়ে যে সহমর্মিতা তৈরি করছে, তা যুদ্ধের পক্ষে থাকা জনমতকে দুর্বল করুক, এটাই কাম্য।



# শাহরুখ, সৌরভ মুখোমুখি ইডেনে


কলকাতা নাইট রাইডার্সের ম্যাচে ইডেন গার্ডেনসে দেখা হল শাহরুখ খান ও সৌরভ গঙ্গোপাধ্যায়ের। দেখা হতেই একে অপরকে জড়িয়ে ধরেন। এই ভিডিও নেটে ঘুরছে। কেকেআর-এর সোশ্যাল মিডিয়ায় লেখা হয়েছে, যখন কিং-এর সঙ্গে দেখা হয় কলকাতার রাজপুত্রের।' আইপিএল-এর প্রথন সিজনে নাইট রাইডার্সের নায়ক ছিলেন সৌরভই। সালটা ২০০৮। পরের সিজনে তিনি ছিলেন না, ২০১০ সালে আবারও সৌরভই নায়ক হন। শাহরুখ পরেছিলেন সাদা টি শার্ট, মাথায় সাদা টুপি, কানের পাশ দিয়ে সাদা চুল দেখা যাচ্ছিল। সেটি তাঁর আগামী ছবি কিং-এর লুক। সে ছবি অনেক জায়াগাতেই আগে দেখা গিয়েছে। সৌরভ কালো শার্ট আর হালকা রঙের প্যান্ট পরেছিলেন। অনুরাগীরা দুজনকে এভাবে দেখে নস্টালজিয়ায় ভাসছেন।





## উঠল কর্মবিরতি, নিষিদ্ধ লীনার সংস্থা

# ফের মতবিরোধে দেব-স্বরূপ বিশ্বাস







রাহুল অরুণোদয় বন্দ্যোপাধ্যায়ের শুটিংয়ে সমুদ্রে ডুবে মৃত্যু টালিগঞ্জকে নাড়িয়ে দিয়েছে। রাহুলের মৃত্যুর পর প্রযোজনা সংস্থা ম্যাজিক মোমেন্টস না কোনও বিবৃতি দিয়েছে, না রাহুলর পরিবারের প্রতি কোনও সমবেদনা জানিয়েছে। উলটে নানা পরস্পরবিরোধী মন্তব্য করে যাচ্ছে সংস্থার সঙ্গে জড়িত সকলে। তাদের এই অমানবিক আচরণে বিস্মিত ও আহত শিল্পীমহল। ফলে সকলের প্রশ্ন, শুটিংয়ে তাহলে শিল্পীদের নিরাপত্তা কোথায়?

কলকাতায় শুটিং বন্ধ সোমবার থেকে। কলকাতার বাইরে যদিও শুটিং চলছে। এই কর্মবিরতির পাশাপাশি শিল্পী, কলাকুশলীদের দাবি, তাঁদের নিরাপত্তার ব্যবস্থা আরও শক্তপোক্ত করতে হবে। এই প্রসঙ্গে আর্টিস্ট ফোরামের তরফে শান্তিলাল মুখোপাধ্যায় বলেছেন, 'এই দাবি সব চ্যানেল কর্তৃপক্ষ এবং ইমপার কাছে। ফোরাম এবং ফেডারেশন আলাদা আলাদা করে দুটো এসওপি তৈরি করেছে, এবার জমা দেওয়া হবে চ্যানেলগুলো ও ইমপা-র কাছে।' সেই এসওপিতে কি আছে তা নিয়ে কেউ কথা বলেননি। এদিকে প্রশ্ন উঠছে, তাহলে কর্মবিরতি কেন, নিরাপত্তার জন্য দাবি জানানো এবং সেই লড়াই চালানোয় মঙ্গলবার টেকনিশিয়ান স্টুডিওতে এই বিষয়ে মিটিং হয়। মিটিংয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে বুধবার থেকে কর্মবিরতি থাকবে না। এদিন প্রসেনজিৎ চট্টোপাধ্যায় সাংবাদিকদের বলেন, 'আমাদের কারওর সঙ্গে কোনও লড়াই নেই। শুধু রাহুলের মৃত্যুর প্রকৃত কারণ জানতে চাই। তাই সবাই মিলে ঠিক হয়েছে, ওই প্রযোজনা সংস্থার সঙ্গে আমরা কোনও কাজ করব না, জনসমক্ষে ওদের জানাতে হবে কী ঘটেছে রাহুলের সঙ্গে। তাদের উত্তর দিতে হবে প্রিয়াঙ্কাকে।'

মিটিংয়ে উপস্থিত ছিলেন রঞ্জিত মল্লিক, তিনিও একই কথা বলেন। ফেডারেশনের প্রধান স্বরূপ বিশ্বাস বলেন, 'ঠিক হয়েছে শিল্পী ও কলাকুশলীদের জন্য জীবনবিমা করা হবে—চ্যানেল কর্তৃপক্ষ রাজি হয়েছে। আগামী ২৫-৩০ দিনের মধ্যে এই কাজ হবে।' মিটিংয়ে ছিলেন দেব। তিনি বলেন, 'অনেক অভিনেতা ব্যান হয়েছেন। যাঁদের হতে কাজ নেই, তাঁরাই জানেন এই যন্ত্রণা। বুম্বাদা বলেছেন, ওঁদের সঙ্গে কথা বলবেন। এই ব্যান তুলে নেওয়া হবে।' এই বিষয়টিতে আবারও স্বরূপ বিশ্বাসের সঙ্গে দেবের বিরোধিতা স্পষ্ট হয়েছে। স্বরূপ বলেন, 'আজ এক অভিনেতা কয়েকজন অভিনেতার ওপর থেকে ব্যান তুলে নেবার কথা বললেন। এক বছর আগে এই কথা বললে ভালো হত। উনি অভিনেতাদের কথা বলছেন, কলাকুশলীদের কথা নয়।' দেব মূলত অনির্বাণ ভট্টাচার্যের কথা বলেছেন, বুঝতে অসুবিধা হয় না। এর আগেও বহু বিষয়ে দেব ও স্বরূপের মতবিরোধের আঁচ পাওয়া গিয়েছিল। তাই প্রসেনজিৎ সাংবাদিক সম্মেলনে যতই বলুন, 'আমরা সবাই এক, ফোরাম, ফেডারেশন আলাদা নয়', বিরোধিতা বেরিয়েই পড়ল। এখন দেখার, নিরাপত্তার বিষয়টিতে কতদিন একজোট হয়ে ওঁরা থাকবেন।



## একনজরে সেরা ৫

### অক্ষয়ের কাণ্ড

ভূত বাংলার প্রচারে অক্ষয়কুমার ছেঁড়া জামা, কোর্ট পরে এলেন। দাড়িও কাটেননি। তাঁকে দেখে উপস্থিত লোকজন অবাক। কিন্তু কেন? অক্ষয় বলেছেন, ভূতেরা আমার জামা ছিঁড়ে দিয়েছে। সকলেই তখন হাসছেন। অক্ষয় কমেডিতে মাস্টারমশাই, আবার সরাসরি তাঁর কমেডি দেখে সকলেই খুশি। ভূত বাংলা হরর-কমেডি, আসছে ১৬ এপ্রিল।

### না চিরসখা

লীনা গঙ্গোপাধ্যায়ের সংস্থা ম্যাজিক মোমেন্টসের সঙ্গে টালিগঞ্জে কেউ কাজ করবে না—মঙ্গলবার আর্টিস্ট ফোরাম, ফেডারশন, ইমপা, চ্যানেল কর্তৃপক্ষের মিটিংয়ে ঠিক হয়েছে। এর ফলে সংস্থার ধারাবহিক চিরসখা বন্ধ হয়ে যাচ্ছে। চিরসখার অভিনেত্রী ঐশী ভট্টাচার্য বলেছেন, আজ মিটিংয়ে সিনিয়ররা যে সিদ্ধান্ত নিয়েছেন, সেটাই। ফোরামের পাশে আছি। চিরসখা বন্ধ হচ্ছে।

### সোনুর উদ্যোগ

সোনু সুদ বিশ্ব স্বাস্থ্য দিবসে অব রুকনা নহির উদ্যোগ নিলেন যার উদ্দেশ্য বয়স্কদের হাঁটু প্রতিস্থাপন। এর জন্য প্রয়োজনীয় খরচ তিনিই দেবেন। ইন্ডিয়া ২০৩০ লিডারশিপর কনক্লেভে অংশ নিয়ে তিনি এই ঘোষণা করেন। সোনুর কথায়, বাবা-মা আমাদের হাঁটতে শেখান। তাঁরা যখন হাঁটতে পারেন না, আমাদের দায়িত্ব তাঁদের হাঁটতে সাহায্য করা।

### রাজপালকে সলমন

চেক বাউন্স নিয়ে রাজপাল যাদবকে পুরস্কার প্রদান অনুষ্ঠানে এক সঞ্চালক মজা করেন। যাদবকে সমর্থন করে সলমন খান বলেছেন, রাজপাল ভাই ৩০ বছর ধরে কাজ করছেন, আপনার কাজ সব সময় মূল্যবান। কাজটা জানেন, তাই পারিশ্রমিকও পাবেন। ডলারের দাম উঠুক বা পড়ুক, যা করবেন তা তো ভারতের ঝুলিতেই যাবে। অভিভূত রাজপাল বলছেন, লাভ ইউ ভাই।

### শেষ নোরা

সরকে চুনর গানের জন্য নোরা ফতেহিকে মহিলা কমিশন আবার সমন পাঠিয়েছে। এটি তাঁর সশরীরে হাজির হওয়ার শেষ সুযোগ। ৭ এপ্রিল তাঁর দেখা করার কথা ছিল। এদিন গীতিকার রাকিব আলম, পরিচালক প্রেম, প্রযোজক সুপ্রীত ও গৌতম কেএম হাজির ছিলেন। সঞ্জয় দত্তকে ডাকা হয়েছে ৮ এপ্রিল। পরের শুনানি ২৭ এপ্রিল।

# রাহুলকে নিয়ে মন্তব্য, স্বস্তিকার রোষে সৌরভ



রাহুল বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর পর সৌরভ গঙ্গোপাধ্যায় বলেছিলেন, কেন জলে-টলে নামল! এই নিয়ে স্বস্তিকা মুখোপাধ্যায় তাঁর নিজস্ব চাঁচাছোলা ভাষায় বলেছেন, আমি তো সৌরভ গঙ্গোপাধ্যায়ের মতো বিজ্ঞ নই, যে সব বিষয়ে মন্তব্য করব। উনি যেভাবে জল-টল... বলেছেন, আমরা জল-টল, হেনা-তেনা বলি যখন বিষয়টাকে ছোট করি। ওঁর মতো আন্তর্জাতিক ক্রিকেট তারকার আরও একটু সচেতন হওয়া উচিত ছিল। উনি এসি ফ্লোরে নন ফিকশনের শুটিং করেন। উনি কী করে জানবেন আমাদের শুটিং-ফুটিং, কীভাবে হয় টয়। উনি কোটি কোটি টাকা পারিশ্রমিক নেন, উনি যা চাইবেন, তাই দেওয়া হবে। আর জি কর-এর সময় থেকেই দেখছি উনি এরকম মন্তব্য করছেন।

# লীনার সেট থেকে বেরিয়ে গেলেন রেশমী

অম্বরীশ, রাজন্যার পরে এবার রেশমী সেন। লীনা গঙ্গোপাধ্যায়ের ম্যাজিক মোমেন্টস-এর কাজ থেকে বেরিয়ে এলেন তিনি। চিরসখা এবং ভোলেবাবা, দুটো ধারাবাহিকেই কাজ করছিলেন রেশমী। ভোলেবাবাতে রাহুলের শাশুড়ির চরিত্রে অভিনয় করছিলেন তিনি। কিন্তু রাহুল যখন চলে গেলেন, এত পরস্পরবিরোধী মতামত শুনে সরে দাঁড়িয়েছেন তিনি। প্রকৃত বিচার যতক্ষণ না আসছে, ততক্ষণ এই সংস্থার সঙ্গে কোনও কাজ করবেন না বলে জানিয়েছেন রেশমী।

শুধু তাই নয়, রেশমী আরও বলেছেন যে, রাহুল ড্রোন শট চেয়েছেন বলেই জলে নেমে পড়লেন, এমনটা হতে পারে না। কারণ ড্রোন শটের জন্যে আলাদা টেকনিশিয়ান দরকার। তাছাড়া চিত্রনাট্যের একটা লাইনও এদিক-ওদিক করা যায় না। কাজেই প্রকৃত বিচার পেতে হবে। নাহলে এই সংস্থার সঙ্গে কাজ করবেন না রেশমী। আর্টিস্ট ফোরামকে সে কথা জানিয়েও দিয়েছেন। প্রযোজনা সংস্থাকেও সে কথা জানিয়েছেন তিনি।


এখন যদিও রেশমীর হাতে আর কোনও কাজ নেই, কিন্তু তাও এই বিচারের স্বার্থে তিনি নিজের সিদ্ধান্ত নিয়েছেন বলে জানালেন রেশমী সেন।



### রাজের মুখে ভিন্ন সুর

টালিগঞ্জে যে একেবারেই নিরাপত্তা নেই, এটা মানতে নারাজ পরিচালক রাজ চক্রবর্তী। যদিও রাহুল অরুণোদয়কে নিয়ে উত্তাল টলিউড থেকে তিনি দূরে আছেন, আপাতত ভোট নিয়ে ব্যস্ত। তবে প্রচারের ফাঁকেও রাজ কিন্তু একটা কথা স্পষ্ট জানাচ্ছেন যে, টলিউডে নিরাপত্তা একেবারেই ছিল না, তা নয়। এতজন মানুষকে নিয়ে শুটিং হয় যেখানে, সেখানে অনুমতি এবং নিরাপত্তা দুই-ই থাকে বলে মনে করছেন রাজ চক্রবর্তী। নইলে এত বছর ধরে সুষ্ঠুভাবে কাজ করা সম্ভব হত না।

তবে হ্যাঁ, যদি আরও বেশি উন্নতির প্রয়োজন থাকে, তাহলে আলোচনা করে সেটা করাই যেতে পারে বলে মনে করছেন তিনি। কারণ যে কোনও বিষয়ে উন্নতিটা সত্যিই কাম্য।



# 'তোমরা উত্তরবঙ্গের মানুষরা বড্ড বেশি ভালো'

**রাহুল অরুণোদয়। দেড় দশকের বন্ধুত্বের স্মৃতিকথায় দীপজ্যোতি চক্রবর্তী**

'জীবন গিয়েছে চলে আমাদের কুড়ি-কুড়ি বছরের পার।'

মাত্র আর দুটো বছর। তার পরেই কুড়ি বছরের পরিচয় সেলিব্রেশন করার সুযোগ হত। আঠেরো বছরের বন্ধুত্ব আমাদের। পরিচয় হয়েছিল পরিচালক কৌশিক গঙ্গোপাধ্যায়ের সৌজন্যে। তারপর ধীরে ধীরে আপন হয়ে ওঠা। 'আপন হতে বাহির হয়ে' বাইরে দাঁড়ানো। মনের ভিতর ঘরের কথা জেনে ফেলার সুযোগ। নানান প্রয়োজন-অপ্রয়োজনের লেনদেন। সবসময় যে দেখা-সাক্ষাৎ ঠিক তা নয়, বরং মুঠোফোনে মুঠোকয়েক কথা ভাগাভাগি।

কাজের সূত্রেই টালিগঞ্জের তারকাদের সঙ্গে ওঠাবসা। প্রায় সকলেই শরীর সচেতন। কিন্তু রাহুলের ক্ষেত্রে ঠিক তার উলটো। শরীরের প্রতি যত্ন ছিল না একেবারে। 'হলেই হল' গোছের একটা ভাব। বিষয়টা নিয়ে আমার সঙ্গে অমত ছিল। সবসময়ই বলতাম, নিজেকে আগে ভালোবাসো, তারপর সবটা। কিন্তু কে শোনে কার কথা!

একবার শিলিগুড়ি আসবে। দিনকয়েক থাকবে। বন্ধুর বিয়ের বরযাত্রী হবে। ফোনে জানালো, 'বাচ্চুদা, তুমি জানলে খুশি হবে, আমি এখন নিয়মিত জিমে যাই। শরীরচর্চা করি। তাই বন্ধুর বিয়েতে গিয়েও আমি জিমে যেতে চাই। একদিনও বাদ দেব না। তুমি কয়েকদিনের জন্য একটা জিমের ব্যবস্থা করে দাও। যা টাকা লাগে দেব।' কথাটা শুনে 'দিল খুশ' হয়ে গেল। রাহুল শরীরের দিকে মন দিয়েছে। এদিকে জিমে আমার যাতায়াত নেই একেবারেই। অগত্যা বন্ধু দেবকুমার দে ওরফে কানু, যে আবার জাতীয় প্রশিক্ষক, দায়িত্বটা চাপিয়ে দিলাম ওর কাঁধেই। কানু তার পরিচিত জিমে নিয়ে গিয়েছিল রাহুলকে। নিজে দাঁড়িয়ে ওর দেখভাল করেছিল। তবে জিম কর্তৃপক্ষ রাহুলের কাছ থেকে একটা কানাকড়িও নিতে চায়নি, উলটে ওকে সংবর্ধনা দিয়েছিল। আন্তরিকতায় ডগমগ হয়ে বলেছিল, 'তোমরা উত্তরবঙ্গের মানুষরা বড্ড বেশি ভালো।' সেইসঙ্গে আরও বহু সম্ভাষণ।

মাঝে মাঝে নানান বিষয়ে কথা চলত, হোয়াটসঅ্যাপেই বেশি। ওর পছন্দ-অপছন্দগুলো সরাসরি বলতাম। অপছন্দের কথা শুনেও কখনও খেপে যেত না। সরল মনে সেগুলো গ্রহণ করত। অভিনয়টাও ছিল খুব সাদাসিধে। অভিনয় বলেই মনে হত না। মা-বাবা ছিলেন নাট্যকর্মী। তাই খুদে বয়স থেকেই রাহুল অভিনয় শুরু করেছিল থিয়েটারে। সেইসঙ্গে অগাধ পাণ্ডিত্যের অধিকারী ছিল। প্রকৃত একজন শিক্ষিত মানুষ।

একবার ডুয়ার্সে শুটিং করতে এল। লাটাগুড়ির পঞ্চবটীতে বন্ধুদের নিয়ে ডিনারের ব্যবস্থা করেছিল। আমাকেও সাদরে আমন্ত্রণ জানিয়েছিল। কিন্তু শেষমেশ আমার যাওয়া হয়ে ওঠেনি। গাল ফুলে গিয়েছিল রাহুলের। অভিমান করে অনেকদিন কথা বলেনি।

এরপর গঙ্গা-পদ্মা দিয়ে অনেক জল গড়িয়ে গিয়েছে। কিছুদিন আগে শুরু করেছিল ওর পডকাস্ট 'সহজ কথা'। সেটা নিয়ে মাঝে মাঝেই কথা হত। হঠাৎ একদিন জানতে চাইলাম, ফেলুদা মানে সব্যসাচী চক্রবর্তীর আলাপচারিতা কবে দেখব? সঙ্গে সঙ্গে ফোন করে বলল, 'এটা নিয়েই আমি খুব টেনশনে আছি। মাথায় সবসময়ই ঘুরছে কী কী প্রশ্ন করব? এমন মাপের একজন মানুষ, যাঁকে দেখে বড় হয়েছি। অসম্ভব শ্রদ্ধা করি মানুষটাকে। তাই ভেবেছি আগে মিঠু কাকিমার ইনটারভিউ করে তারপর বেণুকাকুকে সহজ কথায় ডাকব। তাতে মনে হয় আমার কাজ একটু সহজ হবে।' জানি না, কেন বেণুদাকে ইনটারভিউ করতে ও একটু বেশি টেনশন করছিল! যাইহোক, একদিন এসএমএস করে লিখল, 'বেণুকাকুর ইনটারভিউ দেখলে?' এরপর ফোনে নানান কথা। বেণুদার আলাপচারিতা ভীষণই ভালো লেগেছে জেনে ভীষণ খুশি হয়েছিল। তারপর আমি আরেকটা অনুরোধ রেখেছিলাম ওর কাছে। বাবুদা মানে পরিচালক সন্দীপ রায়ের ইনটারভিউ কবে দেখব? সঙ্গে এও বলেছিলাম, তুমি তো অনেকেরই ইনটারভিউ করছ, কিন্তু তোমারটাও তো ভীষণভাবে শুনতে চাই। সেটা কীভাবে হবে? ওটা তোমার গিন্নি প্রিয়াংকাকে বলো, নইলে আরো ভালো হয় যদি ছেলে সহজ করে। কথাটা শুনে খুব খুশি হয়েছিল।


আরও কত কথা। কথার এক্কাদোক্কা। আমার বাড়ির দুর্গাপুজোয় আসার ভীষণই ইচ্ছা ছিল ওর। যেটা নিয়ে কথাও হয়েছিল। বলেছিল, 'দু-তিনদিন থাকব'। কিন্তু না, সেটা আর হল না। ওর শেষ করা এসএমএস ২ ডিসেম্বর, ২০২৫। 'আজ সারারাত শুট করে ভোরবেলা শতাব্দী ধরব বাচ্চুদা।'

'এই রোকো, পৃথিবীর গাড়িটা থামাও!/ আমি নেমে যাব।/ আমার টিকিট কাটা অনেক দূরের/ এ গাড়ি যাবে না,/ আমি অন্য গাড়ি নেব।' মাত্র বিয়াল্লিশেই 'অন্য গাড়ি'তে গিয়ে উঠলে বন্ধু! চিরতরে?



ছোট্ট তারা

সমরজিতা মুখোপাধ্যায় পড়াশোনার পাশাপাশি নাচে আগ্রহী। একটি বেসরকারি প্লে স্কুলের প্রি-নার্সারির পড়ুয়া এই খুদের আগ্রহে খুশি স্কুলের শিক্ষিকারা।




ভোট নিয়ে সচেতনতা শিলিগুড়ি সংলগ্ন সুকনার একটি বেসরকারি স্কুলের পড়ুয়াদের। মঙ্গলবার।

## ‘আমাদের পাড়া, আমাদের সমাধান’

# শুরুই হয়নি ৫০০-র বেশি প্রকল্পের কাজ

**নিতাই সাহা**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** একবার, দু’বার নয় তিন-তিনবার! তারপরেও পুরনিগম এলাকায় ‘আমাদের পাড়া, আমাদের সমাধান’ প্রকল্পের ৫০০-র বেশি কাজ শুরু করাই সম্ভব হয়নি। আর এ নিয়েই শুরু হয়েছে শাসক-বিরোধী শিবিরের বাগযুদ্ধ। বিরোধী দলের নেতারা পুরনিগমকে কাঠগড়ায় তুলে সমালোচনায় মুখর হয়েছেন। যদিও শাসক নেতৃত্ব তাতে খুব একটা গুরুত্ব দিতে নারাজ। তবে, বিতর্ক এড়াতে পুরনিগমের কমিশনার অশ্বিনীকুমার রায় বলছেন, ‘ভোটপর্ব মিটতেই বাকি থাকা প্রতিটি প্রকল্পের কাজই শুরু হয়ে যাবে।’

পুরনিগম সূত্রে খবর, ‘আমাদের পাড়া, আমাদের সমাধান’ প্রকল্পে শহর শিলিগুড়ির ২৪১টি বুথ মিলিয়ে মোট ১৮৬৪টি প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছিল। প্রথম ধাপে ডিপিআর তৈরি করে টেন্ডার ডাকা হয়। একে একে ১৩৫০টি প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্নও হয়। তার মধ্যে পাঁচ শতাধিক প্রকল্পের কাজ ইতিমধ্যেই শেষ হয়ে গিয়েছে। বাকি প্রকল্পগুলির কাজ চলছে। যদিও ৫১৪টি প্রকল্পের কাজ এখনও শুরু করাই সম্ভব হয়নি। পুরনিগম সূত্রে খবর, ৫১৪টি প্রকল্পের মধ্যে ছোট ছোট বেশকিছু রাস্তা, পানীয় জলের পয়েন্ট, মিনি হাইমাস্ট লাইট সহ একাধিক কাজ লিপিবদ্ধ রয়েছে। ওই ৫১৪টি প্রকল্পের জন্য তিনবার টেন্ডার ডাকা হয়েছিল। প্রতিক্ষেত্রেই তিনের কম ঠিকাদারি সংস্থা অংশ নিয়েছিল। ফলে টেন্ডার প্রক্রিয়া বাতিল হয়ে যায়।

পুর আধিকারিকদের একাংশের মতে, ছোট ছোট কাজের ক্ষেত্রে



■ পুরনিগম এলাকায় ‘আমাদের পাড়া, আমাদের সমাধান’ প্রকল্পের ৫০০-র বেশি কাজ শুরু হয়নি

■ ভোটের আগে এ নিয়েই শুরু হয়েছে শাসক-বিরোধী শিবিরের বাগযুদ্ধ

■ তিনবার টেন্ডার ডাকা হলেও তিনের কম ঠিকাদারি সংস্থা অংশগ্রহণ করায় প্রক্রিয়া বাতিল হয়ে যায়

ঠিকাদারি সংস্থাগুলি খুব একটা আগ্রহ না দেখানোর জেরে এই সমস্যা দেখা দিয়েছে। এছাড়াও শ্রমিক ও প্রয়োজনীয় যন্ত্রাংশের অপ্রতুলতাও অন্যতম একটি কারণ বলে মনে করা হচ্ছে। যদিও বিরোধীদের দাবি, কাজ শেষে সময়মতো টাকা না পাওয়ায় ঠিকাদারদের অনেকেই টেন্ডারে অংশ নিতে আগ্রহ দেখাচ্ছেন না। যার ফলে এখনও পাঁচ শতাধিক প্রকল্পের কাজ অধরাই থেকে গিয়েছে।

একাধিকবার টেন্ডার ডাকা হলেও পাঁচ শতাধিক প্রকল্পের কাজ শুরু না হওয়ায় পুরকর্তাদের অনেকেই কিছুটা হলেও চিন্তিত হয়ে উঠেছেন। আদৌ ভোটপর্ব শেষে টেন্ডার প্রক্রিয়ায় ঠিকাদারি সংস্থাগুলি অংশ নেবে কি না তা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে। সেইসঙ্গে প্রশ্ন উঠছে, সাধারণ মানুষের দাবি মেনে ওই প্রকল্পের কাজ হাতে নিয়েও তা এখনও শুরু করতে না পারায় নির্বাচনে রাজ্যের শাসকদলকে এর খেসারত দিতে হবে না তো?

পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকার অবশ্য বললেন, ‘ইতিমধ্যে ৫০০টির বেশি প্রকল্পের কাজ শেষ হয়ে গিয়েছে। এছাড়াও আরও একাধিক প্রকল্পের কাজ চলছে। যেগুলি এখনও টেন্ডার হয়নি সেগুলি ভোটের পর হবে।’ তাঁর সংযোজন, ‘কাজ যখন শুরু হয়েছে তা শেষ হবেই। আমরা আরও একবছর পুরনিগমের ক্ষমতায় আছি।’ অন্যদিকে, পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের বক্তব্য, ‘সবটাই লোক দেখানো। শুধু জায়গায় জায়গায় বোর্ড লাগানো হচ্ছে। আসলে সঠিক সময়মতো টাকা না পাওয়ার জেরে ঠিকাদাররা কাজ করতে আগ্রহী হচ্ছেন না। ছাব্বিশের নির্বাচনের ভোটবাক্সে এর প্রভাব পড়বে। মানুষ যোগ্য জবাব দেবে।’

## জেলা নির্বাচনি আধিকারিককে নালিশ

# শহরে হাঙ্গামার ছক বিজেপির, দাবি গৌতমের

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** ভোট যত এগিয়ে আসছে শহর শিলিগুড়ির রাজনৈতিক উত্তাপ তত বাড়ছে। পতাকা, ফেস্টুন ছেঁড়া নিয়ে তৃণমূল কংগ্রেস এবং বিজেপির অভিযোগ-পালটা অভিযোগ উঠেছিল। এবার তৃণমূল প্রার্থী গৌতম দেব বিজেপির বিরুদ্ধে বাইরে থেকে লোক এনে শহরে গণ্ডগোল বাধানোর বিস্ফোরক অভিযোগ তুললেন।

গৌতমের আশঙ্কা, ‘ভোটের পাঁচ-ছ’দিন আগে থেকেই শহরে হাঙ্গামার ছক কষা হয়েছে।’ মঙ্গলবার সন্ধ্যায় দার্জিলিংয়ের জেলা নির্বাচনি আধিকারিক তথা জেলা শাসকের সঙ্গে দেখা করে একই অভিযোগ করেন গৌতম। তিনি শহরের হোটেল এবং হাউজিং কমপ্লেক্সগুলিতে নজরদারির আবেদন জানিয়েছেন। তাঁর দাবি, ‘সোমবার ১৩ নম্বর ওয়ার্ডে বিজেপি প্রার্থী যেভাবে পুলিশের সঙ্গে ধাক্কাধাক্কি করেছেন তাতে তাঁর বিরুদ্ধে থানায় অভিযোগ করা উচিত।’

যদিও শিলিগুড়ির বিজেপি প্রার্থী শংকর ঘোষের পালটা বক্তব্য, ‘গৌতমবাবুর ভালো ঘুম প্রয়োজন। সঠিক ঘুম হলে তিনি নিশ্চিতভাবে এই ধরনের বক্তব্য দেবেন না। শিলিগুড়িতে কেউ যদি অশান্তি বাধানোর চেষ্টা করেন তাহলে সেটা তৃণমূলের প্ররোচনাতেই ঘটবে।’

ফ্লেক্স, ফেস্টুন ছেঁড়া, দলীয় পতাকা খুলে ফেলে দেওয়া নিয়ে বিরোধী দলকে আক্রমণ করা যেন শহরে ভোট প্রচারের প্রধান অস্ত্রই হয়ে উঠছে। অন্তত তৃণমূল এবং বিজেপির মধ্যে এই নিয়েই






চাপানউতোর চলছে। মঙ্গলবারও সকাল থেকে গৌতম ২, ৩, ১০ নম্বর ওয়ার্ড ঘুরেছেন। প্রতিটি ওয়ার্ডেই তিনি তাঁর ফ্লেক্স, ফেস্টুন ছিঁড়ে ফেলা, দলীয় পতাকা খুলে নিকাশিনালায় ফেলে দেওয়ার অভিযোগ করেছেন। প্রতিটি ঘটনাতেই গৌতম সরাসরি শংকর এবং তাঁর দলের বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন।

এদিন দুপুরে ১০ নম্বর ওয়ার্ডের নবীন সেন রোডে দাঁড়িয়ে গৌতম বলেন, ‘বিজেপি বাইরে থেকে শহরে লোক ঢুকিয়ে এসব ন্যক্কারজনক ঘটনা ঘটাচ্ছে। ভোটের দিন শুধু নয়, তার পাঁচ-ছ’দিন আগেই শহরে একটা বড় হাঙ্গামার ছক কষা হচ্ছে।’

গৌতমের এই বক্তব্য নিয়ে রাজনৈতিক মহলে শোরগোল পড়ে গিয়েছে। শিলিগুড়িতে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে বরাবর ভোট হয়ে এসেছে। সেখানে এবার গৌতম বারবার কেন আশঙ্কা প্রকাশ করছেন? রাজ্যের বর্তমান শাসকদলের প্রার্থী হয়েও তাঁকে কেন অসহায় দেখাচ্ছে? এসব প্রশ্ন উঠছে।

শুধু রাস্তায় দাঁড়িয়ে অভিযোগ করাই নয়, সন্ধ্যায় পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকারকে নিয়ে দার্জিলিংয়ের জেলা নির্বাচনি আধিকারিকের সঙ্গে দেখা করে বিজেপি প্রার্থীর বিরুদ্ধে একের পর এক নালিশ জানিয়েছেন।

এদিন রঞ্জনেরও অভিযোগ, শিলিগুড়িতে অশান্তির ছক কষছে বিজেপি। ইতিমধ্যেই বহিরাগতদের শহরে ঢুকিয়ে ফ্লেক্স ছেঁড়া, পতাকা খুলে ফেলার ঘটনা ঘটাচ্ছে। তাঁর কথায়, ‘প্রতিটি ওয়ার্ডে ঠিক একই কায়দায় তৃণমূলের ফ্লেক্স, পতাকা নষ্ট করা হচ্ছে। পাশেই অন্য পার্টির ফ্লেক্স, পতাকা থাকলেও হাত দেওয়া হচ্ছে না। এতেই প্রমাণিত যে, পরিকল্পনামাফিক বিজেপি বহিরাগতদের দিয়ে এই অপকর্ম করাচ্ছে।’

জেলা নির্বাচনি আধিকারিকের কাছে এদিন তৃণমূলের তরফে আবেদন করা হয়, শিলিগুড়ি বরাবর শান্তিপ্রিয় জায়গা। এখানে উৎসবের ধাঁচে ভোট হয়। বিজেপি এই ধারাকে নষ্ট করার চক্রান্ত করছে। নির্বাচন কমিশন এখনই এর বিরুদ্ধে পদক্ষেপ করুক।

# পার্কিংকে কেন্দ্র করে ব্যবসায়ীকে মারধর

## অভিযুক্তের পাশে তৃণমূল কাউন্সিলার

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** পার্কিংকে কেন্দ্র করে ব্যবসায়ীকে মারধরের ঘটনায় নাম জড়িয়েছে শিলিগুড়ি পুরনিগমের ৬ নম্বর ওয়ার্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা দেখার দায়িত্বে থাকা মহম্মদ নাসিমের। ইতিমধ্যে তাঁর নাম উল্লেখ করে শিলিগুড়ি থানায় অভিযোগ দায়ের করেছেন ওই ব্যবসায়ী। অভিষেক আগরওয়াল নামে ওই ব্যবসায়ী জানিয়েছেন, তাঁকে মারধর করার পাশাপাশি মঙ্গলবার দোকান না খোলার জন্যেও হুমকি দেওয়া হয়। শেষমেশ হিলকার্ট রোড ব্যবসায়ী সমিতির সদস্যরা এসে অভিষেককে দিয়ে দোকান খোলান। এদিকে, এই ঘটনায় রাজনীতির রং লাগতে শুরু করেছে। ফোন সুইচড অফ থাকায় নাসিমের সঙ্গে যোগাযোগ করা যায়নি। যদিও স্থানীয় ওয়ার্ড কাউন্সিলার তৃণমূলের আলম খান বলেছেন, ‘সামান্য ঘটনা ঘটেছে। তাতে উদ্দেশ্যপ্রণোদিতভাবে রাজনীতির রং লাগানো হয়েছে। নাসিম খুবই ভালো ছেলে।’

এদিন ওই ব্যবসায়ীর সঙ্গে দেখা করেন বিজেপি প্রার্থী শংকর ঘোষ ও তৃণমূল কংগ্রেস প্রার্থী গৌতম দেব। শংকর বলছেন, ‘কিছুদিন আগেও এই রাস্তাতেই চিকিৎসক মৈনাক মুখোপাধ্যায় হেনস্তার শিকার হয়েছিলেন। সেই ঘটনাতেও কোনও ব্যবস্থা নেওয়া হল না। এই দাদাগিরি বন্ধ করতে হবে। ব্যবসায়ী সমিতির কাছে অনুরোধ করব, আপনারা এই দাদাগিরির বিরুদ্ধে রুখে দাঁড়ান।’ এদিকে, তৃণমূল প্রার্থী গৌতম দেব



■ ব্যবসায়ীকে মারধরের ঘটনায় ৬ নম্বর ওয়ার্ডের পরিষ্কার-পরিচ্ছন্নতা দেখার দায়িত্বে থাকা মহম্মদ নাসিমের নাম জড়িয়েছে

■ আক্রান্ত ব্যবসায়ীর সঙ্গে দেখা করেছেন শংকর ঘোষ ও গৌতম দেব

■ পার্কিং টেন্ডার প্রাপকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে দাবি গৌতমের

বলছেন, ‘এই ধরনের ঘটনার নিন্দা জানাচ্ছি। যাঁরা এই ঘটনার সঙ্গে জড়িত, তাঁদের বিরুদ্ধে কড়া ব্যবস্থার দাবি জানাচ্ছি।’

ঘটনার সূত্রপাত সোমবার সন্ধ্যায়। অভিষেকের বক্তব্য, ‘দোকানের সামনে পার্কিংয়ের জায়গায় আমার স্কুটার রাখা ছিল। ওই জায়গাতেই একটি গাড়ি ঢোকানো হচ্ছিল। সেসময় আমার স্কুটারে ধাক্কা লাগায় পার্কিং কর্মীকে বিষয়টি জানাই। তাতেই তিনি আমার সঙ্গে তর্কাতর্কিতে জড়িয়ে পড়েন। এরপর বেশ কয়েকজন তরুণ এসে আমার ওপর চড়াও হয়।’

হিলকার্ট রোডে ব্যবসায়ী সমিতির সদস্য বিজয় গুপ্ত বলছেন, ‘দোকান খোলানোর জন্য আমরা পার্কিংয়ের ওই কর্মীকেও ডাকি। প্রশ্ন করা হলে তিনি দাবি করেন, সোমবার রাতেই নাকি সমস্যা মিটে গিয়েছে। এরপর সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখিয়ে মারধরের সময় বিশেষভাবে সক্রিয় মহম্মদ নাসিমকে আমরা দেখাই। পার্কিংয়ের ওই কর্মী না চেনার ভান করে চলে যান।’

গৌতম দেবের কাছে অভিষেকের অভিযোগ, ‘নাসিমরা এর আগেও এলাকায় একাধিক ঝামেলা ঘটিয়েছেন।’ গৌতম বলেন, ‘পার্কিং টেন্ডার প্রাপকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। এধরনের কোনও ঘটনায় কাউকে রেয়াত করা হবে না।’

ডিসিপি হেড কোয়ার্টার তন্ময় সরকার বলেন, ‘অভিযোগের প্রেক্ষিতে তদন্ত চলছে।’

## ইউএসজি পরিষেবার সূচনা

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** শিলিগুড়ি সূর্যনগর সমাজকল্যাণ সংস্থায় মঙ্গলবার থেকে চালু হল আল্ট্রাসনোগ্রাফি পরিষেবা। সংস্থার তরফে জানানো হয়েছে, এখন থেকে ৫০০ টাকার বিনিময়ে এখানে সমাজের সর্বস্তরের মানুষ ইউএসজি পরিষেবা পাবেন।

এদিন একটি অনুষ্ঠানের মধ্যে দিয়ে এই পরিষেবার উদ্বোধন করা হয়। সংস্থার সাধারণ সম্পাদক নরেন্দ্র বাড়ুরি বলেন, ‘অঞ্জন কাহালি তাঁর স্ত্রীর স্মৃতির উদ্দেশ্যে মেশিনটি প্রদান করেছেন। আজ থএকে সেই পরিষেবার সূচনা হল।’ এদিনের অনুষ্ঠানে সংস্থার সদস্যরা ছাড়াও বিভিন্ন চিকিৎসক ও স্বনামধন্য মানুষেরা উপস্থিত ছিলেন।

# দিনদুপুরে তরুণীকে ‘যৌন হেনস্তা’

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** শহর শিলিগুড়িতে দিনদুপুরে তরুণীকে যৌন হেনস্তা!

মঙ্গলবার দুপুরে এমন অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল প্রধাননগর থানার প্রমোদনগর সংলগ্ন এলাকায়। স্থানীয় সূত্রে খবর, ওই এলাকায় এক তরুণী হেঁটে যাওয়ার সময় পিছন থেকে এক তরুণ এসে হঠাৎ করেই তরুণীর গোপনাঙ্গ স্পর্শ করে দৌঁড়াতে শুরু করে। ঘটনার আকস্মিকতায় ওই তরুণী হতচকিত হয়ে পড়েন। এদিকে, বিষয়টি নজরে আসতেই স্থানীয়রা ওই তরুণের পিছনে দৌঁড়াতে শুরু করেন। সে সময় প্রধাননগর থানার একটি পুলিশ ভ্যান ওই এলাকায় টহল দিচ্ছিল। স্থানীয়দের সহযোগিতায় ওই তরুণকে হাতেনাতে পাকড়াও করে পুলিশ। এরপর অভিযুক্তকে থানায় নিয়ে যাওয়া হয়। তবে প্রতিবেদন লেখা পর্যন্ত এ নিয়ে কোনও লিখিত অভিযোগ না হওয়ায় অভিযুক্ত তরুণকে আটক করে রাখলেও গ্রেপ্তার করা হয়নি।

ঘটনার প্রতক্ষ্যদর্শী শুভম ছেত্রী বলেন, ‘ওই তরুণী হেঁটে যাওয়ার সময় হঠাৎ করেই এমন অশ্লীল কাজ করে অভিযুক্ত তরুণ দৌঁড়াতে শুরু করে।’

এদিকে ঘটনার জেরে আতঙ্কিত হয়ে পড়েন ওই তরুণী। তিনি বলেন, ‘কাজে যাওয়ার জন্য বাড়ির থেকে বেরিয়েছিলাম। এমন ঘটনার সম্মুখীন হতে হবে, ভাবতেও পারিনি।’

আগেও দিনদুপুরে প্রকাশ্য রাস্তায় কখনও শ্লীলতাহানি, কখনও আবার যৌন হেনস্তার অভিযোগ সামনে এসেছে। দিনকয়েক আগে কলেজে যাওয়ার সময় এক কলেজ পড়ুয়াকে শ্লীলতাহানির ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য তৈরি হয়। পরে লিখিত অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছিল। যদিও মেট্রোপলিটান পুলিশের এক কর্তা বললেন, ‘সমস্ত জায়গাতেই নিয়মিত নজরদারি ও টহলদারি চালানো হচ্ছে।’

## অবৈধ মদ বিক্রিতে বিশেষ নজর

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** ভোটের আবহে কোনও ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে বিশেষ নজরে পাড়ায় পাড়ায় থাকা অবৈধ মদ বিক্রেতারা। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের বিশেষ অভিযানে গত এক সপ্তাহে বিভিন্ন থানা মিলিয়ে অন্তত কুড়িজনেরও বেশি অবৈধ মদ ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। মূলত বেঙ্গল এক্সাইজ অ্যাক্টেই অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। পুলিশ সূত্রে খবর, বিগত দিনেও বিভিন্ন ঝামেলার পিছনে অবৈধ মদ বিক্রেতাদের যোগ থাকার বিষয় সামনে এসেছে।

মূলত, মদ্যপ অবস্থায় হুজ্জতি থেকেই ঝামেলার সূত্রপাত হয়। এই পরিস্থিতিতে ভোটের আবহে পাড়ায় পাড়ায় চলা অবৈধ মদের ব্যবসা বন্ধে কড়া ব্যবস্থা নিচ্ছে পুলিশ। পুলিশের এক কর্তার কথায়, ‘নির্বাচনে কোনও ধরনের অপ্রীতিকর ঘটনা এড়াতে যাবতীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।’

শহর শিলিগুড়ির অলিগলিতেই একশ্রেণির মানুষ অবৈধ মদের ব্যবসা ফেঁদে বসেছেন বলে অভিযোগ। সকাল থেকেই সেইসব দোকান, বাড়ির আড়ালে পঞ্চাশ টাকা, তিরিশ টাকা দিলেই হাতে চলে আসে মদের গ্লাস। বিভিন্ন মহলের মতে, নির্বাচনের সময় এলাকায় উত্তেজনার পেছনে এই ধরনের অবৈধ মদের ব্যবসাও অন্যতম গুরুত্বপূর্ণ কারণ হয়ে দাঁড়ায়। এই পরিস্থিতিতে প্রতিটা থানা এলাকায় এই ধরনের মদের কারবারিদের ধরার জন্য বিশেষ নির্দেশ জারি করা হয়েছে। মাটিগাড়া থানা গত এক সপ্তাহে তিনজনকে গ্রেপ্তার করেছে। ভক্তিনগর থানা সোমবার রাতে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। পুলিশের এক কর্তার কথায়, ‘ভোটের আগে পর্যন্ত এই ধরনের অভিযান আরও চলবে।’

# কটাক্ষ শংকরের

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** তৃণমূল কংগ্রেস প্রার্থী গৌতম দেবকে জেতালে শিলিগুড়ির রাশ নিজের হাতে রাখার কথা বলেছেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আর তা নিয়েই বিতর্ক শুরু হয়েছে শিলিগুড়ির রাজনীতিতে। বিজেপি প্রার্থী শংকর ঘোষ বলছেন, ‘গৌতম দেব যে কাজ করতে পারেন না, সে কথা উনি (অভিষেক) জনসমক্ষে বলেছিলেন। না হলে ওঁর পঞ্চাশ বছরের রাজনৈতিক অভিজ্ঞতা, দু’বারের মন্ত্রী, এতদিনের মেয়রের কাজের দায়িত্ব নিচ্ছেন তাঁর হাঁটুর বয়সি একজন ছেলে।’ শংকরের হাত ভাঙা নিয়েও প্রশ্ন তুলেছিলেন অভিষেক। সেবিষয়ে এদিন শংকর বলেন, ‘মমতা পায়ে যেভাবে ভুয়ো ব্যান্ডেজ করেছিলেন, অভিষেক ভাবছেন সকলেই হয়তো তেমন।’ যদিও গৌতম বলছেন, ‘আমি ওঁর কথার কোনও উত্তর দেব না।’

গত সোমবার শিলিগুড়িতে তৃণমূলের জনসভায় অভিষেক বন্দ্যোপাধ্যায় শংকরকে চ্যালেঞ্জ ছুড়েছিলেন। এদিন সেই চ্যালেঞ্জ গ্রহণ করে শংকর বলেন, ‘অভিষেক বাবুকে আমন্ত্রণ জানাচ্ছি, আপনি নিজেই শিলিগুড়িতে আমার বিরুদ্ধে লড়ুন না? আসবেন? অভিষেকের ডামি প্রার্থী কি গৌতম?’ গতকাল পুলিশের সঙ্গে ধাক্কাধাক্কি প্রসঙ্গে শংকর সাংবাদিক বৈঠকে বলেন, ‘উনি তো আউটড্রেসে ছিলেন। তাই উনি যে পানিট্যাংকি ফাঁড়ির ওসি, সেটা তো বুঝতেই পারিনি। উনি নতুন এসেছেন। শুনেছি, উনি কোনও কারণে এর আগে ক্লোজ ছিলেন।’ এই ঘটনা নিয়ে শিলিগুড়ির পুলিশ কমিশনারের কাছে রিপোর্ট নিয়েছেন পুলিশ পর্যবেক্ষক।



নববর্ষের হালখাতা শুকোনোর কাজ চলছে। শিলিগুড়িতে। ছবি : সঞ্জীব সূত্রধর

## সভা

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** শিলিগুড়িতে স্টুডেন্টস হেলথ হোমের ত্রিবার্ষিক সভা অনুষ্ঠিত হল মঙ্গলবার। এদিনের সভায় বিগত তিন বছরে সংস্থার কাজকর্মের মূল্যায়ন এবং আগামী তিন বছরের পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন সংস্থার সভাপতি শান্তিরঞ্জন দত্ত, সম্পাদক ত্রিদীপ বিশ্বাস প্রমুখ।

## স্কুলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে অনুষ্ঠান

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** প্রতিষ্ঠা দিবসে কচিকাঁচাদের নিয়ে নানারকমের অনুষ্ঠানের আয়োজন করেছে ব্রাইট অ্যাকাডেমি। মঙ্গলবার পাঞ্জাবিপাড়ায় স্কুলের ২২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্কুলের ডিরেক্টর সন্দীপ ঘোষাল বলেছেন, ‘আধুনিক শিক্ষার পাশাপাশি পড়ুয়ারা যাতে খেলাধুলো, সংস্কৃতিচর্চা সবকিছুতেই অংশগ্রহণ করে, সেদিকে নজর রাখা হয়। আজকের অনুষ্ঠানে টডলার থেকে পঞ্চম শ্রেণির পড়ুয়ারা নাচ, গান, নাটক, আবৃত্তিতে অংশ নিয়েছে।’ এছাড়া প্রথম থেকে পঞ্চম শ্রেণির পড়ুয়াদের একটি আনন্দমূলক ভ্রমণে নিয়ে যাওয়া হয়। উপস্থিত ছিলেন স্কুলের আরেকজন ডিরেক্টর রতনলাল জৈন।

# শিলিগুড়িতে অপরিকল্পিত উন্নয়নের অভিযোগ

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** শহরে উন্নয়ন হচ্ছে, কিন্তু পরিকল্পনা করে কাজ হচ্ছে তো? বিগত কয়েক বছরে শহরের বিভিন্ন উন্নয়নমূলক কাজগুলি ভালো করে দেখলে পরিকল্পনার খামতির প্রশ্ন ওঠাটা স্বাভাবিক।

কেননা, যে কোনও রাস্তা তৈরি করা হলে প্রথমে নিকাশিনালা তৈরি করা হয়। সেখানে বর্ধমান রোডের দিকে তাকালে ঠিক তার উলটো ছবি দেখা যাবে। বর্ধমান রোডে বছর কয়েক আগে পেভার্স ব্লক বসানো সার্ভিস রোড তৈরি করা হয়েছে। সার্ভিস রোডের পাশ দিয়ে এখন নিকাশিনালা তৈরির কাজ শুরু হয়েছে। এদিকে, এই কাজ করতে গিয়ে পেভার্স ব্লক বসানো রাস্তা ক্ষতিগ্রস্ত হচ্ছে। বিষয়টি নিয়ে ক্ষুব্ধ শহরবাসীর একাংশ। কেন পরিকল্পনা করে প্রথমে নিকাশিনালা এবং পরে রাস্তা তৈরি করা হল না, এ নিয়ে প্রশ্ন তুলেছেন অনেকে।

তবে শুধু বর্ধমান রোড নয়, এর আগে এসএফ রোডে পেভার্স ব্লক বসিয়ে রাস্তা সম্প্রসারণ করা হয়েছে। পরে সেই পেভার্স ব্লকের রাস্তা খুঁড়ে পাইপ বসানো হয়। যদিও সম্প্রসারিত রাস্তা গোটাটাই দখল হয়ে গিয়েছে।

এদিকে, এসএফ রোড কিংবা বর্ধমান রোডে যেখানে পেভার্স ব্লক বসিয়ে রাস্তা তৈরি হয়েছে, সেখানে তৃণমূল কংগ্রেস সরকারে আসার পর কোটি কোটি টাকা খরচ করে ত্রিফলা বাতিস্তম্ভ বসানো হয়েছিল। সেই বাতিস্তম্ভগুলিই বা এখন কোথায় তা নিয়েও প্রশ্ন রয়েছে।

বর্ধমান রোডের জলপাই মোড়ের কাছ থেকে সন্তোষীনগর মোড় পর্যন্ত রাস্তার বাঁ দিকে নিকাশিনালা তৈরির কাজ শুরু হয়েছে। এর জন্য বেশ কয়েকটি অবৈধ নির্মাণও ভেঙে দেওয়া হয়েছে। আর্থমুভার দিয়ে খোঁড়া হয়েছে মাটি। নির্মাণের ভাঙা অংশ, মাটি, পাথর সমস্ত কিছু রাখা হয়েছে পেভার্স ব্লক বসানো রাস্তার ওপর। যার ফলে ওই রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে।


সন্তোষীনগরের বাসিন্দা বিকাশ কুমার বললেন, ‘উন্নয়নের নামে যত কাজ হবে, ততই নেতা-মন্ত্রীদের পকেটে টাকা ঢুকছে। এমন অনেক কাজ হচ্ছে, যেগুলির পিছনে কোনও পরিকল্পনা নেই।’ রামঘাট এলাকার বাসিন্দা তমাল রায়ের কথায়, ‘পেভার্স ব্লক নষ্ট হয়ে গেলে, আবার টাকা খরচ করে সেটি বানানো হবে। আর এতে জনগণের করের টাকা অপচয় হবে। ঠিকাদাররা কাজ পাবে, আর সেই কাজের টাকার ভাগ শহরের নেতাদের একাংশের পকেটে যাবে।’



বর্ধমান রোডে পেভার্স ব্লকের রাস্তার ওপর রাখা হয়েছে নির্মাণের ভাঙা অংশ।


ভোটের মুখে অপরিকল্পিত কাজ নিয়ে তৃণমূলকে নিশানা করছেন শিলিগুড়ির বিজেপি প্রার্থী শংকর ঘোষ। তিনি বলেন, ‘শিলিগুড়ির উন্নয়ন মাটি চাপা পড়েছে। এর বড় উদাহরণ বর্ধমান রোডের কাজ। নিকাশিনালার কাজ হওয়ার পরই পেভার্স ব্লক বসানো রাস্তা হওয়া উচিত ছিল। পরিকল্পনা ছাড়া যত্রতত্র উন্নয়ন হয়েছে।’

তৃণমূল ভোটের রাজনীতি করতে তাড়াহুড়ো করে অপরিকল্পতি কাজ করেছে বলে অভিযোগ করেছেন শিলিগুড়ির সিপিএম প্রার্থী শরদিন্দু চক্রবর্তী। তিনি বলেন, ‘উন্নয়নের নামে লুট চলছে। কাজগুলির যেমন মান নেই, তেমন কোনও দেখভাল করা হচ্ছে না। মানুষের সঙ্গে কথা বলা হচ্ছে না। তৃণমূলের জনপ্রতিনিধিরা কারও কথা শুনতে চায়নি। ইচ্ছেমতো সরকারি টাকা অপচয় করছে।’ যদিও তৃণমূল প্রার্থী তথা শহরের মেয়র গৌতম দেব বলেন, ‘নিকাশিনালাটি পূর্ত দপ্তর করছে। ওরা রাস্তাটি ঠিক করে দেবে।’

## পৃথিবীর পাঠশালা

### পাহাড়ি দ্বীপের অমীমাংসিত রহস্য



১৯৬৬ সালে ব্রাজিলের ভিন্টেম পাহাড়ে দুই ইলেক্ট্রিশিয়ানের মৃতদেহ পাওয়া যায়। তাঁদের পরনে ছিল পরিপাটি স্যুট এবং চোখের ওপর ছিল সিসা দিয়ে তৈরি অদ্ভুত এক ভারী মুখোশ। পাশে একটি নোটবুকে লেখা ছিল, নির্দিষ্ট সময়ে ক্যাপসুল খেতে হবে এবং সংকেতের জন্য অপেক্ষা করতে হবে। শরীরে কোনও আঘাতের চিহ্ন বা বিষাক্ত পদার্থের প্রমাণ মেলেনি। তাঁরা কি কোনও ভিনগ্রহীদের সঙ্গে যোগাযোগ করতে এসেছিলেন, নাকি কোনও টাইম ট্রাভেলের পরীক্ষা করছিলেন? সিসার মুখোশ পরার আসল কারণ বা তাঁদের মৃত্যুর আসল কারণ আজও পুলিশের কাছে এক সমাধান না হওয়া রহস্য।



### মহাকাশচারী প্রথম ফরাসি বিড়াল

মহাকাশে যাওয়া প্রথম কুকুর লাইকা বা প্রথম শিম্পাঞ্জি হ্যামের নাম অনেকেই জানেন। কিন্তু ১৯৬৩ সালে ফ্রান্স মহাকাশে পাঠিয়েছিল এক বিড়ালকে। প্যারিসের রাস্তা থেকে কুড়িয়ে আনা এই সাদা-কালো বিড়ালটির নাম ছিল ফেলিজেট। মহাকাশে ওড়ার সময় তার স্নায়ুর অবস্থা মাপার জন্য তার মাথায় ইলেক্ট্রোডের তার বসানো হয়েছিল। রকেটে চেপে সে মাটি থেকে প্রায় একশো সাতান্ন কিলোমিটার ওপরে ওঠে এবং শূন্য মাধ্যাকর্ষণের অভিজ্ঞতা লাভ করে। পনেরো মিনিটের সফল যাত্রার পর সে প্যারাসুটে করে নিরাপদে পৃথিবীতে ফিরে আসে। মহাকাশ গবেষণার ইতিহাসে এই একমাত্র বিড়ালের কীর্তি অনেক দিন লোকচক্ষুর আড়ালে ছিল।



### চেনা মানুষের অচেনা রূপ

ভাবুন তো, একদিন সকালে উঠে যদি দেখেন আপনার কাছের মানুষটি আর সেই মানুষ নেই, বরং কেউ হুবহু তার মতো সেজে আপনাকে বোকা বানাচ্ছে। মনোবিজ্ঞানের ভাষায় এই বিরল রোগটিকে ক্যাপগ্রাস সিনড্রোম বলা হয়। এই রোগে আক্রান্ত মানুষ বিশ্বাস করতে শুরু করেন যে তাঁর স্ত্রী, সন্তান বা বাবা-মাকে কোনও ভিনগ্রহী বা বহুরূপী রিপ্লেস করে দিয়েছে। চেহারায় মিল থাকলেও তাঁরা আবেগ দিয়ে সেই চেনা মানুষকে আর চিনতে পারেন না। মস্তিষ্কের ফিউজিফর্ম জাইরাস অংশের গোলমালের কারণেই মানুষের এই অদ্ভুত এবং মর্মান্তিক মানসিক বিভ্রম তৈরি হয়।

### মহাসাগরে একা একশো দিন

দ্বিতীয় বিশ্বযুদ্ধে ব্রিটিশ জাহাজে কাজ করা চিনা নাবিক পুন লিম ১৯৪২ সালে এক জার্মান সাবমেরিনের হামলায় আটলান্টিক মহাসাগরে আটকা পড়েন। জাহাজ ডুবে যাওয়ার পর তিনি একটি কাঠের ভেলা জোগাড় করেন। কাছে কোনও খাবার বা জল ছিল না। বৃষ্টির জল জমিয়ে, টর্চের ব্যাটারির তার দিয়ে ছিপ বানিয়ে মাছ ধরে এবং সমুদ্রের পাখির রক্ত পান করে তিনি টানা একশো তেত্রিশ দিন সেই ভেলায় ভেসে ছিলেন। অবশেষে ব্রাজিলের উপকূলে একদল জেলে তাঁকে উদ্ধার করে। মানুষের বেঁচে থাকার অদম্য ইচ্ছাশক্তির এমন নিদর্শন ইতিহাসে বিরল।



---

### নির্দল প্রার্থীর নাম নিয়ে শোরগোল রাজগঞ্জে

# ফুলকপি প্রতীক স্বপ্না বর্মনের

**পূর্ণেন্দু সরকার**



স্বপ্না বর্মন (তৃণমূল)।



স্বপ্না বর্মন (নির্দল)।

**জলপাইগুড়ি, ৭ এপ্রিল :** স্বপ্না বর্মনের প্রতীক জোড়াফুল নয়, ফুলকপি। একথা শুনে তৃণমূলের জেলা নেতারাও প্রথমে চমকে উঠেছিলেন। রাজগঞ্জে এবার স্বপ্না বর্মনের সঙ্গে লড়াই স্বপ্না বর্মনের। দ্বিতীয় স্বপ্না অবশ্য তৃণমূলের প্রার্থী নন, তিনি বিক্ষুব্ধ বিজেপি কর্মীদের ইন্ধনে নির্দল প্রার্থী হিসাবে লড়াইয়ে নেমেছেন রাজগঞ্জে।

কবি বলেছেন, নামে কী আসে যায়? অনেককিছু যে আসে যায় তা বেশ বুঝতে পারছেন রাজগঞ্জ বিধানসভা আসনে জোড়াফুল প্রতীকে প্রার্থী হওয়া এশিয়ান গেমসে সোনাজয়ী স্বপ্না বর্মন। তাঁর কেন্দ্রেই ফুলকপি চিহ্নে নির্দল হয়ে প্রতিদ্বন্দ্বিতা করছেন এক গৃহবধূ, যাঁর নামও স্বপ্না বর্মন। সাধারণ মানুষ, যাঁরা রাজনীতির সঙ্গে খুব একটা সড়োগড়ো নন, শুধু নাম পড়ে ইভিএমে তাঁরা বোতাম টিপলে কিছু ভোট এদিক-ওদিক হতেই পারে বলে অনেক বর্ষীয়ান ভোটার মনে করছেন।

তৃণমূলের স্বপ্না বর্মনের প্রার্থী হওয়ার পর কম ঝক্কি সামলাতে হয়নি প্রার্থীর পাশাপাশি তৃণমূলকেও। প্রার্থী ঘোষণার পর স্বপ্নার বাবার মৃত্যু হয়। তারপর রেলের চাকরি থেকে ইস্তফা দেওয়ার পরেও এনওসি পেতে হাইকোর্টের সার্কিট বেঞ্চের দ্বারস্থ হতে হয়েছিল। কিন্তু তাতেও ফাঁড়া কাটছিল না। কারণ নির্বাচন কমিশনের আলাদা সার্টিফিকেটের প্রয়োজন ছিল। মনোনয়নপত্র জমা দেওয়ার একদিন আগে সেই সার্টিফিকেট হাতে পান স্বপ্না। তারপর মনোনয়নপত্র জমা করেন।

নির্দল স্বপ্না বর্মনের বাড়ি রাজগঞ্জের সুখানি পঞ্চায়েতের প্রধানপাড়ায়। স্বামী প্রসেনজিৎ বর্মন কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণাধীন একটি সংস্থায় চাকরি করেন। নির্দল স্বপ্না সোমবারই মনোনয়নপত্র জমা দিয়েছেন। ২০১৩ সালে রাজগঞ্জ কলেজ থেকে বিএ পাশ করেন। সমাজকর্মী হিসেবে কাজও করেন।

তাঁর ভোটে দাঁড়ানোর খবর পেয়ে এদিন আশপাশের অনেকেই নির্দল স্বপ্নার বাড়ি চলে আসেন। এমনই একজন মহম্মদ ফকরুদ্দিন বলেন, 'তৃণমূলের স্বপ্না বর্মনের সঙ্গে আমাদের প্রধানপাড়ার স্বপ্না বর্মনের নাম নিয়ে বিভ্রান্তি হবে অনেক ভোটারের।' আরেক ভোটার পরিমল বর্মন মনে করেন, অনেকে একটু-আধটু পড়তে জানলেও প্রতীক নিয়ে বিভ্রান্ত হতেই পারেন।

কিন্তু নির্দল হয়ে হঠাৎ ভোটে দাঁড়ালেন কেন? প্রধানপাড়ার গৃহবধূ স্বপ্নার উত্তর, 'আমি গ্রামে থাকি। অনেক সমস্যা ও অনুন্নয়ন চোখের সামনে দেখছি। তাই কয়েকজন শুভানুধ্যায়ীর অনুরোধে এবারই প্রথম প্রার্থী হলাম। আমার পরিবারের সদস্যরা রাজনৈতিক দলের সঙ্গে জড়িত থাকলেও আমি আগে প্রত্যক্ষ রাজনীতি করিনি।' গ্রামে ঘুরলে অবশ্য অন্য গল্প শোনা যাচ্ছে। বিজেপির বিক্ষুব্ধ নেতা-কর্মীরা জানালেন, 'বহিরাগত' দীনেশ প্রার্থী হওয়ায় তাঁরা তুমুল বিক্ষোভ দেখিয়েছিলেন। এমনকি কয়েকজন জলপাইগুড়িতে দলের সাধারণ সম্পাদক বাপি গোস্বামীর বাড়ি পর্যন্ত চলে যান। তাতেও ফল না হওয়ায় তখনই তাঁরা গ্রামের মেয়ে স্বপ্নাকে প্রার্থী হিসাবে দাঁড় করানোর পরিকল্পনা করেন। যদিও দীনেশ দাবি করেছেন, 'আমাদের কোনও বিক্ষুব্ধ প্রার্থী নেই।'

এখনও নিজের প্রচার শুরু করেননি নির্দল স্বপ্না। তবে তিনি মেনে নিচ্ছেন, প্রচারে বেরোলে ভোটাররা এনিয়ে প্রশ্ন করতেই পারেন। কারণ, ইতিমধ্যেই প্রতিবেশীরা এনিয়ে কথা বলছেন। তবে তাঁর ধারণা, 'নামে বিভ্রান্তি হতেই পারে। কিন্তু আমার প্রতীক ফুলকপি ও তৃণমূল প্রার্থীর জোড়াফুল প্রতীক নিয়ে ভোটারদের সমস্যা হওয়ার কথা নয়।' ফুলকপির ছবি দেওয়া পতাকা হাতে, খাদা গায়ে দিয়ে প্রচারে নামবেন বলে নির্দল প্রার্থী স্বপ্না বর্মন জানিয়েছেন।

তৃণমূলের স্বপ্না বলছেন, 'দুজনকে দেখতে আলাদা। উনি আমার চেয়ে বয়সে বড়। মানুষ ফুলকপি ও জোড়াফুলের প্রতীকের মধ্যে পার্থক্য সহজেই বুঝতে পারবেন। কোনও সমস্যা হওয়ার কথা নয়।'

তৃণমূলের রাজগঞ্জের বিদায়ি বিধায়ক খগেশ্বর রায় ও তৃণমূল জেলা সভানেত্রী মহুয়া গোপ দুজনেই মনে করছেন, এশিয়ান গেমসে সোনাজয়ী স্বপ্নাকে রাজগঞ্জের মানুষ জানেন। তাই একই নামে দ্বিতীয় প্রার্থী থাকলেও তৃণমূলের ভোটে কোনও সমস্যা হবে না।

---

## দুই শিষ্যই প্রতিপক্ষ

**বহরমপুর, ৭ এপ্রিল :** বহরমপুর মানেই একসময় ছিল অধীর চৌধুরী। কিন্তু সময়ের চাকা ঘুরে সেই নিজের দুর্গেই এবার 'গুরু-মারা বাণে'র মুখে কংগ্রেসের বেতাজ বাদশা। একসময় অধীরের হাত ধরে যে দুই নেতার রাজনীতির আঙিনায় হাতেখড়ি হয়েছিল, সেই দুই 'শিষ্য'ই এখন অধীরের প্রধান প্রতিপক্ষ।

কার্যত ডুবন্ত জাহাজের ক্যাপ্টেন হয়েই নিজের রাজনৈতিক অস্তিত্ব রক্ষায় বহরমপুর কেন্দ্র থেকে লড়াইয়ে নেমেছেন প্রাক্তন সাংসদ অধীর চৌধুরী। তাঁর দুই মূল প্রতিপক্ষ, একদিকে তৃণমূলের প্রার্থী তথা পুরসভার চেয়ারম্যান নাড়ুগোপাল মুখোপাধ্যায়। অন্যদিকে বিজেপির সুব্রত মৈত্র। নাড়ুগোপাল ও সুব্রত, দুজনেই একসময় ছিলেন অধীরের অত্যন্ত ঘনিষ্ঠ ও স্নেহধন্য।

বহরমপুরের রাজনৈতিক অলিন্দে এখন একটাই প্রশ্ন, গুরু কি পারবেন দুই শিষ্যের চক্রব্যূহ ভেদ করতে? ভোটের ময়দানে গুরু অধীরকে সূচ্যগ্রমেদিনী ছাড়তে নারাজ বিজেপি প্রার্থী সুব্রত। অন্যদিকে, তৃণমূলের নাড়ুগোপালের সাফ কথা, 'অধীর চৌধুরী বহরমপুরে কোনও ফ্যাক্টর হবে না।'

অধীরের কথা, 'এই জেলার মানুষ আমাকে চেনেন জানেন। বাকিটা সময় বলবে।'

## হুমকি ট্রাম্পের

*প্রথম পাতার পর*

ইরানি দূতাবাসের ওই বিবৃতিতে জানিয়েছে, 'আপনার মুখ দিয়ে বড় বেশি কথা বেরোচ্ছে। আগামীকাল, ইনশাল্লাহ!' এই রহস্যময় বার্তায় মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতি এখন উত্তেজনার শিখরে। ট্রাম্পের সময়সীমা শেষ হওয়ার আগেই অবশ্য মঙ্গলবার মার্কিন ও ইজরায়েলি মিসাইল ইরানের প্রধান তেল হাব খার্গ দ্বীপের ৫০টিরও বেশি সামরিক ঘাঁটিতে আঘাত হানে।

ইরান পালটা হুঁশিয়ারি দিয়েছে, ধৈর্যের বাঁধ ভেঙে গিয়েছে। এখন তাদের পালটা হামলায় আমেরিকা ও তার মিত্র দেশগুলো বছরের পর বছর তেল ও গ্যাসের সংকটে ভুগবে। তেহরান ইতিমধ্যে ওয়াশিংটনের সঙ্গে সব ধরনের পরোক্ষ কূটনৈতিক আলোচনা বন্ধ করে দিয়েছে।

একদিকে ট্রাম্পের 'পাথর যুগে' পাঠানোর হুমকি, অন্যদিকে ইরানের ১৪ মিলিয়ন মানুষের আত্মত্যাগের প্রস্তুতি- সব মিলিয়ে বিশ্ব এক ভয়াবহ সংঘাতের দোরগোড়ায়।

ইজরায়েলের সেনাবাহিনী আইডিএফ-এর তরফে ফারসি ভাষায় ইরানের সাধারণ নাগরিকদের সতর্ক করে বলা হয়েছে, তাঁরা যেন স্থানীয় সময় রাত ৯টা পর্যন্ত ট্রেন বা রেলপথ ব্যবহার না করেন। নির্দিষ্ট কোনও অঞ্চলের কথা না বলে গোটা দেশের রেলপথ এড়িয়ে চলার এই বার্তাটি বড় ধরনের বিমান হামলার আগাম সংকেত বলে মনে করছেন সামরিক বিশেষজ্ঞরা। যুদ্ধের উত্তেজনার মধ্যেই ইরানের বর্তমান সুপ্রিম লিডার মোজতবা খামেনেইয়ের শারীরিক অবস্থা নিয়ে গোয়েন্দা সূত্রে দাবি করা হয়েছে, কোম শহরের একটি হাসপাতালে তিনি বর্তমানে অচেতন এবং পক্ষাঘাতগ্রস্ত অবস্থায় রয়েছেন। তাঁর শেষকৃত্যের প্রস্তুতিও শুরু হয়েছে বলে গুঞ্জন ছড়িয়েছে। যদিও ইরান সরকার এই তথ্যকে 'মনস্তাত্ত্বিক যুদ্ধ' বলে উড়িয়ে দিয়েছে।

মঙ্গলবার তেহরানের কাছে শাহরিয়ার এবং পারদিস এলাকায় নতুন করে ইজরায়েলি বিমান হামলায় অন্তত ১৫ জনের মৃত্যু হয়েছে। এছাড়া আলবোরজ প্রদেশে অন্য একটি হামলায় আরও ১৮ জন মারা গিয়েছেন। মধ্য ইরানের একাধিক গুরুত্বপূর্ণ সেতু উড়িয়ে দিয়েছে যৌথবাহিনী। অন্যদিকে, সৌদি আরবের তেলসমৃদ্ধ পূর্বাঞ্চলে ইরানের ক্ষেপণাস্ত্র হামলার পর নিরাপত্তার খাতিরে বাহরিনের সঙ্গে সংযোগকারী একমাত্র সড়ক 'কিং ফাহাদ কজওয়ে' বন্ধ করে দিয়েছে রিয়াধ। যুদ্ধের প্রভাবে বিশ্ববাজারে তেলের দাম ব্যারেল প্রতি ১১১ ডলার ছাড়িয়েছে, যা যুদ্ধ শুরুর সময়ের তুলনায় প্রায় ৫০ শতাংশ বেশি।

---


### বারবিশায় মোদিকে প্রশ্ন অভিষেকের

# 'অনুপ্রবেশকারী নাকি শরণার্থী হাসিনা?'

**নৃসিংহপ্রসাদ গঙ্গোপাধ্যায়**

**বারবিশা, ৭ এপ্রিল :** শেখ হাসিনা ২০ মাস ধরে ভারতে আছেন। তাঁকে এদেশে আশ্রয় দেওয়া হয়েছে। তাঁকে অনুপ্রবেশকারী হিসেবে নাকি শরণার্থী হিসেবে এখানে রাখা হয়েছে? কেন্দ্র সরকার জবাব দিক। মঙ্গলবার কুমারগ্রাম বিধানসভার তৃণমূল কংগ্রেস প্রার্থী রাজীব তিরকির সমর্থনে বারবিশায় ভোট প্রচারে এসে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই প্রশ্নই তুললেন। দু'দিন আগে প্রধানমন্ত্রী কোচবিহারে বিজয় সংকল্প সভা করেছেন। ঠিক তার আগের দিন পাকিস্তান থেকে কলকাতাকে উড়িয়ে দেওয়ার হুঁশিয়ারি আসে। তারপরেও কেন প্রধানমন্ত্রী চুপ করে আছেন? এনিয়েও অভিষেক এদিন প্রশ্ন তোলেন।

কুমারগ্রামের বাসিন্দা রিতা দাস এদিন অভিষেকের সভায় এসেছিলেন। ভাষণ চলাকালীন তিনি হঠাৎ উঠে দাঁড়িয়ে অভিষেকের উদ্দেশে চিৎকার করে বলেন, 'বারবার নথিপত্র জমা দেওয়া সত্ত্বেও এসআইআর-এ আমার নাম, স্বামীর নাম, মেয়ের নাম বাদ পড়েছে।' শুনে ওই মহিলাকেই দেখিয়ে জনতাকে অভিষেকের প্রশ্ন, 'ওঁকে দেখে কি আপনাদের বাংলাদেশি অনুপ্রবেশকারী বলে মনে হচ্ছে?' এরপরই সভা মঞ্চ থেকে নরেন্দ্র মোদিকে চ্যালেঞ্জ জানিয়ে অভিষেক বলেন, 'আপনি বাঙালিকে অনুপ্রবেশকারী বলছেন। আবার আপনিই ২০ মাস ধরে বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবৈধভাব দিল্লিতে রেখে দিয়েছেন। আমার প্রশ্ন, শেখ হাসিনা কী অনুপ্রবেশকারী নাকি শরণার্থী? মোদিজি উত্তর দিতে পারবেন? বিজেপি নেতারা উত্তর দিতে পারবেন? এসআইআর-এ যাঁদের নাম বাদ গিয়েছে, তাঁদের আমি করজোড়ে বলছি, চিন্তা করবেন না। আপনাদের সবার অধিকার রক্ষা করতে তৃণমূল কংগ্রেস বদ্ধপরিকর।'



■ বারবিশায় ভোট প্রচারে এসে বিজেপিকে আগাগোড়া বেঁধেন অভিষেক বন্দ্যোপাধ্যায়

■ শেখ হাসিনার প্রসঙ্গ তোলার পাশাপাশি পাকিস্তানের হুমকি নিয়েও প্রধানমন্ত্রীকে বেঁধেন

■ ভোটের মুখে অভিষেকের এভাবে সরব হওয়া নিয়ে রাজনৈতিক মহলে চর্চা হচ্ছে

বিরোধীদের উদ্দেশে কামান দেগে অভিষেক বলেন, 'আপনারা আদালতের অবস্থা দেখছেন। বিচার ব্যবস্থার একাংশ বিজেপির সঙ্গে হাত মিলিয়েছে। মমতা বন্দ্যোপাধ্যায় মানুষের হয়ে লড়াই করছেন। আমার দৃঢ় বিশ্বাস, যে ২৭ লাখ লোকের নাম বাদ দিয়েছে তাঁদের নাম আমরা ভোটার তালিকায় অবশ্যই তুলব। হয়তো একটু সময় লাগবে। বিজেপির টার্গেট, এই বিধানসভা ভোটে যাতে আপনারা ভোট দিতে না পারেন। এসবের হিসেব বিজেপিকে সুদে-আসলে দিতে হবে।'

আগাগোড়াই বিজেপিকে তোপ দেগে চলা অভিষেকের কথায়, 'পদ্মফুলে দিলে ছাপ ঘরে ঢুকবে কেউটে সাপ।' তিনি আরও বলেন, 'বিজেপি এরাজ্যে সরকার গড়লে মাছ, মাংস, ডিম খাওয়া বন্ধ করে দেবে। ধর্মের নামে রাজনীতি করে বিজেপি আবার দেশপ্রেমের কথা বলে। দু'দিন আগে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী কলকাতা উড়িয়ে দেওয়ার হুমকি দিয়েছিলেন। সেদিন কোচবিহারে প্রধানমন্ত্রী সভা করতে এসেছিলেন। অথচ পাকিস্তানের প্রতি পালটা জবাব আমরা প্রধানমন্ত্রীর মুখ থেকে শুনতে পাইনি।' তাঁর হুংকার, 'যেদিন মমতা বন্দ্যোপাধ্যায় এবং ইন্ডিয়া জোটের সরকার দিল্লিতে আসবে সেদিন সার্জিক্যাল স্ট্রাইক কাকে বলে, ঘরমে ঘুসেক মারনা কিসকো বোলতা হ্যায় পাকিস্তানকেও দেখাব, বাংলাদেশকেও দেখাব।'

---



তারুণ চু সেতু সংলগ্ন এলাকায় তৈরি হচ্ছে অস্থায়ী ঝুলন্ত সেতু।

# লাচেনে আটকেই পর্যটকরা

**সানি সরকার**

**শিলিগুড়ি, ৭ এপ্রিল :** বরফ কেটে রাস্তা থেকে সরিয়ে দেওয়ার কাজ সোমবার শুরু হওয়ায়, আশার আলো দেখেছিলেন পর্যটকরা। কিন্তু মঙ্গলবারও লাচেন থেকে বাড়ি ফেরার পথ ধরতে পারলেন না তাঁরা, আটকে থাকতে হল হোটেলেই। যেভাবে তুষারপাত হচ্ছে, তাতে বিকল্প সড়ক দিয়ে গ্যাংটকে পর্যটকদের পৌঁছে দেওয়ার চেষ্টা যে ঝুঁকির, তা বুঝতে পেরে মংগন জেলা প্রশাসন তারুণ চু সেতু সংলগ্ন এলাকায় অস্থায়ী ঝুলন্ত সেতু তৈরির কাজ শুরু করেছে। মঙ্গলবার সেতুর কাজ খতিয়ে দেখার পাশাপাশি সংলগ্ন এলাকা পরিদর্শন করেন মংগনের জেলা শাসক অনন্ত জৈন। সুরক্ষা সংক্রান্ত সমস্ত দিক খতিয়ে দেখার পরই উদ্ধারের কাজ শুরু হবে বলে তিনি জানান। রবিবার ভোরে চুংথাং-লাচেন রোডের তারুণ চু সেতুর মুখে বড় ধরনের ধস নামায় রাজ্যের মূল ভূখণ্ড থেকে কার্যত বিচ্ছিন্ন লাচেন। বিপাকে শয়ে-শয়ে পর্যটক।

মঙ্গলবারও গ্যাংটকে ফিরতে পারলেন না উত্তর সিকিমে আটকে পড়া পর্যটকরা। তারুণ চু সেতুর মুখে বড় ধরনের ধস নামায় পর্যটক উদ্ধারে লাচেন-জিরো পয়েন্ট-ডোংখা লা-লাচুং রুটটি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছিল মংগন জেলা প্রশাসন। পরিকল্পনা অনুযায়ী সোমবার জিরো পয়েন্ট সহ কয়েকটি এলাকার রাস্তা থেকে বরফ সরানোর কাজ শুরু করে সেনাবাহিনী ও বর্ডার রোডস অর্গানাইজেশন। মঙ্গলবার সকালে কাজ শেষ করে পর্যটকদের গ্যাংটকে পৌঁছে দেওয়ার পরিকল্পনা ছিল। কিন্তু রাতের ভারী তুষারপাতে থাংগু-গুরুদোম্বার পথে 'ব্ল্যাক আইস' সৃষ্টি হয়। বলা যায়, প্রশাসনিক পরিকল্পনায় জল ঢেলে দেয় প্রকৃতি। গ্যাংটকে ফেরার জন্য যে সমস্ত পর্যটক সাতসকালে ব্যাগ গুছিয়ে রেখেছিলেন, তাঁদের নতুন করে হতাশ হতে হয়। উত্তর ২৪ পরগনার হামরার বাসিন্দা ভিমান নাগ বলেন, 'আমাদের তৈরি থাকার কথা গতকাল রাতেই প্রশাসনের তরফে জানানো হয়েছিল। কিন্তু আজ সকালে বলা হয় রাস্তা বন্ধ রয়েছে। বুঝতে পারছি না কবে লাচেন থেকে বের হতে পারব।' এমন পরিস্থিতিতে পর্যটকদের যাতে কোনও সমস্যা না হয়, সেদিকে প্রশাসনের পাশাপাশি হোটেল ব্যবসায়ী, ট্যুর অপারেটররা খেয়াল রাখছেন। লাচেনের হোটেল ব্যবসায়ী কল্পক দে বলছেন, 'পর্যটকদের যাতে কোনও সমস্যা না হয়, সেদিকে আমাদের নজর রয়েছে। বাড়তি থাকা ও খাবারের জন্য কোনও টাকা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি আমরা।' প্রশাসনিক সূত্রে খবর, লাচেনে আটকে রয়েছে ১৪০টি গাড়ি। অর্থাৎ প্রায় পাঁচশো পর্যটক হোটেলবন্দি।

থাংগু-গুরুদোম্বার পথে ব্ল্যাক আইস সৃষ্টি হওয়ার পরই ওই পথে ঝুঁকি এড়াতে ধসবিধ্বস্ত তারুণ চু সেতু সংলগ্ন এলাকায় বাঁশ ও দড়ির সাহায্যে অস্থায়ী ঝুলন্ত সেতু তৈরির সিদ্ধান্ত নেয় মংগন জেলা প্রশাসন। প্রশাসনিক সূত্রে খবর, এদিন বিকেলের মধ্যে সেতুর কাজ শেষ করা হয়েছে। নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি খতিয়ে দেখতে বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে সেখানে পৌঁছান জেলা শাসক অনন্ত জৈন। বড় কোনও বিপর্যয় না ঘটলে বুধবার পর্যটকদের উদ্ধারের কাজ শুরু করা হবে বলে প্রশাসন সূত্রে খবর।

---

## ছাপিয়ে তামিলনাড়ু

*প্রথম পাতার পর*

নির্বাচন কমিশনের দেওয়া পরিসংখ্যানে স্পষ্ট, এসআইআর-এ বাদ পড়া ভোটারের সংখ্যা বিজেপির দাবির খুব কাছাকাছি। তবে আসন্ন নির্বাচনে এতে শেষপর্যন্ত বিজেপি ফায়দা তুলতে পারবে কি না, তা জানতে ৪ মে ভোটগণনার দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে। রাজ্যের মোট ৭ কোটির বেশি ভোটারের মধ্যে সংখ্যালঘু ভোটারের হার প্রায় ২৭ শতাংশ। একুশের বিধানসভা ভোটে তৃণমূলের সঙ্গে বিজেপির প্রাপ্ত ভোটের ব্যবধান প্রায় ১০ শতাংশ। '২৪-এর লোকসভায় তা প্রায় ৮ শতাংশ। বিজেপি প্রচার করে থাকে, ভুয়ো ও অনুপ্রবেশকারী ভোটের দৌলতে সরকারে রয়েছে তৃণমূল। সেই ভোটারদের তালিকা থেকে মুছে দিতে পারলে তৃণমূল আর ক্ষমতায় থাকবে না। তাৎপর্যপূর্ণভাবে এসআইআর-এ রাজ্যের মোট ভোটারের ১১ শতাংশ নামই বাদ পড়েছে। ফলে অঙ্কের হিসেবে রাজ্যে এখন তৃণমূলের সঙ্গে বিজেপির ভোট শতাংশে ব্যবধান থাকার কথা নয়। ফলে বিজেপির উদ্দেশ্য অনেকটাই সফল বলা যায়। যদিও বাংলায় এসআইআর-এ নির্বাচন কমিশনের লজিক্যাল ডিসক্রিপেন্সি ব্যবহারকে অদ্ভুত ও বিরক্তিকর বলে সমালোচনা করেছে সুপ্রিম কোর্ট। ওই ডিসক্রিপেন্সির জেরে ৬০ লক্ষের বেশি নাম বিবেচনাধীন হয়ে গিয়েছিল। যা দেশের অন্য কোনও রাজ্যে এসআইআর-এ হয়নি।

মুর্শিদাবাদ জেলায় বিচারাধীনের তালিকায় ছিলেন ১১ লক্ষ ১১৮৫ জন। তার মধ্যে বাদ পড়েছেন ৪ লক্ষ ৫৫ হাজার ১৩৭ জন। উত্তর ২৪ পরগনা জেলায় ৫ লক্ষ ৯১ হাজার ২৫২ জনের মধ্যে বাদ পড়েছেন ৩ লক্ষ ২৫ হাজার ৬৬৬ জন। মালদায় ৮ লক্ষ ২৮ হাজার ১২৭ জনের মধ্যে বাদ গিয়েছেন ২ লক্ষ ৩৯ হাজার ৩৭৫ জন। সবথেকে কম নাম বাদ পড়েছে ঝাড়গ্রামে। এখানে বিচারাধীনের তালিকায় ছিলেন ৬ হাজার ৬৮২ জন। বাদ পড়েছেন ১২৪০ জন।

## লাটে পরিষেবা

*প্রথম পাতার পর*

তাঁর বক্তব্য, 'প্রচণ্ড পানীয় জলের সমস্যায় ভুগছি আর অফিস থেকে ভোটের পরে আসতে বলছে। অদ্ভুত ব্যাপার।'

বেলা ১২টা ১৫ মিনিট নাগাদ পুরনিগমে নিজের অফিসে আসেন নারী ও শিশুকল্যাণ এবং জন্মমৃত্যু শংসাপত্র বিভাগের মেয়র পারিষদ অভয়া বসু। তিনি বললেন, 'প্রতিদিনই প্রচারের ফাঁকে অফিসে আসছি। জন্মমৃত্যু শংসাপত্র বিভাগে প্রচুর কাজের চাপ রয়েছে। এসআইআর পর্বে ৩০-৩৫ বছর আগে যিনি মারা গিয়েছেন, তাঁর পরিবারও মৃত্যুর শংসাপত্রের আবেদন করছেন। এত পুরোনো ফাইল বের করে সমস্ত তথ্য নেওয়া, মানুষকে পরিষেবা দেওয়ার কাজ করতে হচ্ছে।' বিদ্যুৎ বিভাগের মেয়র পারিষদ কমল আগরওয়াল এসে একঝলক দেখা দিয়েই ফের বেরিয়ে যান।

শুধু শাসক পক্ষই নয়, বিরোধী দলনেতা সহ বিরোধী কাউন্সিলারদেরও পুরনিগমে দেখা যাচ্ছে না। বিরোধী দলনেতা বিজেপির অমিত জৈনও ভোট প্রচারে ব্যস্ত থাকায় পুরনিগমে আসছেন না।

এরই মধ্যে গত ২৩ মার্চ নির্বাচন কমিশনের নির্দেশে পুরনিগমের সচিব অনাবিল দত্তকে মুর্শিদাবাদের অতিরিক্ত জেলাশাসক হিসাবে বদলি করা হয়েছে। কিন্তু দু'সপ্তাহ পরেও সচিব পদে কাউকে দায়িত্ব দেওয়া হয়নি। সচিব না থাকায় পুরনিগমের প্রতিদিনের কাজকর্মে সমস্যা হচ্ছে।

## কর্মশালা

**মাথাভাঙ্গা, ৭ এপ্রিল :** মাথাভাঙ্গা সায়েন্স অ্যাকাডেমির উদ্যোগে নবম থেকে দ্বাদশ শ্রেণি এবং সর্বসাধারণ বিভাগের ছাত্রছাত্রীদের নিয়ে শুরু হল তিনদিনব্যাপী বিজ্ঞান বিষয়ক কর্মশালা। মাথাভাঙ্গা এসসিজি ইংলিশ অ্যাকাডেমিতে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধন করেন বেলুড় মঠের ভাইস প্রেসিডেন্ট স্বামী দিব্যানন্দ। শহর ও শহরতলির ১০০ ছাত্রছাত্রী কর্মশালায় অংশ নেয়।

---

# ভোটাধিকার হারিয়ে ট্রমার শিকার

*প্রথম পাতার পর*

যাঁরা ভোটাধিকার হারানোর জন্য নাগরিকত্ব হারানোর আতঙ্কে ভুগছেন। হাফিজুরের কথায়, 'আমার কাছে এমন বহু রোগী আসছেন, যাঁদের অন্য তেমন কোনও রোগ নেই। অথচ এসে বলছেন, ডাক্তারবাবু আমাকে বাঁচান, রাতে ঘুমাতে পারছি না। কিছুক্ষণ কথা বলার পর জানা যাচ্ছে, ভোটার লিস্ট থেকে তাঁর নাম বাদ পড়ে যাওয়াই ওই পেশেন্টের ঘুম উড়ে যাওয়ার কারণ।'

গত এক মাসে এমন বহু রোগীকে অ্যাংজাইটি ও আতঙ্ক কাটানোর জন্য ঘুমের ওষুধ পর্যন্ত দিতে হয়েছে বলে ওই চিকিৎসক জানান। তিনি বলেন, 'আমার নিজের গ্রামেও এমন বহু মানুষ ট্রমার শিকার হয়েছেন। ভোটার তালিকায় তাঁদের নাম বিচারাধীন বা একেবারে ডিলিট হয়ে যাওয়াই এর একমাত্র কারণ। চিকিৎসার পাশাপাশি ট্রাইবিউনালে আবেদনের জন্য তাঁদের নথিপত্রও আমি নিজে ঠিকঠাক গুছিয়ে দিচ্ছি।'

চিকিৎসক হাফিজুর রহমানের অভিজ্ঞতাই শুধু নয়, বিভিন্ন গ্রামের বাসিন্দাদের সঙ্গে কথা বললেই সেই আতঙ্কেরই প্রতিধ্বনি। ইটাহারের মানাইনগর দক্ষিণ বুথে খসরা তালিকায় ৭৯২ জন মোট ভোটার ছিলেন। তার মধ্যে ৩২৫ জনই বিচারাধীন ছিলেন। বিচার বিভাগীয় আধিকারিকদের চূড়ান্ত ঝাড়াইবাছাইয়ের পর ১৪৪ জনের নাম বৈধ ভোটার হিসেবে পরিপূরক তালিকায় সংযোজিত হয়েছে। বাকি ১৮১ জনের নাম ডিলিটেড। ওই বুথের বাসিন্দা বছর পয়তাল্লিশের হাসাম আলি বলেন, 'এর আগে কতবার ভোট দিয়েছি। আর এবার আমার নাম ভোটার তালিকা থেকে ডিলিট হয়ে গেল। এখন কী হবে বুঝতে পারছি না। আতঙ্কে ঘুম হচ্ছে না।'

একই গ্রামের মনসুরা বিবির কথায়, 'রান্না-খাওয়া কোনও কিছুতেই মন বসছে না। ভোটার তালিকা থেকে আমার নাম বাদ পড়ে গেল। এবার যদি দেশের নাগরিক হয়ে না থাকতে পারি, সবসময় এই ভয়ে কাঁপছি।' কাপাসিয়া অঞ্চলের পশিনা বিবি বললেন, 'আমার স্বামী সহ পরিবারের সব সদস্যের নাম আছে। শুধু আমার নামটাই ডিলিট। এখন আমাকে যদি অন্য কোথাও পাঠিয়ে দেওয়া হয়, তাহলে তো পরিবার থেকেই বিচ্ছিন্ন হয়ে যাব।'

পশিনাদের মতো মানুষ এই জেলার পাশাপাশি গোটা উত্তরবঙ্গ সহ রাজ্যেই আছে। ভোটার তালিকা থেকে নাম বাদ পড়ায় তাঁদের ভবিষ্যৎ কী তা কারও জানা নেই। এমনই একজনের কথায়, 'এবার কী তাহলে আমাদের কাছ থেকে ভোটার কার্ড, আধার কার্ড ফেরত নিয়ে নেওয়া হবে? যদি তা হয়, তবে তো সরকারি সমস্ত সুযোগসুবিধা বন্ধ হয়ে যাবে।' রাজ্য সরকারের অনুদান, ব্যাংকের কেওয়াইসি'র কী হবে কারও জানা নেই। এসব আশঙ্কা যতই মাথাচাড়া দিচ্ছে এই মানুষগুলি ততই বেশি করে অবসাদের শিকার হয়ে পড়ছেন।

---

# সেতু বেহালে বাড়ছে ক্ষোভ

উত্তরের ভোট-আয়না

**সৌরভ রায়**

**ফাঁসিদেওয়া, ৭ এপ্রিল :** পলেস্তারা খসে কঙ্কালসার দশা, বেরিয়ে এসেছে মরচে ধরা লোহার রড। ১৯৯০ সালে তৈরি হওয়ার পর থেকে আজ পর্যন্ত সেভাবে মেরামতির ছোঁয়া লাগেনি ফাঁসিদেওয়া ব্লকের জালাস নিজামতারা গ্রাম পঞ্চায়েতের গুয়াবাড়ি এলাকার সেতুটিতে। ডামরিগুড়িতে এই গুরুত্বপূর্ণ অথচ জরাজীর্ণ সেতুটি এখন স্রেফ দাঁড়িয়ে রয়েছে সময়ের অপেক্ষা নিয়ে। যে কোনও মুহূর্তে বড়সড়ো দুর্ঘটনার আশঙ্কায় কাঁটা হয়ে রয়েছেন কয়েক হাজার গ্রামবাসী। সেতুর নীচে থাকা খাল দিয়ে বর্ষায় আশপাশের বেশ কয়েকটি গ্রামের জল প্রবাহিত হয়।



জরাজীর্ণ দশা গুয়াবাড়ির সেতুর।

দীর্ঘ পাঁচ বছর ধরে সেতুর রেলিং ভাঙা, তলার সিমেন্ট খসে গিয়ে বিপজ্জনক পরিস্থিতি তৈরি হলেও প্রশাসনের তরফে কোনও হেলদোল নেই বলেই অভিযোগ স্থানীয়দের। অথচ হেটমুড়ি সিংহীঝোরা এবং জালাস নিজামতারার সঙ্গে ফাঁসিদেওয়ার যোগাযোগের একমাত্র লাইফলাইন এই রাস্তাটিই। বিডিও অফিস, থানা, বাজার থেকে শুরু করে গ্রামীণ হাসপাতাল, যেখানেই যাতায়াতের প্রয়োজন হোক না কেন, নড়বড়ে এই সেতুর ওপর দিয়েই প্রতিদিন ঝুঁকি নিয়ে চলাচল করতে হয় ছোট-বড় অগুনতি যানবাহনকে। ভারী গাড়ি চললে থরথর করে কেঁপে ওঠে সেতুর কাঠামো।

ভোটের মুখে এখন নতুন সেতু নির্মাণের দাবি রীতিমতো তপ্ত হয়ে উঠেছে এলাকা। স্থানীয় বাসিন্দা রতন দেবনাথের ক্ষোভ, 'বহু বছর আগে তৈরি হয়েছে সেতুটি। সংস্কারের নামগন্ধ নেই। একেবারেই বেহাল পরিস্থিতি সেতুর। যে কোনও সময় ভেঙে পড়তে পারে।' দুর্ঘটনায় কারও প্রাণ গেলে দায় কে নেবে? প্রশ্ন তাঁর। স্থানীয় নরোত্তম মণ্ডলের গলাতেও একই সুর। তিনি বলেন, 'অনেক মানুষ এই পথে যাতায়াত করেন। সে কারণেই নতুন সেতু নির্মাণের দাবি করেছেন।' নানা কর্মসূচিতে একাধিকবার এলাকায় এসেছেন বিজেপির বিধায়ক দুর্গা মুর্মু। তা সত্ত্বেও কেন এই মরণফাঁদ তাঁর নজর এড়িয়ে গেল, তা নিয়ে প্রশ্ন তুলছেন স্থানীয়রা। যদিও সব দায় শাসকদলের ওপর চাপিয়ে বিধায়কের দাবি, 'আমরা ক্ষমতায় এলে গুরুত্ব দিয়ে ওই সেতুটি তৈরির উদ্যোগ অবশ্যই নেওয়া হবে। এতদিন তো বিরোধী বিধায়কদের কাজই করতে দেওয়া হয়নি।' গুয়াবাড়ির এই নড়বড়ে সেতুর ভবিষ্যৎ আপাতত বিশবাঁও জলেই ডুবে রইল।

# অশোক এক্সপ্রেসের নেপথ্যে দাদার ত্যাগ

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** দুইজনেই ক্রিকেটার হওয়ার স্বপ্ন দেখতেন। বাড়ির উঠোনে দুইজনে মিলে ব্যাটে-বলের টক্কর নিতেন। যদিও এক ভাইয়ের জন্য আরেকজনকে শেষপর্যন্ত ক্রিকেট ছেড়ে দিতে হয়েছিল! পরিবারে আর্থিক অনটন। দুইজনের পক্ষে ক্রিকেট নিয়ে মেতে থাকলে চলবে না। তাই নিজের স্বপ্নটাকে ত্যাগ করে ভাইয়ের রাস্তা মসৃণ করেছিলেন দাদা। বাবার সঙ্গে সংসারের হাল ধরেছিলেন।

> ও অনেকটা মেশিনের মতো। যেখানে বলবেন, সেখানেই টানা বল করে যেতে পারে। সবাই ওর কথা বলছে। গর্বিত লাগে। কিন্তু লক্ষ্য এখনও অনেক দূরে। দেশের হয়ে খেলতে হলে অনেক পরিশ্রম করতে হবে।
>
> **-অক্ষয় শর্মা** (অশোক শর্মার দাদা)

গুজরাট টাইটান্সের নয়া গতিদানব অশোক শর্মার উত্থানের দাদার আত্মত্যাগ, বাবার রক্তঘামের গল্প মিশে রয়েছে। ১৫৪ কিলোমিটার গতিতে সাড়া ফেলে দেওয়া ভাইয়ের সাফল্যের দিনে পুরোনো স্মৃতি, লড়াই নিয়ে দাদা অক্ষয় শর্মা বলছিলেন, 'আমি ওকে যতটা সম্ভব দ্রুতগতিতে বল করতাম। পালটা জবাবে ও আরও জোরে বল করত। কিন্তু কখনও ভাবিনি এভাবেই আজ এই জায়গায় পৌঁছে যাবে।'

দাদার আরও দাবি, গতির জন্য অশোকের বিরুদ্ধে ব্যাট করতে ভয় পেত স্কুলের সহপাঠীরা! ব্যাটাররাও নাকি রান করা ভুলে গিয়ে শরীর বাঁচাতেই ব্যস্ত থাকত! কারও কারও পাঁজরও ভেঙেছে অশোকের গোলায়! ভয়ংকর গতিটা কোনও কোচের শেখানো নয়, পুরোটাই অশোকের সহজাত।

সংসার চালাতে চাষাবাদের পাশাপাশি বাবা নাথুলাল শর্মা পত্রিকাও বিক্রি করতেন। আর্থিক অনটন কিন্তু লেগেই থাকত। বাবা-মা চেয়েছিলেন সন্তানরা পড়াশোনা করে চাকরি করে সংসারের হাল ধরুক। শেষপর্যন্ত দাদাকে ক্রিকেট ছাড়তে হয়। অশোককে ভর্তি করানো হয় জয়পুরের আরাবলি ক্রিকেট অ্যাকাডেমিতে।

রামপুরা থেকে জয়পুর, প্রতিদিন ৮০ কিলোমিটার লম্বা জার্নি করে প্র্যাকটিস। কোচ হিসেবে পান প্রাক্তন ক্রিকেটার বিবেক যাদবকে। যার হাত আরও বড় মঞ্চের জন্য তৈরি হওয়া। বিবেকের অ্যাকাডেমি থেকে একাধিক ক্রিকেটার আইপিএল খেলেছে। অশোক সেই তালিকায় নবতম সংযোজন।



রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ১৫৪.২ কিমি গতিতে ইয়র্কার দিয়ে চমকে দিয়েছেন গুজরাট টাইটান্সের অশোক শর্মা।

প্রথম প্রচারের আলোয় আসা ২০১৯ সালে। রাজস্থানের অনূর্ধ্ব-১৯ দলে ডাক। কিন্তু করোনার কারণে ক্রিকেট অনুশীলন বন্ধ হয়ে যায়। ওই সময় প্রশিক্ষক বিবেকের মৃত্যুতে অশোকের কেরিয়ারে যেন অন্ধকার নেমে আসে। ক্রিকেট ছেড়ে দাদার সঙ্গে পারিবারিক খামারের কাজে নেমে পড়েন। কিন্তু যাঁর ক্রিকেটার হওয়ার জন্য জন্ম, তাঁকে আটকায় কে।

২০২২ সালে কলকাতা নাইট রাইডার্সে ডাক পাওয়া নতুন করে স্বপ্ন দেখায় অশোক। সেভাবে মেগা লিগে অভিষেকের সুযোগ না হলেও সবার নজরে পড়ে যান। এরপর রাজস্থান রয়্যালসের নাম লেখালেও খেলার সুযোগ পাননি। শেষপর্যন্ত শিবির বদলে এবার গুজরাট টাইটান্সে যোগ দেওয়ার পর ভাগ্যবদল।

দাদা অক্ষয়ের বিশ্বাস, কোচ হিসেবে আশিস নেহেরাকে পাওয়া অশোকের বোলিংকে আরও ধারালো করে তুলবে। গতির সঙ্গে সুইংয়েও ব্যাটারদের কড়া পরীক্ষায় ফেলবেন তাঁর ভাই। দাদা অক্ষয় বলেছেন, 'ও অনেকটা মেশিনের মতো। যেখানে বলবেন, সেখানেই টানা বল করে যেতে পারে। সবাই ওর কথা বলছে। গর্বিত লাগে। কিন্তু লক্ষ্য এখনও অনেক দূরে। দেশের হয়ে খেলতে হলে অনেক পরিশ্রম করতে হবে।'



প্রাণখোলা আড্ডায় অক্ষর প্যাটেল ও আশিস নেহেরা। মঙ্গলবার।

# প্রথম জয়ের সন্ধানে দলে ফিরছেন শুভমান

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** দুই দল ইতিমধ্যে দুটি করে ম্যাচ খেলেছে।

দিল্লি ক্যাপিটালস জোড়া জয়ে শুরুতে রিংটোন সেট করে নিয়েছে। সমীর রিজভির দুর্দান্ত পারফরমেন্সের স্পর্শে টগবগিয়ে ছুটছে অক্ষর প্যাটেলের দল। অপরাজিত দিল্লির বিরুদ্ধেই বুধবার তৃতীয় ম্যাচে প্রথম জয়ের খোঁজে নামবে গুজরাট টাইটান্স।

দিল্লি যেখানে মুম্বই ইন্ডিয়ান্স ও লখনউ সুপার জায়েন্টসকে হারিয়েছে, সেখানে গুজরাট হেরেছে রাজস্থান রয়্যালস ও পাঞ্জাব কিংসের কাছে। নয়াদিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে ক্যাপিটালসের দৌড় আটকে জয়ের রাস্তায় ফিরতে বদ্ধপরিকর গুজরাট। লক্ষ্যপূরণে রসদ জোগাচ্ছে চোট কাটিয়ে অধিনায়ক শুভমান গিলের প্রত্যাবর্তনের সম্ভাবনা।

টুর্নামেন্টে অপরাজিত থাকলেও দিল্লিও পুরোপুরি স্বস্তি নেই। মিচেল স্টার্ক এখনও দলের সঙ্গে যোগ দেননি। কবে দেবেন, তা নিয়ে ধোঁয়াশা। খবর, আগামী কয়েকটা ম্যাচে পাওয়ার সম্ভাবনা ক্ষীণ। মুকেশ কুমার, লুঙ্গি এনগিডিরা সাফল্য পেলেও স্টার্কের অভাব অস্বীকার করা মুশকিল।

হেডকোচ হেমাঙ্গ বাদানিদের মূল চাপ ব্যাটিংও। লখনউ ম্যাচে ১৪২ রান তাড়া করতে নেমে একসময় ২৬/৪ হয়ে গিয়েছিল দল। সেখান থেকে সমীর রিজভির ব্যাটে বৈতরণি পাড়। দ্বিতীয় ম্যাচেও রক্ষাকর্তা সেই রিজভি।

### ইতিহাসের সামনে রিজভি

> মুনাফভাই (বোলিং কোচ মুনাফ প্যাটেল) সবসময় আমার স্কিলের কথা বলে। বলে, তোর হাতে যে শিল্প রয়েছে, তা আরও কারও হাতে নেই।
>
> -মুকেশ কুমার



অনুশীলনের ফাঁকে গল্পে মেতে শুভমান গিল ও লোকেশ রাহুল। মঙ্গলবার।

২০২৫-এর লিগ এবং চলতি আইপিএল ধরে শেষ তিন ম্যাচেই সেরা হয়েছেন রিজভি। আগামীকাল ফের মুকুট মানে আইপিএল ইতিহাসে প্রথম ক্রিকেটার হিসেবে টানা চারবার 'ম্যাচের সেরা' হওয়ার ইতিহাস। নিশ্চিতভাবে আগামীকাল গুজরাটের থিংকট্যাংকের বিশেষ পরিকল্পনা থাকবে রিজভিকে নিয়ে। প্রসিধ কৃষ্ণা, রশিদ খান, কাগিসো রাবাদারা দায়িত্বটা কীভাবে সামলান, সেটাই দেখার। রাবাদাদের সঙ্গে আছেন গতিতে সাড়া ফেলে দেওয়া অশোক শর্মাও।

গুজরাটের মূল সমস্যা ম্যাচ ফিনিশ করতে না পারা। গ্লেন ফিলিপস, ওয়াশিংটন সুন্দর, শাহরুখ খান, রাহুল তেওয়াটিয়ারা এখনও তাদের নামের প্রতি সুবিচার করতে পারেননি। ফলে টপ অর্ডারে সাই সুদর্শন, জস বাটলারদের প্রচেষ্টা জলে গিয়েছে। শুভমানের প্রত্যাবর্তনের পাশাপাশি ফিলিপস, সুন্দরদের ছন্দে ফেরাও জরুরি।

দিল্লির জন্য যেমন গুরুত্বপূর্ণ টপ অর্ডারে লোকেশ রাহুল, পাথুম নিশাঙ্কা, নীতীশ রানাদের ভালো শুরু। মাঝে দুই দক্ষিণ আফ্রিকান তারকা ডেভিড মিলার, ট্রিস্টান স্টাবসের সঙ্গে অক্ষরদের দিকেও তাকিয়ে থাকবে দল। তারকাদের ভিড়ে মধ্যমণি রিজভি। সেখানে দিল্লির পেস বোলিংয়ে মধ্যমণি বাংলার মুকেশ কুমার। কুলদীপ যাদব, ভিপরাজ নিগম, এনগিডিদের মাঝে নিয়ন্ত্রিত বোলিংয়ে ছাপ রাখছেন।

**আইপিএলে আজ**

**দিল্লি ক্যাপিটালস বনাম গুজরাট টাইটান্স**

**সময় : সন্ধ্যা ৭.৩০ মিনিট**
**স্থান : নয়াদিল্লি**

**সম্প্রচার :** স্টার স্পোর্টস নেটওয়ার্ক, জিওহটস্টার

সাফল্যের খুশি নিয়ে মুকেশ কৃতিত্ব দিলেন টিম ম্যানেজমেন্টকে। বলেছেন, 'মুনাফভাই (বোলিং কোচ মুনাফ প্যাটেল) সবসময় আমার স্কিলের কথা বলে। বলে, তোর হাতে যে শিল্প রয়েছে, তা আরও কারও হাতে নেই। আইপিএল একটা-দুটি ম্যাচের টুর্নামেন্ট নয়, লম্বা প্রতিযোগিতা। যেখানে সাপোর্ট স্টাফ, দলের সমর্থন ভালো খেলার রসদ জোগায়।'

# স্ট্র্যাটেজিতে বদল দরকার লোবেরার

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ এপ্রিল :** চ্যাম্পিয়নশিপের লড়াইয়ে কি আদৌ আর ফিরতে পারবে মোহনবাগান সুপার জায়েন্ট? প্রশ্ন উঠতে শুরু করেছে ইতিমধ্যেই। যদিও ক্লাব ম্যানেজমেন্ট এবং সের্জিও লোবেরা নিজে আশাবাদী। কিন্তু সমর্থকদের মনে আশঙ্কা ক্রমশ জোরাল হচ্ছে।

ঘটনা হল, মোহনবাগানের খেলার ধরনটা ধরে ফেলেছেন প্রতিপক্ষ কোচরা। এবং সেই অনুযায়ী তাঁরা নিজেদের পরিকল্পনা সাজাচ্ছেন। আর তাতেই আটকে যাচ্ছে মোহনবাগান। জেমি ম্যাকলারেন খেলা তৈরি করেন না। করেন দিমিত্রিস পেত্রাতোস, রবসন রোবিনহো, লিস্টন কোলাসো কী কখনও কখনও মনবীর সিং, জেসন কামিন্সরা। তাঁদের বল বক্সে ঠিকঠাক পড়লে ম্যাকলারেনকে আটকানো শক্ত। ঠিক এই বল সরবরাহটাই বন্ধ করে দিয়েই শেষ তিনি ম্যাচে সাফল্য তিন দলের। তবু বেঙ্গালুরু এফসি ও জামশেদপুর এফসি-র বিপক্ষে প্রচুর সুযোগ তৈরি হয়েছিল। জামশেদপুরের বিপক্ষে ম্যাকলারেন ও দিমির অবিশ্বাস্য সুযোগ নষ্ট নিয়ে আলোচনা চলছেই। তাছাড়া গত মরশুমে যেখানে মোহনবাগানের প্রচুর গোল হয়েছিল সেটপিস থেকে, সেখানে এবার সাফল্যের হার অত্যন্ত খারাপ। একমাত্র প্রথম ম্যাচে কেরালা ব্লাস্টার্সের বিপক্ষে টম অ্যালড্রেডেরটা ছাড়া আর কোনও গোল নেই। সেখানে গত মরশুমে শুভাশিস বসু ও আলবার্তো রডরিগেজের মিলিত গোলের সংখ্যা ছিল ১১। যার প্রায় সিংহভাগ আসে সেট পিস থেকে। এমনকি মুম্বই সিটি এফসি-র বিপক্ষে ১৭টা কর্নারের একটাও কাজে লাগাতে ব্যর্থ মোহনবাগানের তারকাখচিত অ্যাটাক লাইন। লোবেরা সেদিন যদিও বলেন, 'সংখ্যাই বলে দিচ্ছে আমরা এই জায়গায় পুরোপুরি ব্যর্থ। এটা নিয়ে আরও কাজ করতে হবে।' কিন্তু এখনও এই বিষয়ে কোনও উন্নতি নজরে পড়েনি। নিশ্চিতভাবেই লোবেরাকে সেট পিসের জন্য নতুন টেকনিক খুঁজে বার করতে হবে। যা কাজে লাগবে তাঁর দলের জয়ের ক্ষেত্রে।



প্রস্তুতিতে মোহনবাগান সুপার জায়েন্টের লিস্টন কোলাসো।

সবথেকে বড় কথা, লোবেরার স্ট্র্যাটেজিতে কিছু পরিবর্তন করার সম্ভবত সময় এসেছে। তিনি ৪-২-৩-১ ছকে খেলাচ্ছেন বটে কিন্তু এতে বাড়তি ঝাঁঝ কিছু আসছে না দলের খেলায়। কারণ, রবসন সেই অর্থে সত্যিই নম্বর ১০ নয়। এমনিতেই তাঁকে দেখে মনে হয়, কিছুতেই যেন মানিয়ে নিতে পারছেন না দলের বাকিদের সঙ্গে। এর আগে আন্তোনিও লোপেজ হাবাস কী হোসে ফ্রান্সিসকো মোলিনার সময়ে মোহনবাগান অভ্যস্ত ছিল ৪-৪-২ ছকে খেলতে। শেষপর্যন্ত সেই ছকেই লোবেরাকে ফিরে যেতে হয় কি না এখন সেটাই দেখার। তবে তিনি হয়তো পরের ম্যাচে কামিন্সকে দিয়ে নতুন কোনও পরিকল্পনা করতে পারেন বলে দল সূত্রে খবর। সেক্ষেত্রে মনবীর ও লিস্টনকে দুই উইংয়ে ব্যবহার করার পুরোনো ছকে ফিরে জয় তুলে আনতে পারেন কি না সেটাই এখন দেখার।



ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের নতুন চুক্তিতে সই করছেন হ্যারি ম্যাগুয়ের।

## চুক্তি বাড়ল ম্যাগুয়েরের

**ম্যাঞ্চেস্টার, ৭ এপ্রিল :** ৭ বছর আগে রেকর্ড ৯৭ মিলিয়ন ডলারে ওল্ড ট্র্যাফোর্ডে এসেছিলেন। কিন্তু ২০২৩ সালে এরিক টেন হ্যাগের আমলে হ্যারি ম্যাগুয়েরের ম্যাঞ্চেস্টার ইউনাইটেড থেকে বিদায় প্রায় নিশ্চিত হয়ে গিয়েছিল। তবে হ্যাগ চলে যাওয়ার পর লাল ম্যাঞ্চেস্টারের ডিফেন্সে নিজের জায়গা পাকা করে ফেলেছেন তিনি। এবার ১ বছরের চুক্তি বাড়ল এই ইংরেজ ডিফেন্ডারের। সব ঠিক থাকলে নতুন চুক্তি আরও ১ বছর বাড়ানোর সুযোগ থাকবে ম্যাগুয়েরের কাছে। চুক্তিবৃদ্ধির পর ৩৩ বছরের ম্যাগুয়ের বলেছেন, 'ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের জার্সি পরতে পারা আমার কাছে সম্মানের। এই দায়িত্ব প্রতিদিন আমাকে ও আমার পরিবারকে গর্বিত করে। চুক্তি বাড়ায় এই ক্লাবে নিজের সফর অন্তত আট বছরের হবে। ক্লাবের সমর্থকদের সামনে আরও কিছু ম্যাচ খেলতে পারব ভেবে ভালো লাগছে।'

ম্যাগুয়েরের চুক্তিবৃদ্ধি প্রসঙ্গে ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের ফুটবল ডিরেক্টর জেসন উইলকক্স বলেছেন, 'লাল ম্যাঞ্চেস্টারে খেলার জন্য যে মানসিকতা দরকার সেটা হ্যারির আছে। শুধু তাই নয়, দলের তরুণ ডিফেন্ডাররা ওর সাহচর্যে উন্নতি করার সুযোগ পায়।' ম্যাঞ্চেস্টার ইউনাইটেডের জার্সিতে এফএ কাপ ও লিগ কাপ জেতা ম্যাগুয়ের দলকে ইংলিশ প্রিমিয়ার লিগ এনে দিতে পারেন কিনা, সেটাই দেখার।

# ১০৬ মিটার ছক্কার রহস্য ফাঁস ডেভিডের

**বেঙ্গালুরু, ৭ এপ্রিল :** চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে বিধ্বংসী ইনিংসের পর থেকে আলোচনায় রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর টিম ডেভিড। চর্চায় ১০৬ মিটার লম্বা ছক্কা। বল গিয়ে পড়ে এম চিন্নাস্বামী ক্রিকেট স্টেডিয়ামের ছাদে। আইপিএল ইতিহাসের সবচেয়ে বড় ছক্কা।

> প্র্যাকটিসে আমাদের মধ্যে বিগহিটের প্রতিযোগিতা চলে। সবার লক্ষ্য থাকে চিন্নাস্বামী স্টেডিয়ামের ছাদে বল পাঠানোর। তা করা হয় মাঠের এক ধারের পিচ থেকে। ফলে দূরত্ব তখন আরও বেড়ে যায়। ম্যাচে যার সুবিধা মেলে।
>
> -টিম ডেভিড

এদিন যে ছক্কার রহস্য নিজেই ফাঁস করলেন আরসিবি-র অজি তারকা ডেভিড। চেন্নাইয়ের বিরুদ্ধে ২৫ বলে ৭০ রানের ইনিংসে ৮টি ছক্কা মারেন টিম ডেভিড। এরমধ্যে একটি ১০৬ মিটার। ডেভিডের কথায়, আরসিবি-র প্র্যাকটিসে কে স্টেডিয়ামের ছাদে বল পাঠাতে পারবে, তার প্রতিযোগিতা চলে সতীর্থদের মধ্যে। অনুশীলনে ছক্কা মারার যে স্পেশাল প্র্যাকটিসের ফল সবার সামনে।



চেন্নাই বধ সম্পূর্ণ। গুয়াহাটির পথে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর টিম ডেভিড।

আইপিএলে বিরাট কোহলির সতীর্থ বলেছেন, 'প্র্যাকটিসে আমাদের মধ্যে বিগহিটের প্রতিযোগিতা চলে। সবার লক্ষ্য থাকে চিন্নাস্বামী স্টেডিয়ামের ছাদে বল পাঠানোর। তা করা হয় মাঠের এক ধারের পিচ থেকে। ফলে দূরত্ব তখন আরও বেড়ে যায়। ম্যাচে যার সুবিধা মেলে। ছক্কা মারতে সুবিধা হয়। কারণ মাঝ পিচ থেকে দূরত্ব তুলনায় কমে যায়। ওভার্টনের (জেমি) বলের গতিটা কাজে এসেছিল। ঠিকঠাক ব্যাটে-বলে হতে সোজা ছাদে।'

এদিকে, আরসিবি-র হোমগ্রাউন্ড চিন্নাস্বামীর কলেবর বাড়তে চলেছে। মাঠের দায়িত্বে থাকা কর্ণাটক ক্রিকেট সংস্থা আরও ২০ হাজার দর্শকাসন বাড়ানোর পরিকল্পনা নিয়েছে। বর্তমানে চিন্নাস্বামীর আসন সংখ্যা ৩৪ হাজার। তা বাড়িয়ে ৫৪ হাজার করার ভাবনা। রাজ্য ক্রিকেট সংস্থার বর্তমান সভাপতি ভেঙ্কটেশ প্রসাদ কর্ণাটকের উপমুখ্যমন্ত্রী ডিকে শিবাকুমারের সঙ্গে দেখা করে এই নিয়ে প্রাথমিক কথাবার্তাও বলেছেন।

ভারতীয় দলের প্রাক্তন পেসার ভেঙ্কটেশ প্রসাদ বলেছেন, 'স্টেডিয়ামকে নতুন রূপে সাজিয়ে তোলার কাজ সময়সাপেক্ষ। দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। আলোচনা চলছে। সবকিছু খতিয়ে দেখে স্টেডিয়ামকে নতুনভাবে সাজিয়ে তোলার কাজ শুরু হবে। দীর্ঘদিন ধরে এই নিয়ে ভাবছি। আশা করি, আমার মেয়াদের মধ্যেই যে কাজ আরম্ভ করতে পারব।'



## বিসিবি-র দায়িত্বে তামিম

**ঢাকা, ৭ এপ্রিল :** কয়েক মাস আগেই তামিম ইকবালকে ভারতের দালাল বলে কটাক্ষ শুনতে হয়েছিল। বাংলাদেশে সরকার বদলের পর সেই তামিমের হাতেই দেশের ক্রিকেট বোর্ডের দায়িত্ব তুলে দেওয়া হল। আমিনুল ইসলামের নেতৃত্বাধীন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) পরিচালন কমিটি ভেঙে দিয়েছে জাতীয় ক্রীড়া পর্ষদ। গঠন করা হয়েছে ১১ জনের অ্যাড হক কমিটি। যার প্রধানের দায়িত্বে তামিম। ক্রীড়া পর্ষদের ডিরেক্টর আমিনুল এহসান বলেছেন, 'তামিমের নেতৃত্বাধীন কমিটির মেয়াদ তিন মাস। যার মধ্যে নতুন করে বোর্ডের নির্বাচন হবে। আমিনুল ইসলামের নেতৃত্বাধীন পরিচালন কমিটি ভেঙে দেওয়ার কথা আইসিসি-কে জানানো হয়েছে।' আন্তর্জাতিক ক্রিকেট সংস্থা এজন্য বিসিবি-কে কোনও শাস্তি দেবে না বলে এহসান জানিয়েছেন। ১১ জনের কমিটিতে চারজন বাংলাদেশের শাসক দলের নেতাদের সন্তান অথবা পুত্র। তবে অতীতেও তাঁরা বোর্ডের পরিচালন কমিটিতে ছিলেন।

## স্মিথকে ফিরিয়ে বাবরের বদলা

**লাহোর, ৭ এপ্রিল :** পিএসএলে মুলতান সুলতানস বনাম কোয়েট্টা গ্ল্যাডিয়েটর্স ম্যাচে এক অদ্ভুত 'দেজা ভু' দেখল ক্রিকেট বিশ্ব। স্টিভেন স্মিথের ডাকে সাড়া না দিয়ে তাঁকে সিঙ্গলস নিতে সরাসরি অস্বীকার করেন ওপেনিং পার্টনার সাহিবজাদা ফারহান। এতে রীতিমতো ক্ষুব্ধ হন অজি তারকা। সোশ্যাল মিডিয়ায় পাক সমর্থকদের দাবি, বিগ ব্যাশ লিগে ঠিক এভাবেই বাবর আজমকে সিঙ্গলস নিতে দেননি স্মিথ, যা নিয়ে বাবর চরম অপমানিত বোধ করেছিলেন। ফারহান যেন জাতীয় দলের সতীর্থের সেই পুরোনো অপমানেরই বদলা নিলেন!

# ধোনির অনুপস্থিতিকে গুরুত্ব দিচ্ছেন না ক্লাসেন

**নয়াদিল্লি, ৭ এপ্রিল :** হারের হ্যাটট্রিক। জঘন্য ক্রিকেটের ধাক্কায় বিধ্বস্ত আইপিএলের সফলতম দল চেন্নাই সুপার কিংস। ভারতের বিশ্বকাপ জয়ের কারিগর সঞ্জু স্যামসনকে নিয়ে স্বপ্নটা ক্রমশ ফিকে। অপেক্ষা এখন চোট সারিয়ে মহেন্দ্র সিং ধোনি ফিরে কবে হাল ধরবেন ডুবতে থাকা হলুদ ব্রিগেডের।

যদিও মাহির অনুপস্থিতিতে গুরুত্ব দিতে নারাজ হেনরিচ ক্লাসেন। দাবি, গত কয়েক বছরে ব্যাটার মাহির ভূমিকা ক্রমশ গুরুত্বহীন হয়ে আসছিল। আর মাহিহীন চেন্নাই যথেষ্ট শক্তিশালী। যাদের হালকাভাবে নেওয়ার ভুল করলেই বিপদ। ধোনি, চেন্নাইকে নিয়ে কথা প্রসঙ্গে ক্লাসেন বলেছেন, 'ওদের আইপিএল রেকর্ড দুর্দান্ত। ধোনি না থাকলেও ওরা মোটেই কমজোরি নয়। অত্যন্ত শক্তিশালী দল। প্রতিপক্ষের জন্য চেন্নাই সহজ ম্যাচ মোটেই নয়।'

অবশ্য ধোনির ক্ষুরধার মস্তিষ্কের অভাব টের পাচ্ছে চেন্নাই, স্বীকার করছেন ক্লাসেন। সানরাইজার্স হায়দরাবাদের দক্ষিণ আফ্রিকান তারকার মতে, চেন্নাই মিস করছে 'লিডার' ধোনিকে। মাঠে থেকে দলকে যে ইনপুটস জোগায়, তা না পাওয়া ধাক্কা হলুদ ব্রিগেডের জন্য। তবে ব্যাটার মাহিকে মিস করার কিছু দেখছেন না।

> ব্যাটার ধোনির ভূমিকা ক্রমশ কমে আসছে। গত কয়েক বছর ও মূলত শেষ ৫-১০টা বল খেলে। সেদিক থেকে ব্যাটার এমএসের অভাব চেন্নাই ভুগছে বলে আমার মনে হয় না। মিস বলতে কঠিন মুহূর্তে ওর লিডারশিপ দক্ষতার সাহায্য না পাওয়া।
>
> -হেনরিচ ক্লাসেন



টানা দুই অর্ধশতরানে দাপুটে ফর্মে রয়েছেন হেনরিচ ক্লাসেন।

নিজের দাবির স্বপক্ষে ক্লাসেনের যুক্তি, 'ব্যাটার হিসেবে ধোনির ভূমিকা ক্রমশ কমে আসছে। গত কয়েক বছর ও মূলত শেষ ৫-১০টা বল খেলে। সেদিক থেকে ব্যাটার এমএসের অভাব চেন্নাই ভুগছে বলে আমার মনে হয় না। মিস বলতে কঠিন মুহূর্তে ওর লিডারশিপ দক্ষতার সাহায্য না পাওয়া।'

চেন্নাই তিন ম্যাচে তিনটিতেই হেরেছে। হায়দরাবাদ সেখানে তিনে দুই হার নিয়ে ঘুরে দাঁড়ানোর লড়াইয়ে। শনিবার ফর্মে থাকা পাঞ্জাব কিংসের বিরুদ্ধে ফের হার মানে প্লে-অফের রাস্তা শুরুতেই কঠিন হয়ে যাবে। ক্লাসেন যদিও আতঙ্কে ভুগতে নারাজ। আত্মবিশ্বাসী গলায় বলেছেন, 'সবে টুর্নামেন্ট শুরু হয়েছে। বিশ্বাস, দলগতভাবে সব বিভাগেই সেরাটা দিতে পারব আমরা। আপাতত সেদিকেই তাকিয়ে রয়েছি।'

ফিটনেসজনিত কারণে নিয়মিত অধিনায়ক প্যাট কামিন্সকে পাচ্ছে না সানরাইজার্স। ঈশান কিষান স্টপগ্যাপ অধিনায়ক হিসেবে সামনে থেকে নেতৃত্ব দেওয়ার চেষ্টা চালালেও বোলার কামিন্সের অনুপস্থিতি ভোগাচ্ছে দলকে। যদিও ক্লাসেনের দাবি, কামিন্সের অনুপস্থিতিতে বাকিরা সুযোগটা কাজে লাগাতে সক্ষম হবেন। দলের রিজার্ভ বেঞ্চের সেই দক্ষতা রয়েছে।

# রিঙ্কুকে ব্যাটিং অর্ডারে উপরে খেলাও : সৌরভ

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

**কলকাতা, ৭ এপ্রিল :** জোড়া হার। বৃষ্টির দয়ায় পাঞ্জাব কিংস ম্যাচে এক পয়েন্ট প্রাপ্তি। উনিশ নম্বর আইপিএলের আসরে সময়টা একেবারেই ভালো যাচ্ছে না কলকাতা নাইট রাইডার্সের। দল হিসেবে এখনও নিজেদের মেলে ধরতে পারেননি আজিঙ্কা রাহানেরা।

বোলিংয়ের বেহাল দশা। ব্যাটিংয়ের অবস্থাও ভালো নয়। কম্বিনেশন নিয়ে রয়েছে ধোঁয়াশা। এমন অবস্থায় গতরাতের ইডেন গার্ডেন্সে পাঞ্জাব কিংস ম্যাচ বৃষ্টিতে ভেস্তে যাওয়ার পর বৃহস্পতিবার ঘরের মাঠেই লখনউ সুপার জায়েন্টসের বিরুদ্ধে ম্যাচ রয়েছে নাইটদের। সেই ম্যাচে কেমন হওয়া উচিত নাইটদের স্ট্র্যাটেজি? কালবৈশাখীর ঝড়-বৃষ্টির সন্ধ্যায় মঙ্গলবার কলকাতার ইএম বাইপাস সংলগ্ন এক পাঁচতারা হোটেলে সিএবি-র বেঙ্গল প্রো টি২০ লিগের নয়া ফ্র্যাঞ্চাইজি ঘোষণার অনুষ্ঠানে রাহানেকে গুরুত্বপূর্ণ পরামর্শ দিলেন সৌরভ গঙ্গোপাধ্যায়। সিএবি সভাপতি সৌরভ নাইট অধিনায়ক রাহানেকে অনুরোধ করলেন তাঁর ডেপুটি রিঙ্কু সিংকে ব্যাটিং অর্ডারে উপরে তুলে আনার। সৌরভের কথায়, 'রিঙ্কু অনেক নীচের দিকে ব্যাটিং করছে। তাই আমি তোমায় অনুরোধ করছি, রিঙ্কুকে ব্যাটিং অর্ডারে উপরে তুলে আনো। বাইশ গজে কিছুটা সময় কাটানোর পাশে ইনিংস টেনে নিয়ে যাওয়ার সময়ও পাবে রিঙ্কু।'


প্রাক্তন ভারত অধিনায়কের পরামর্শ রাহানে শুনবেন কিনা, সময় তার জবাব দেবে। তার আগে কেকেআরের অন্দরে এখন কিছুই ঠিকভাবে চলছে না। গতরাতে কেকেআর বনাম পাঞ্জাব ম্যাচ বৃষ্টিতে ভেস্তে যাওয়ার পর দলের কর্ণধার শাহরুখ খান নাইটদের সাজঘরে হাজির হয়ে পুরো দলকে উৎসাহ

## পরামর্শ রাহানেকে

দিয়েছেন। বাজিগরের উৎসাহ কতটা চাঙ্গা করতে পারল নাইটদের, বৃহস্পতিবার রাতের ইডেনেই সেটা বোঝা যাবে। যদিও বৃহস্পতিবারের ইডেনেও বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ফের ম্যাচ ভেস্তে গেলে রাহানেদের সমস্যা আরও বাড়বে। কেকেআর অধিনায়ক রাহানে অবশ্য এখনও সাফল্যের ব্যাপারে আশাবাদী। সন্ধ্যার অনুষ্ঠানে রাহানে বলেছেন, 'শাহরুখ ও কেকেআর সমর্থকদের জন্য মাঠে আমাদের সেরাটা দিতেই হবে। জয়ের সরণিতে ফিরে ট্রফির লক্ষ্যে সামনে তাকাতে হবে।'

বৃহস্পতিবার কেকেআরের প্রতিপক্ষ লখনউ। যে দলে ঋষভ পন্থ, মহম্মদ সামিদের মতো তারকা রয়েছেন। এমন দলের বিরুদ্ধে খেলার আগে আজ সন্ধ্যার অনুশীলনে কেকেআরের প্রস্তুতিতেও বিঘ্ন ঘটেছে। সৌজন্যে বৃষ্টি। আধ ঘণ্টা মতো নাইটদের অনুশীলনের পরই শুরু হয় বৃষ্টি। যদিও তার মধ্যেই চোটে কাবু বরুণ চক্রবর্তীকে আজ অনুশীলনে দেখা গিয়েছে। অসুস্থ সুনীল নারায়ণকেও দেখা গিয়েছে সন্ধ্যার ইডেনে। বৃহস্পতিবারের ইডেনে লখনউ ম্যাচে বরুণ-নারায়ণরা খেলবেন কিনা, এখনও অজানা। ঠিক যেমন অজানা ক্যামেরন গ্রিন কবে বল করবেন। শুধু গ্রিনের বোলিং কেন, ২৫.২০ কোটির অজি তারকার ব্যাটিং স্কিল নিয়েও প্রশ্ন উঠে গিয়েছে। গতরাতের ভেস্তে যাওয়া পাঞ্জাব ম্যাচেও রান পাননি গ্রিন। আজ সন্ধ্যার ইডেনে গ্রিনকে বোলিং কোচ টিম সাউদির নজরদারিতে বোলিং করতে দেখা গিয়েছে। তবে বৃষ্টির কারণে গ্রিনকে ব্যাটিং করতে দেখা যায়নি আজ।

মহারাজের পরামর্শের পাশে দল হিসেবে নাইটরা ছন্দে ফিরতে পারেন কিনা, সেটাই এখন দেখার।



বোলিং অনুশীলনে কলকাতা নাইট রাইডার্সের ক্যামেরন গ্রিন। মঙ্গলবার।

# চাপে গ্রিন, ফিঞ্চের তোপ নাইটদের

**কলকাতা, ৭ এপ্রিল :** ২৫.২০ কোটি টাকার বিশাল অঙ্কে তাঁকে কিনে আইপিএলের ইতিহাসে সবচেয়ে দামি বিদেশি প্লেয়ার বানিয়েছে কলকাতা নাইট রাইডার্স। অথচ সেই ক্যামেরন গ্রিনের ব্যাটে এখনও রানের খরা। মুম্বই ইন্ডিয়ান্স, সানরাইজার্স হায়দরাবাদের পর সোমবার ইডেন গার্ডেন্সে বৃষ্টিবিঘ্নিত পাঞ্জাব ম্যাচেও ডাহা ফ্লপ এই অজি অলরাউন্ডার। গ্রিনের এই হতশ্রী ফর্ম নিয়ে এবার উদ্বেগ প্রকাশ করলেন প্রাক্তন অজি অধিনায়ক অ্যারন ফিঞ্চ। তাঁর মতে, গ্রিন এখন প্রচণ্ড মানসিক চাপে ভুগছেন এবং ক্রিজে তাঁকে খুবই জড়সড়ো দেখাচ্ছে।

গ্রিনকে ফর্মে ফেরাতে কেকেআর টিম ম্যানেজমেন্টকে বিশেষ টোটকা দিয়েছেন ফিঞ্চ। তাঁর সাফ কথা, 'ফর্মে না থাকা গ্রিনকে কোনওভাবেই ব্যাটিং অর্ডারের নীচের দিকে নামানো ঠিক হবে না। ও যখন ২০২৩ সালে মুম্বইয়ের হয়ে তিন নম্বরে ব্যাট করত, তখন ওর আগ্রাসনই ছিল অন্যরকম। তাই ওকে হয় টপ অর্ডারে ব্যাট করতে পাঠানো হোক, নয়তো আপাতত কয়েকটা ম্যাচে বিশ্রাম দেওয়া হোক।'

পাশাপাশি, সোমবার পাঞ্জাবের বিরুদ্ধে টস জিতে কেকেআরের প্রথমে ব্যাট করার সিদ্ধান্তের কড়া সমালোচনা করেছেন ফিঞ্চ। তাঁর মতে, মেঘলা আবহাওয়া এবং পিচ দীর্ঘক্ষণ কভারে ঢাকা থাকার পর পেসাররা যে বাড়তি সুবিধা পাবে, তা নাইট শিবিরের বোঝা উচিত ছিল। ফিঞ্চ বলেছেন, 'আবহাওয়ার পূর্বাভাসে বৃষ্টির সম্ভাবনার কথা জানার পরও টস জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্তটা একেবারেই যুক্তিহীন। ডাকওয়ার্থ-লুইস-স্টার্ন নিয়মে পরে ব্যাট করা দল সবসময় বাড়তি সুবিধা পায়। সব তথ্য হাতে থাকার পরও কেকেআর কেন এমন আত্মঘাতী সিদ্ধান্ত নিল?' ৯ এপ্রিল ইডেন গার্ডেন্সেই লখনউ সুপার জায়েন্টসের মুখোমুখি হবে কেকেআর, এখন দেখার সেখানে গ্রিন চেনা ছন্দে ফেরেন কি না।

### ঘরোয়া ক্রিকেট চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি

# এখনও অনেক 'ভুখ' রয়েছে সামির

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

**কলকাতা, ৭ এপ্রিল :** বয়স বাড়ছে। স্কিলও বাড়ছে। সঙ্গে বেড়েই চলেছে সাফল্যের খিদে।

মহম্মদ সামি কবে জাতীয় দলে ফিরবেন, আদৌ ফিরবেন কি না, তা নিয়ে বিস্তর জল্পনা হয়েছে। কিন্তু টিম ইন্ডিয়ার কোচ গৌতম গম্ভীর ও জাতীয় নির্বাচক কমিটির প্রধান অজিত আগরকারের ভরসা ও আশীর্বাদ এখনও অধরা তাঁর।

কিন্তু তাতে কী? সামি ক্রিকেট খেলছেন। চুটিয়ে উপভোগ করছেন বাইশ গজের সময়। আর যখনই সাংবাদিকদের সামনে হাজির হচ্ছেন, জানিয়ে দিচ্ছেন, তাঁর মধ্যে এখনও ক্রিকেটীয় খিদে বাকি রয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় কলকাতার ইএম বাইপাস সংলগ্ন এক পাঁচতারা হোটেলে বেঙ্গল প্রো টি২০ লিগের নয়া ফ্র্যাঞ্চাইজি ঘোষণার মঞ্চেও তার ব্যতিক্রম হল না। সঞ্চালক সামিকে তাঁর ক্রিকেট কেরিয়ার নিয়ে প্রশ্ন করতেই সরাসরি তিনি বলে দিলেন, 'মেরে আন্দর আভি ভুখ হ্যায়।' সামির কথা ও তাঁর সাম্প্রতিক অতীতের পারফরমেন্স সবচেয়ে ভালো জানেন সিএবি সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়। মঞ্চে সামির পাশে বসেই সিএবি সভাপতি বলে দিলেন, 'সামিকে আমি জসপ্রীত বুমরাহর বোলিং পার্টনার হিসেবে দেখতে চাই। আমিও জানি ওর মধ্যে ক্রিকেট বাকি রয়েছে।'

ছিল সিএবি-র বেঙ্গল প্রো টি২০ লিগের নয়া ফ্র্যাঞ্চাইজি ঘোষণার অনুষ্ঠান। সেই অনুষ্ঠানের আসরই জমে গেল আজিঙ্কা রাহানে, রিঙ্কু সিং, সামিদের উপস্থিতিতে। বৃহস্পতিবার রাতে কেকেআর বনাম লখনউ সুপার জায়েন্টসের ম্যাচ রয়েছে ইডেন গার্ডেন্সে। সেই ম্যাচের আগে দুই প্রতিপক্ষ দলের ক্রিকেটাররা এক মঞ্চে। যেন 'মিলে সুর মেরা তুমহারা'-র আবহ। আদতে কি তাই? কে জানে। প্রশ্নের জবাবে তর্ক চলতেই পারে। সামি অবশ্য সেই সব নিয়ে ভাবতে রাজি নন। বরং জাতীয় দলে তাঁর প্রত্যাবর্তন হবে কি না, সেই বিতর্ক পাশ কাটিয়ে সামি আজ বাংলার হয়ে ঘরোয়া ক্রিকেট চালিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। আরও অন্তত দুই বছর তিনি খেলতে চান ঘরোয়া ক্রিকেট। সামির এমন কথা শুনে প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ তাঁকে কুর্নিশ জানিয়েছেন। বলেছেন, 'সামি বাংলার হয়ে নিয়মিত ঘরোয়া ক্রিকেট খেলবে, এর চেয়ে ভালো আর কিছু হয় না। তাছাড়া সামি এখনও জাতীয় দলে খেলার যোগ্য। আমি নিশ্চিত, ঠিক সুযোগ আসবে ওর কাছে।'

সামির কাছে কবে সুযোগ আসবে, সময় তার জবাব দেবে। তার আগে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে শেষ ম্যাচে ট্রাভিস হেড ও অভিষেক শর্মার উইকেট নিয়ে সামি প্রমাণ করেছেন, লাল বলের পাশে সাদা বলেও তিনি সমান সক্রিয়। বৃহস্পতিবারের ইডেনে ফিন অ্যালেন, অঙ্গকৃষ রঘুবংশীদের বিরুদ্ধে তাঁর হাত থেকে ফের একটা স্বপ্নের স্পেল বেরিয়ে এলে নাইটদের কপালে দুঃখ রয়েছে নিশ্চিতভাবেই। আজ সন্ধ্যায় লখনউয়ের অনুশীলনে না থাকলেও সিএবি-র অনুষ্ঠানে হাজির হয়ে সামি বলেছেন, 'ইডেনের পিচ, পরিবেশ থেকে শুরু করে এই মাঠের সবকিছু জানি আমি। দীর্ঘসময় ধরে ইডেনে খেলছি। বহু স্মৃতি রয়েছে। ক্রিকেটার হিসেবে এই মাঠ অনেক দিয়েছে আমায়।'

বৃহস্পতি রাতে সামির অনেক পাওয়ার তালিকায় রাহানে-রিঙ্কু-রঘুবংশীদের উইকেট যুক্ত হলে শাহরুখ খানের দলের দুশ্চিন্তা বাড়বেই।



বেঙ্গল প্রো টি২০ লিগের নতুন দল ঘোষণার অনুষ্ঠানে সৌরভ গঙ্গোপাধ্যায়, মহম্মদ সামি, রিঙ্কু সিং ও আজিঙ্কা রাহানে। মঙ্গলবার কলকাতায়।

# মদ্যপান করে গাড়ি চালিয়ে গ্রেপ্তার ওয়ার্নার

**সিডনি, ৭ এপ্রিল :** পাকিস্তান সুপার লিগে পাঁচদিন করাচি কিংসের কোনও খেলা ছিল না। মাঝের ছুটিতে তাদের অধিনায়ক ডেভিড ওয়ার্নার অস্ট্রেলিয়ায় ফিরেছিলেন। আর দেশে ফিরেই নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর অভিযোগে নিউ সাউথ ওয়েলস পুলিশের হাতে তাঁকে গ্রেপ্তার হতে হয়। গত রবিবার ইস্টার সানডের রাতে পুলিশ তাঁর গাড়ি থামিয়ে নিঃশ্বাস পরীক্ষা করে। সেই সময় অনুমোদিত মাত্রার চেয়ে দ্বিগুণ মদ্যপানের প্রমাণ পাওয়া যায়। তারপরই ওয়ার্নারকে গ্রেপ্তার করা হয়। জামিন পেলেও ৯ মে তাঁকে আদালতে হাজিরা দিতে হবে।

এদিকে, ৯ এপ্রিল করাচি কিংসের খেলা রয়েছে। আইনি সমস্যায় জড়িয়ে যাওয়া ওয়ার্নারের পাকিস্তানে ফেরা নিয়ে করাচির সমর্থকরা সংশয়ে ছিলেন। অস্ট্রেলিয়ার সংবাদমাধ্যমের খবর, যে ধারায় ওয়ার্নারকে গ্রেপ্তার করা হয়েছে তাতে তাঁর দেশ ছাড়তে সমস্যা হবে না। পাসপোর্ট জমা রাখার কোনও ব্যাপার নেই। শুধুমাত্র আদালতে হাজির হবেন এই শর্তেই জামিন পেয়েছেন অজি ক্রিকেটার।

# দল বাড়ল প্রো টি২০ লিগে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ এপ্রিল :** আইপিএল নিয়ে মেতে রয়েছে ক্রিকেট দুনিয়া। তার মধ্যেই চলছে জুন মাসে বেঙ্গল প্রো টি২০ লিগের প্রস্তুতিও। মঙ্গলবার সন্ধ্যায় ইএম বাইপাস সংলগ্ন এক পাঁচতারা হোটেলে বেঙ্গল প্রো টি২০ লিগের দলের সংখ্যা বৃদ্ধির আনুষ্ঠানিক ঘোষণা হয়ে গেল। সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়ের নেতৃত্বে আট দলের প্রতিযোগিতা এবার নয় দলের হতে চলেছে। নবম ফ্র্যাঞ্চাইজি হিসেবে আত্মপ্রকাশ করল পুরুলিয়া নোভাস রয়্যালস দল। প্রতিযোগিতার সব দলের কর্ণধারদের সিএবি-র তরফে স্মারক দিয়ে সম্মানিত করা হল আজ। অনুষ্ঠানে সিএবি-র সব শীর্ষ কর্তাদের সঙ্গে হাজির ছিলেন ঝুলন গোস্বামী, মনোজ তিওয়ারি, ঋদ্ধিমান সাহারাও।



২৩ বলে অর্ধশতরানের পথে যশস্বী জয়সওয়াল। মঙ্গলবার।

### বুমরাহকে রেয়াত করলেন না বৈভব

# জয়ের হ্যাটট্রিক রাজস্থানের

**রাজস্থান রয়্যালস-১৫০/৩ মুম্বই ইন্ডিয়ান্স-১২৩/৯**

**বর্ষাপাড়া, ৭ এপ্রিল :** কলকাতার পর বৃষ্টির দাপট বর্ষাপাড়াতেও। যার জন্য সন্ধে সাড়ে ৭টার ম্যাচ শুরু করতে রাত ১০.১০ মিনিট হয়ে যায়। ওভার সংখ্যাও কমে দাঁড়ায় ১১-তে। তারপরও দর্শকদের মনোরঞ্জনে ঘাটতি হয়নি। যার শেষটা হয় ঘরের ছেলে রিয়ান পরাগের নেতৃত্বাধীন রাজস্থান রয়্যালসের জয়ের হ্যাটট্রিকে। তারা ২৭ রানে হারিয়েছে মুম্বই ইন্ডিয়ান্সকে।

গত কয়েকদিন ধরে ক্রিকেটবিশ্বের চোখ ছিল জসপ্রীত বুমরাহ ও বৈভব সূর্যবংশীর দ্বৈরথে। বর্ষাপাড়ায় বুমরাহর (৩২/০) খেলা প্রথম বলটাই বৈভব মিড অনের ওপর দিয়ে বাউন্ডারির বাইরে ফেলেন। সেই ওভারেই দেশের এক নম্বর বোলারকে আরও একটা ছক্কা হাঁকান বছর পনেরোর বৈভব। পরের ওভারে ট্রেন্ট বোল্টের প্রথম বলটাতেও তিনি ওভার বাউন্ডারি মারেন। সব মিলিয়ে ৫টি ছক্কা ও এক বাউন্ডারিতে ১৪ বলে ৩৯ রানে থামেন বৈভব। ভাগ্য সঙ্গে থাকলে শার্দূল ঠাকুরকে মারা তাঁর জোরাল ফ্ল্যাট শটও তিলক ভার্মার তালুবন্দি না হয়ে বাউন্ডারি হয়। বৈভবের ওপেনিং পার্টনার যশস্বী জয়সওয়াল অবশ্য কোনও আক্ষেপ রাখেননি। প্রথম ওভারে তিন বাউন্ডারি ও এক ছক্কায় ২২ রান নেওয়ার পর সেই টেম্পোটাই গোটা ইনিংসে বজায় রাখেন। ২৩ বলে অর্ধশতরানের গণ্ডি পেরোনোর পর ৩২ বলে ৭৭ রানে অপরাজিত থাকেন যশস্বী। যার হাত ধরে রাজস্থান শেষ করে ১৫০/৩ স্কোরে। রিয়ান পরাগ ১০ বলে ২০ রান করেন।

ওভার প্রতি প্রায় ১৪ রানের চাপ মুম্বইয়ের পাওয়ার প্যাকড ব্যাটিং নিতে পারেনি। নিয়ম করে প্রায় প্রতি ওভারেই উইকেট হারিয়ে তারা থেমে যায় ৯ উইকেটে ১২৩ রানে। রোহিত শর্মা (৫), সূর্যকুমার যাদব (৬), তিলক (১৪), হার্দিক পান্ডিয়ারা (৯) সকলেই ব্যর্থর দলে। কুড়ির গণ্ডি পেরোতে পেরেছেন শুধু নমন ধীর (২৫) ও শেরফানে রাদারফোর্ড (২৫)।

# আবারও অ্যাটলেটিকো বধে চোখ বার্সেলোনার



অ্যাটলেটিকো মাদ্রিদ ম্যাচের প্রস্তুতিতে বার্সেলোনার লামিনে ইয়ামাল।

**বার্সেলোনা, ৭ এপ্রিল :** গত শনিবার মেট্রোপলিটানোয় লা লিগার ম্যাচে অ্যাটলেটিকো মাদ্রিদের বিরুদ্ধে বার্সেলোনার জয়ের স্মৃতি এখনও তাজা। সেদিন ম্যাচ শেষে চ্যাম্পিয়ন্স লিগের মঞ্চে বদলা নেওয়ার হুংকার ভেসে এসেছিল অ্যাটলেটিকো শিবির থেকে।

মাঝে ব্যবধান মাত্র তিনদিনের। বুধবার চ্যাম্পিয়ন্স লিগে প্রথম লেগের কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হচ্ছে বার্সা-অ্যাটলেটিকো। ঘরের মাঠে নামার আগে বার্সা কোচ হ্যান্সি ফ্লিকের স্পষ্ট বার্তা, 'আমাদের কী করতে হবে শুধুমাত্র সেদিকেই মনোযোগ দেওয়া দরকার। এর বাইরে কোনও বিষয় নিয়ে ভাবতে চাই না আমি।' অর্থাৎ লা লিগার মঞ্চে জয় তাঁর কাছে এখন অতীত। সেকথাটা মনে করিয়ে দিচ্ছেন দলের বাকি সদস্যদেরও।

ফিরতি লেগ খেলতে হবে অ্যাটলেটিকোর মাঠে। এর আগে কোপা ডেল রে-র প্রথম লেগ সেমিফাইনালে মাদ্রিদের ক্লাবটির কাছে ওই মাঠেই ৪-০ গোলে হার হজম করতে হয়েছিল বার্সেলোনাকে। ঘরের মাঠে ফিরতি লেগ ৩-০ ব্যবধানে জিতেও লাভ হয়নি। তাই এবার প্রথম লেগে ঘরের মাঠে ফ্লিকের দলের লক্ষ্য থাকবে ব্যবধান বাড়িয়ে রাখা। বার্সা কোচ জানালেন, এই ম্যাচে জয়ের চাবিকাঠি রয়েছে তাদের ফুটবল দর্শনে। ফ্লিক বলেছেন, 'প্রতিপক্ষের ওপর চাপ তৈরি করতে হবে শুরু থেকেই। মনোযোগী থাকতে হবে আমাদের।' তাঁর মতে, দল স্বাভাবিক ফুটবল খেলতে না পারলে সমস্যায় পড়বে। তিনি খুব ভালোভাবেই জানেন দিয়েগো সিমিওনের দলের রক্ষণাত্মক ও প্রতিআক্রমণ নির্ভর ফুটবল থামাতে বলের নিয়ন্ত্রণ রেখে খেলাই সবচেয়ে বড় অস্ত্র হতে পারে বার্সেলোনার জন্য।

বুধবার রাতে প্রথম লেগের অন্য কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হবে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন প্যারিস সাঁ জাঁ ও লিভারপুল। ম্যাচের আগে লিভারপুল কোচ আর্নে স্লটের স্পষ্ট বক্তব্য, প্যারিসের মাটিতে পিএসজি-র বিরুদ্ধে লড়াইটা খুব সহজ হবে না। ফুটবলাররাও ম্যাচটাকে বড় চ্যালেঞ্জ হিসেবেই দেখছে।

অন্যদিকে, ছন্দে থাকা পিএসজি বেশ ফুরফুরে মেজাজে রয়েছে। ঘরোয়া লিগের পারফরমেন্স নিঃসন্দেহে স্বস্তি দেবে পিএসজি কোচ লুইস এনরিকেকে।

**চ্যাম্পিয়ন্স লিগে আজ**

**বার্সেলোনা** বনাম **অ্যাটলেটিকো মাদ্রিদ**

**প্যারিস সাঁ জাঁ** বনাম **লিভারপুল**

**সময় :** রাত ১২.৩০ মিনিট
**সম্প্রচার :** সোনি স্পোর্টস নেটওয়ার্ক ও সোনি লিভ অ্যাপ



লিভারপুলের পরীক্ষা নিতে তৈরি হচ্ছেন পিএসজি-র ওসমানে ডেম্বেলে।

# সেমিতে তরুণ

**বীরপাড়া, ৭ এপ্রিল :** জুবিলি ক্লাবের টি২০ ক্রিকেটে সেমিফাইনালে উঠল শিলিগুড়ির তরুণ তীর্থ। মঙ্গলবার তারা ৬ উইকেটে জলপাইগুড়ির বর্ধন প্রাঙ্গণকে হারিয়েছে। প্রথমে বর্ধন ১০.৩ ওভারে ৯৩ রানে সব উইকেট হারায়। ম্যাচের সেরা রোহিত দাস নেন ৩ উইকেট। জবাবে তরুণ তীর্থ ১৩ ওভারে ৪ উইকেটে ৯৪ রান তুলে নেয়। রাহুল কুণ্ডু ৩৪ রান করেন।

ঁনারায়ণ চন্দ্র আচার্য
ষষ্ঠ প্রয়াণ
দিবস স্মরণে
৮ই এপ্রিল, ২০২০



বাবা,
"নয়ন ছেড়ে গেলে চলে
এলে সকল মাঝে
তোমায় আমি হারাই যদি
তুমি হারাও না যে।'
বাবা/দাদু আবার এসো।"
মেয়েরা ও নাতিরা

### মাঝপথে মাঠ ছাড়লেন ইউসেফ

# অনুশীলনে আনোয়ার, রশিদ রিহ্যাবে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ এপ্রিল :** মঙ্গলবার ইস্টবেঙ্গলের অনুশীলন তখন মাঝপথে। তারই মধ্যে হন্তদন্ত হয়ে সাজঘরে ফিরলেন ইউসেফ এজেজ্জারি। খুব বেশি সময় নষ্ট করলেন না। অল্প সময়ের মধ্যেই যুবভারতী ক্রীড়াঙ্গন ছাড়তে দেখা গেল তাঁকে। সঙ্গী দলেরই এক সাপোর্ট স্টাফ।

বুঝতে অসুবিধা হওয়ার কথা নয়, জরুরি কাজেই অনুশীলনের মাঝপথে মাঠ ছাড়লেন ইউসেফ। খোঁজ নিয়ে জানা গেল, কারণটা ব্যক্তিগত। সোমবার থেকে কলকাতারই এক বেসরকারি হাসপাতালে ভর্তি রয়েছেন ইউসেফের স্ত্রী। সেখান থেকে ফোন আসতেই তড়িঘড়ি কোচ অস্কার ব্রুজোঁকে সেকথা জানান তিনি। অস্কারের অনুমতি মিলতেই তৎক্ষণাৎ হাসপাতালের উদ্দেশে রওনা হন লাল-হলুদের এই বিদেশি স্ট্রাইকার।

এদিকে, এদিন মাঠে এলেও অনুশীলন করলেন না মহম্মদ বসিম রশিদ। প্রাথমিকভাবে যতটা মনে করা হয়েছিল তাঁর চোট ততটাও গুরুতর নয়। তাঁকে দ্রুত মাঠে ফেরাতে বদ্ধপরিকর লাল-হলুদ টিম ম্যানেজমেন্ট। তবে চেন্নাইয়ান এফসি ম্যাচে রশিদের খেলার সম্ভাবনা নেই বললেই চলে। এদিন সাইডলাইনে বেশ কিছুক্ষণ রিহ্যাব করতে দেখা গেল তাঁকে। তবে আনোয়ার আলি প্রত্যাশামতো পুরোদমে মূল দলের সঙ্গেই অনুশীলন করলেন। জুটি বাঁধলেন কেভিন সিবিল্লের সঙ্গে। চেন্নাইয়ান ম্যাচে রক্ষণে আনোয়ার-কেভিন জুটিই হয়তো শুরু করবে। সেক্ষেত্রে রশিদের বিকল্প হতে পারেন জিকসন সিং। এদিনের অনুশীলনে দুই দলে ভাগ করে ম্যাচ খেলানোর সময় তেমনই ইঙ্গিত মিলল।



ম্যাচের সেরার ট্রফি নিচ্ছে মোদি পাবলিক স্কুলের রুদ্রবীর সিং। মঙ্গলবার।

# চ্যালেঞ্জার্স কাপ ক্রিকেট শুরু

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ এপ্রিল :** এসআইটি চ্যালেঞ্জার্স কাপ ক্রিকেট মঙ্গলবার শুরু হল। উদ্বোধনী ম্যাচে মোদি পাবলিক স্কুল ৭১ রানে সেন্ট জোসেফস স্কুলকে হারিয়েছে। প্রথমে মোদি পাবলিক স্কুল ২০ ওভারে ১৬৪ রান তোলে। ম্যাচের সেরা রুদ্রবীর সিং ৬০ রান করে। জবাবে সেন্ট জোসেফস ৯৩ রানে গুটিয়ে যায়।

অন্য ম্যাচে টেকনো ইন্ডিয়া গ্রুপ পাবলিক স্কুল ৭ উইকেটে বিড়লা দিব্য জ্যোতি স্কুলের বিরুদ্ধে জয় পায়। প্রথমে দিব্য জ্যোতি ১১৫ রানে অল আউট হয়। জবাবে টেকনো ৩ উইকেটে ১১৬ রান তুলে নেয়। ম্যাচের সেরা টেকনোর রত্নদীপ সরকার।

# চোট-বিতর্কে বিদ্ধ নাসিম

**লাহোর, ৭ এপ্রিল :** এক রাজনীতিককে নিয়ে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে ২ কোটি টাকার জরিমানার রেশ কাটতে না কাটতেই ফের পাকিস্তান ক্রিকেট বোর্ডের রোষানলে নাসিম শা। এবার পেশির চোটের কারণে পিএসএল থেকে ছিটকে গেলেন এই পাক পেসার। তাঁর এই ঘনঘন চোট এবং মাঠের বাইরের উচ্ছৃঙ্খল আচরণে চরম ক্ষুব্ধ বোর্ড। বিজ্ঞাপনে অতিরিক্ত মনোযোগ দেওয়ায় তাঁর কেরিয়ার ডুবছে বলে মনে করছেন নির্বাচকরা। সেন্ট্রাল কন্ট্রাক্টে ইতিমধ্যেই 'সি' ক্যাটিগোরিতে নেমে যাওয়া নাসিমকে আপাতত পিসিবি-র মেডিকেল প্যানেলের কড়া নজরদারিতে রিহ্যাবে থাকতে হবে।

# প্রীতি ম্যাচে অনূর্ধ্ব-১৭ দল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ এপ্রিল :** থাইল্যান্ডে গিয়ে সংযুক্ত আরব আমিরশাহির সঙ্গে এই মাসেই দুটি প্রীতি ম্যাচ খেলবে ভারতীয় অনূর্ধ্ব-১৭ ছেলেদের দল। সেখানে মেয়েদের দল খেলবে তিনটি প্রীতি ম্যাচ। তারা খেলবে সোচিতে রাশিয়ার বিপক্ষে। মেয়েদের খেলার তারিখ যথাক্রমে ১১, ১৪ ও ১৭ এপ্রিল। সোমবার রাতেই মহিলা দল সোচি পৌঁছে যায়। প্রসঙ্গত এই দলটি চিনের সুজহৌতে আগামী মাসে এশিয়ান কাপে অংশ নিতে চলেছে।

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন নদীয়া-এর এক বাসিন্দা



পশ্চিমবঙ্গ, নদীয়া - এর একজন

বাসিন্দা সুমন ঘোষ - কে 13.01.2026 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 84J 11542 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "আমি কয়েকটি ছোট পুরস্কার জেতার আশায় ডিয়ার লটারির টিকিট কিনেছিলাম, কিন্তু আশ্চর্যজনকভাবে আমি প্রথম পুরস্কার হিসেবে এক কোটি টাকা জিতেছি যা আমাকে এবং আমার পরিবারের সদস্যদের অনেক আনন্দ দিয়েছে। ডিয়ার লটারিকে আমাদের আন্তরিক ধন্যবাদ।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।